

এগ্রি লাস্ট ভিউ

সাজেশন



আমাদের চলমান কোর্স মনুহ:
“প্রত্যাবর্তন ৩.০”

Connect with us on Social Media



Physics Hunters



Md Sumon Hossen



BANGLADESH
2.0

AGRI LAST VIEW

আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম ভর্তি পরীক্ষা: ২০২৩-২৪

পদার্থবিজ্ঞান প্রথম পত্র

ভৌত জগৎ ও পরিমাপ

01. ভর, দৈর্ঘ্য, সময়, তাপমাত্রা, তড়িৎ প্রবাহ, দীপন তীব্রতা ও পদার্থের পরিমাণ এগুলো কোন রাশি?

উত্তর: মৌলিক রাশি।

02. তড়িৎ প্রবাহ, চাপ, জড়তার ভ্রামক এগুলো কোন রাশি? উত্তর: স্কেলার রাশি।

03. ত্রিমাত্রিক কোণ/ঘন কোণের এস.আই (SI) একক— উত্তর: স্টেরেডিয়ান।

04. $\mu_0\epsilon_0$ এর একক— উত্তর: $(\text{ms}^{-1})^{-2}$ **Hint:** $c = \frac{1}{\sqrt{\mu_0\epsilon_0}} \Rightarrow \mu_0\epsilon_0 = \frac{1}{c^2} = \frac{1}{(\text{ms}^{-1})^2} = (\text{ms}^{-1})^{-2}$

05. $\frac{1}{\sqrt{\mu_0\epsilon_0}}$ এর একক— উত্তর: ms^{-1}

06. আলোক বর্ষ (Light Year) কীসের একক? উত্তর: দূরত্ব।

07. এক আলোক বর্ষ (Light Year) সমান কত কি.মি? উত্তর: 9.46×10^{12} km

08. শূন্য মাধ্যমে আলোর বেগ কত? উত্তর: $3 \times 10^8 \text{ ms}^{-1}$ **Hint:** $c = \frac{1}{\sqrt{\mu_0\epsilon_0}} = 3 \times 10^8 \text{ ms}^{-1}$

09. 1 ক্যালরি = কত জুল? উত্তর: 4.2 J

10. 1 ন্যানো মিটার = কত মিটার? উত্তর: 10^{-9} মিটার

11. $1 \text{ \AA} =$ কত m? উত্তর: 10^{-10} m

12. ভরবেগের মাত্রা— উত্তর: $[\text{MLT}^{-1}]$ **Hint:** $p = mv = [\text{M} \times \text{LT}^{-1}] = [\text{MLT}^{-1}]$

13. ত্বরণের মাত্রা— উত্তর: $[\text{LT}^{-2}]$ **Hint:** $a = \frac{v-u}{t} = \frac{[\text{LT}^{-1}]}{[\text{T}]} = [\text{LT}^{-2}]$

14. বলের মাত্রা— উত্তর: $[\text{MLT}^{-2}]$ **Hint:** $F = ma = [\text{M} \times \text{LT}^{-2}] = [\text{MLT}^{-2}]$

15. কাজ/শক্তির মাত্রা— উত্তর: $[\text{ML}^2\text{T}^{-2}]$ **Hint:** $W = mas = [\text{M} \times \text{LT}^{-2} \times \text{L}] = [\text{ML}^2\text{T}^{-2}]$

16. ক্ষমতার মাত্রা— উত্তর: $[\text{ML}^2\text{T}^{-3}]$ **Hint:** $P = \frac{W}{t} = \frac{[\text{ML}^2\text{T}^{-2}]}{[\text{T}]} = [\text{ML}^2\text{T}^{-3}]$

17. কৌণিক বেগের মাত্রা— উত্তর: $[\text{T}^{-1}]$ **Hint:** $\omega = \frac{v}{r} = \frac{[\text{LT}^{-1}]}{[\text{L}]} = [\text{T}^{-1}]$

18. মহাকর্ষীয় ধ্রুবকের মাত্রা— উত্তর: $[\text{M}^{-1}\text{L}^3\text{T}^{-2}]$

Hint: $g = \frac{GM}{R^2} \Rightarrow G = \frac{gR^2}{M} = \frac{[\text{LT}^{-2} \times \text{L}^2]}{[\text{M}]} = [\text{M}^{-1}\text{L}^3\text{T}^{-2}]$

19. চাপ/পীড়ন এর মাত্রা— উত্তর: $[\text{ML}^{-1}\text{T}^{-2}]$ **Hint:** $P = \frac{F}{A} = \frac{[\text{MLT}^{-2}]}{[\text{L}^2]} = [\text{ML}^{-1}\text{T}^{-2}]$

20. বিকৃতির মাত্রা— উত্তর: নেই। **Hint:** বিকৃতির কোনো মাত্রা বা একক নেই।

21. সাদ্রতা গুণাংকের মাত্রা— উত্তর: $[ML^{-1}T^{-1}]$

Hint: $F = 6\pi\eta r v \Rightarrow \eta = \frac{F}{6\pi r v} = \frac{[MLT^{-2}]}{[L \times LT^{-1}]} = [ML^{-1}T^{-1}]$

22. একটি গোলকের ব্যাসার্ধ পরিমাপে 2% ভুল করলে, ঐ গোলকের আয়তনে শতকরা কত ভুল হবে?

উত্তর: 6%

Hint: $V = \frac{4}{3}\pi R^3 \therefore \frac{\Delta V}{V} \times 100\% = 3 \frac{\Delta R}{R} \times 100\% = 3 \times 2\% = 6\%$

23. সরল দোলকের কার্যকর দৈর্ঘ্য L এবং পর্যায়কাল T পরিমাপে ত্রুটি যথাক্রমে 1% ও 2%। এই দোলকের সাহায্যে অভিকর্ষজ ত্বরণ g নির্ণয়ে ত্রুটির পরিমাণ কত? উত্তর: 5%

Hint: $T = 2\pi \sqrt{\frac{L}{g}} = g = \frac{4\pi^2 L}{T^2}$

$\therefore \frac{\Delta g}{g} \times 100\% = \left(\frac{\Delta L}{L} + 2 \frac{\Delta T}{T}\right) \times 100\% = 1\% + (2 \times 2)\% = 5\%$

24. কোন বস্তুর ভর $100 \text{ kg} \pm 2\%$ এবং আয়তন $10 \text{ m}^3 \pm 3\%$ হলে ঐ বস্তুর ঘনত্বের শতকরা ত্রুটি কত হবে? উত্তর: 5% **Hint:** $\rho = \frac{m}{V} \therefore \frac{\Delta \rho}{\rho} \times 100\% = \left(\frac{\Delta m}{m} + \frac{\Delta V}{V}\right) \times 100\% = 2\% + 3\% = 5\%$

25. একটি ক্ষু গজ এর বৃত্তাকার স্কেল সম্পূর্ণ এক পাক ঘুরলে রৈখিক স্কেল বরাবর 0.5 mm দৈর্ঘ্য অতিক্রম করে। বৃত্তাকার স্কেলের ভাগ সংখ্যা 50 হলে, ক্ষু গজের লঘিষ্ঠ গণন কত? উত্তর: 0.01 mm

ভেক্টর

01. মান শূন্য নয় এ রকম একটি ভেক্টরকে তার মান দিয়ে ভাগ করলে কী পাওয়া যায়? উত্তর: একক ভেক্টর।

02. কোন এক বিন্দুতে একই সময়ে 10 N ও 6 N মানের দুটি ভেক্টর 60° কোণে ক্রিয়া করলে ভেক্টর দুটির লব্ধির মান কত হবে? উত্তর: 14 N **Hint:** $R = \sqrt{P^2 + Q^2 + 2PQ \cos \alpha}$

03. দুটি সমমানের ভেক্টর একটি বিন্দুতে ক্রিয়াশীল। এদের লব্ধির মান যেকোন একটি ভেক্টরের মানের সমান। ভেক্টর দুটির মধ্যবর্তী কোণ কত? উত্তর: 120° **Hint:** $R = 2p \cos \frac{\alpha}{2}$

04. দুটি ভেক্টর রাশির প্রত্যেকটির মান 10 একক। উহারা একই বিন্দুতে পরস্পর 120° কোণে ক্রিয়া করলে লব্ধির মান ও দিক যথাক্রমে হবে— উত্তর: 10 একক ও 60°

05. দুটি বলের লব্ধির মান 40 N। বল দুটির মধ্যে ছোট বলটির মান 30 N এবং এটি লব্ধি বলের লম্ব বরাবর ক্রিয়া করে। বড় বলটির মান কত? উত্তর: 50 N **Hint:** $R = \sqrt{40^2 + 30^2}$

06. ত্রিমাত্রিক স্থানাঙ্ক ব্যবস্থায় একটি ভেক্টরের আদি বিন্দুর স্থানাঙ্ক (5, 4, 3) এবং শেষ বিন্দুর স্থানাঙ্ক (8, 6, 5)। ভেক্টরটির মান কত? উত্তর: $\sqrt{17}$ **Hint:** $r = \sqrt{(8-5)^2 + (6-4)^2 + (5-3)^2}$

07. XY সমতলে $6\hat{i} + 8\hat{j} - 5\hat{k}$ ভেক্টরটির দৈর্ঘ্য কত একক? উত্তর: 10 একক। **Hint:** $\sqrt{6^2 + 8^2}$

08. যদি $|\vec{A} + \vec{B}| = |\vec{A} - \vec{B}|$ হয় তখন \vec{A} এবং \vec{B} এর মধ্যবর্তী কোণ— উত্তর: $\frac{\pi}{2}$

09. যদি $|\vec{A} \cdot \vec{B}| = |\vec{A} \times \vec{B}|$ হয় তখন \vec{A} এবং \vec{B} এর মধ্যবর্তী কোণ— উত্তর: $\frac{\pi}{4}$

10. যদি $\vec{A} = -\vec{B}$ হয়, তবে $\vec{A} \times \vec{B}$ এর মান কত? উত্তর: 0
11. দুটি ভেক্টরের স্কেলার গুণফল 15 একক। এদের ভেক্টর গুণফলের মান $5\sqrt{3}$ একক। ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ কত? উত্তর: 30° Hint: $\theta = \tan^{-1}\left(\frac{\times}{\cdot}\right) = \tan^{-1}\left(\frac{5\sqrt{3}}{15}\right) = 30^\circ$
12. যদি \vec{A}, \vec{B} ও \vec{C} তিনটি ভেক্টর রাশি (Vector quantity) এবং $\vec{C} = \vec{A} \times \vec{B}$ হয় তাহলে \vec{C} এর দিক হবে— উত্তর: \vec{A} এবং \vec{B} এর লম্বদিকে।
13. $\hat{j} + 2\hat{k}$ ভেক্টরটি x-অক্ষের সাথে কত কোণ উৎপন্ন করে? উত্তর: 90°
Hint: $\theta_x = \cos^{-1}\left(\frac{x}{\sqrt{x^2+y^2+z^2}}\right) = \cos^{-1}\left(\frac{0}{\sqrt{0^2+1^2+2^2}}\right) = 90^\circ$
14. $\hat{i} - \hat{j}$ ও $\hat{j} - \hat{k}$ এদের মধ্যবর্তী কোণ— উত্তর: 120°
15. a এর কোন মানের জন্য ভেক্টর $2\hat{i} + a\hat{j} - \hat{k}$ এবং ভেক্টর $4\hat{i} - 2\hat{j} - 2\hat{k}$ পরস্পর লম্ব হবে? উত্তর: 5
16. যদি $2\hat{i} + 3\hat{j} + \hat{k}$ ও $-4\hat{i} - 6\hat{j} - a\hat{k}$ ভেক্টর পরস্পর সমান্তরাল হয়, তাহলে a এর মান কত হবে? উত্তর: 2 Hint: $\frac{2}{-4} = \frac{3}{-6} = \frac{1}{-a}$
17. সামান্তরিকের দুটি সম্মিহিত বাহু $\vec{P} = 4\hat{i} - 4\hat{j} + \hat{k}$ এবং $\vec{Q} = 2\hat{i} - 2\hat{j} - \hat{k}$ হলে এর ক্ষেত্রফল কত? উত্তর: 8.5 বর্গ একক। Hint: $|\vec{P} \times \vec{Q}|$
18. একটি সামান্তরিকের কর্ণ দুইটি যথাক্রমে $\vec{P} = 3\hat{i} - \hat{j} + 2\hat{k}$ ও $\vec{Q} = \hat{i} - 2\hat{j} + 4\hat{k}$ হলে, সামান্তরিকের ক্ষেত্রফল কত? উত্তর: $\frac{5\sqrt{5}}{2}$ বর্গ একক। Hint: $\frac{1}{2} |\vec{P} \times \vec{Q}|$
19. \vec{A}, \vec{B} এবং \vec{C} ভেক্টর তিনটি একই তলে হওয়ার শর্ত কোনটি? উত্তর: $\vec{A} \cdot (\vec{B} \times \vec{C}) = 0$
20. নৌকার বেগ স্রোতের বেগের দ্বিগুণ হলে নৌকাটিকে স্রোতের দিকের সাথে কত কোণে চালালে সোজা অপর পারে পৌঁছাবে? উত্তর: 120° Hint: $\theta = \cos^{-1}\left(-\frac{v_{\text{stream}}}{v_{\text{boat}}}\right) = \cos^{-1}\left(-\frac{1}{2}\right) = 120^\circ$
21. কোনো একটি নদীতে একটি নৌকা স্রোতের অনুকূলে ঘণ্টায় 9 মাইল এবং প্রতিকূলে ঘণ্টায় 3 মাইল চলে। নৌকাটিকে কোন দিকে চালালে সোজা অপর পারে পৌঁছাবে? উত্তর: 120°
Hint: $\theta = \cos^{-1}\left(-\frac{v_{\text{stream}}}{v_{\text{boat}}}\right) = \cos^{-1}\left(-\frac{9-3}{9+3}\right) = \cos^{-1}\left(-\frac{1}{2}\right) = 120^\circ$
22. ক্রিয়া প্রতিক্রিয়ার মধ্যে কোণ কত? উত্তর: 180°
23. ভেক্টর বিভাজনের দৃষ্টান্ত— উত্তর: গুনটানা নৌকা।
24. একটি লোক 6 ms^{-1} বেগে দৌড়াচ্ছে। 6 ms^{-1} বেগে পড়ন্ত বৃষ্টি হতে রক্ষা পেতে কত কোণে ছাতা ধরতে হবে? উত্তর: 45°
Hint: $\theta = \tan^{-1}\left(\frac{v_m}{v_r}\right) = \tan^{-1}\left(\frac{6}{6}\right) = 45^\circ$ [উলম্বের সাথে]
25. যদি $\vec{r} = x\hat{i} + y\hat{j} + z\hat{k}$ হয়, তবে $\vec{\nabla} \cdot \vec{r}$ কত? উত্তর: 3
26. সলিনয়ডাল হওয়ার শর্ত— উত্তর: $\vec{\nabla} \cdot \vec{V} = 0$
27. অঘূর্ণনশীল/সংরক্ষণশীল হওয়ার শর্ত— উত্তর: $\vec{\nabla} \times \vec{V} = 0$

নিউটনিয়ান বলবিদ্যা

01. একটি পাখা প্রতি মিনিটে 30 বার ঘুরছে। এর কৌণিক বেগ কত? উত্তর: $\pi \text{ rads}^{-1}$ **Hint:** $\omega = \frac{2\pi}{T}$
02. একটি ঘড়ির সেকেন্ড, মিনিট এবং ঘণ্টার কাঁটার কৌণিক বেগের অনুপাত- উত্তর: 720 : 12 : 1
03. একটি কণা 2 m ব্যাসার্ধের বৃত্তাকার পথে প্রতি মিনিটে 30 বার আবর্তন করে, এর রৈখিক বেগ কত? উত্তর: $2\pi \text{ ms}^{-1}$ **Hint:** $v = \omega r = \frac{2\pi N}{t} \times r$
04. 5 kg ভরের একটি রাইফেল থেকে 20 g ভরের একটি বুলেট 1000 ms^{-1} গতিতে ছুটে যায়। পিছন থেকে রাইফেলের ধাক্কার বেগ কত? উত্তর: 4 ms^{-1} **Hint:** $MV = -mv$
05. 90 কেজি ভরের একটি গাড়ি 10 ms^{-1} বেগে বিপরীত দিক থেকে আসা 30 কেজি ভরের আরেকটি গাড়িকে ধাক্কা দেয়। সংঘর্ষের পর গাড়ি দুটি খেমে গেলে দ্বিতীয় গাড়িটির গতিবেগ কত ছিল? উত্তর: 30 ms^{-1} **Hint:** $m_1 u_1 - m_2 u_2 = 0$
06. সাম্যাবস্থায় থাকা একটি বস্তু বিস্ফোরিত হয়ে M_1 ও M_2 ভরের দুটি বস্তুতে ভাগ হলো। ভর দুটি একে অপরের থেকে যথাক্রমে V_1 ও V_2 বেগে দূরে সরতে লাগল। $\frac{V_1}{V_2}$ অনুপাতটি হবে- উত্তর: $\frac{V_1}{V_2} = \frac{M_2}{M_1}$
07. ঘূর্ণায়মান কোনো কণার ব্যাসার্ধ ভেক্টর এবং কণার উপর প্রযুক্ত বলের ভেক্টর গুণফলকে বলা হয়- উত্তর: টর্ক। **Hint:** $\vec{L} = \vec{r} \times \vec{p}$
08. টর্ক (τ), জড়তার ভ্রামক (I) এবং কৌণিক ত্বরণ (α) হলে এদের মধ্যে সম্পর্ক? উত্তর: $\tau = I\alpha$
09. টর্কের মাত্রা- উত্তর: $[ML^2T^{-2}]$ **Hint:** $\tau = rF = [L \times MLT^{-2}] = [ML^2T^{-2}]$
10. কৌণিক ভরবেগের মাত্রা হল- উত্তর: $[ML^2T^{-1}]$ **Hint:** $L = rp = [L \times MLT^{-1}] = [ML^2T^{-1}]$
11. কোন কৌণিক ভরবেগ (L), জড়তার ভ্রামক (I) ও কৌণিক বেগ (ω) হলে এদের মধ্যে সম্পর্ক- উত্তর: $L = I\omega$
12. একটি বৈদ্যুতিক পাখা প্রতি মিনিটে 600 বার ঘুরে। সুইচ বন্ধ করার পর 1000 পাক ঘুরে পাখাটি বন্ধ হলে থামতে কত সময় লাগবে? উত্তর: 200 s **Hint:** $\frac{t'}{N'} = 2 \times \frac{t}{N} \Rightarrow \frac{t'}{1000} = 2 \times \frac{60}{600} \Rightarrow t' = 200 \text{ s}$
13. একটি কাঠের খণ্ডকে অনুভূমিকের সাথে 60° কোণে 200 N বল দ্বারা টানা হচ্ছে। বস্তুটির উপর আনুভূমিকের দিকে কার্যকরী বল কত? উত্তর: 100 N **Hint:** $F_{\text{effective}} = 200 \cos 60^\circ$
14. কত মানের একটি বল 20 kg ভরের একটি বস্তুর উপর 4 sec ক্রিয়া করলে বেগের পরিবর্তন 40 ms^{-1} হবে? উত্তর: 200 N **Hint:** $F = ma = m \left(\frac{v-u}{t} \right) = \frac{m\Delta v}{t}$
15. 30 kg ভরের একটি বস্তুর বেগ 2 মিনিটে বৃদ্ধি করে 36 kmhr^{-1} -এ উন্নীত করার জন্য বস্তুটির উপর কত বল প্রয়োগ করতে হবে? উত্তর: 2.5 N **Hint:** $F = ma = m \left(\frac{v-u}{t} \right)$
16. 100 N বল 25 kg ভরের একটি বস্তুর উপর 5 s ক্রিয়া করে। বেগের মান কত? উত্তর: 20 ms^{-1}

17. 5 টনের একটি ট্রাক ঘণ্টায় 36 km বেগে চলছে। এটি 4 m দূরত্বে থামাতে কত বলের প্রয়োজন হবে?
উত্তর: 62.5 kN **Hint:** $F = ma = m \times \frac{v^2}{2s}$; 1 টন = 1000 kg; $1 \text{ kmhr}^{-1} = \frac{1}{3.6} \text{ ms}^{-1}$
18. ঘাতবলের বৈশিষ্ট্য— উত্তর: বলের মান অনেক বড়।
19. বলের ঘাতের মাত্রা কী? উত্তর: $[\text{MLT}^{-1}]$
20. 5 kg ভরের একটি বস্তু 1.2 ms^{-1} বেগে একটি দেয়ালে লম্বভাবে ধাক্কা খেয়ে 0.8 ms^{-1} বেগে বিপরীত দিকে ফিরে আসলে বলের ঘাত কত Ns হবে? উত্তর: 10 Ns **Hint:** $J = Ft = m(v - u)$
21. একটি 10 N বল একটি বস্তুর উপর 5 s ক্রিয়া করে। বস্তুটির ভরবেগের পরিবর্তন হলো—
উত্তর: 50 kgms^{-1} **Hint:** $J = Ft = m(v - u) = m\Delta v = \Delta p$
22. 15 ms^{-1} বেগে চলমান 160 g ভরের একটি বলকে তুমি ব্যাট দিয়ে আঘাত করলে, বলটি 25 ms^{-1} বেগে ফিরে গেল। ব্যাট-বল সংঘর্ষের স্থায়িত্বকাল 10_{ms} হলে তুমি গড়ে কত N বল দিয়ে আঘাত করেছ?
উত্তর: 640 N **Hint:** $F = ma = m \left(\frac{v-u}{t} \right)$
23. গাছ থেকে 2 kg ওজনের একটি নারিকেল সোজা নিচের দিকে পড়ছে। যদি বাতাসের বাধা 8.6 N হয়, তাহলে নারিকেলটির ত্বরণ কত? উত্তর: 5.5 ms^{-2} **Hint:** $\Sigma F = ma \Rightarrow mg - f_k = ma$
24. 10 kg ভরের একটি বস্তুকে 50 N আনুভূমিক বলে একটি তলের উপর দিয়ে নেয়া হচ্ছে। বস্তুটির চলন্ত অবস্থায় ঘর্ষণ সহগ 0.50। বস্তুটির ত্বরণ কত? উত্তর: 0.1 ms^{-2}
Hint: $\Sigma F = ma \Rightarrow F - f_k = ma \Rightarrow F - \mu_k R = ma \Rightarrow F - \mu_k mg = ma$
25. একটি কাঠের তক্তার উপর অবস্থিত একটি ইটের নিশ্চল কোণ 30° । ইট ও তক্তার মধ্যকার স্থিতি ঘর্ষণ গুণাঙ্ক কত? উত্তর: $\frac{1}{\sqrt{3}}$ **Hint:** $\mu_s = \tan \theta = \tan 30^\circ = \frac{1}{\sqrt{3}}$
26. 100 kg ভরের একটি লিফট 1.8 ms^{-2} ত্বরণে নিচে নামছে। লিফটটির মধ্যে দাঁড়ানো 60 kg ভরের একজন ব্যক্তি কত বল অনুভব করবে? উত্তর: 480 N
Hint: $\Sigma F = ma \Rightarrow mg - R = ma \Rightarrow R = m(g - a)$
27. বলের ভ্রামকের একক ও মাত্রা যথাক্রমে— উত্তর: Nm ও $[\text{ML}^2\text{T}^{-2}]$
Hint: বলের ভ্রামক বা মোমেন্ট = বল \times লম্ব দূরত্ব।
28. জড়তা পরিমাপের একক কী? উত্তর: kg
29. জড়তার ভ্রামকের একক— উত্তর: kgm^2 **Hint:** $I = mr^2$
30. জড়তার ভ্রামকের মাত্রা সমীকরণ— উত্তর: $[\text{ML}^2]$ **Hint:** $I = mr^2$
31. একটি চাকার ভর 5 kg এবং চক্রগতির ব্যাসার্ধ 0.5 m হলে তার জড়তার ভ্রামক কত?
উত্তর: 1.25 kgm^2
32. একটি নিরেট সিলিন্ডারের ভর M এবং ব্যাসার্ধ R। জ্যামিতিক অক্ষের সাপেক্ষে এর জড়তার ভ্রামক কত?
উত্তর: $\frac{1}{2} MR^2$

Related Information:

বস্তু	জড়তার ভ্রামক (I)
লাঠি (প্রান্ত বিন্দুগামী অক্ষের সাপেক্ষে)	$\frac{ml^2}{3}$
লাঠি (ভরকেন্দ্রগামী অক্ষের সাপেক্ষে)	$\frac{ml^2}{12}$
রিং	mr^2
চাকতি	$\frac{mr^2}{2}$
ফাঁপা সিলিন্ডার	mr^2
নিরেট সিলিন্ডার	$\frac{mr^2}{2}$
নিরেট গোলক	$\frac{2}{5}mr^2$
ফাঁপা গোলক	$\frac{2}{3}mr^2$

33. m এবং $4m$ ভরের দুটি গতিশীল বস্তুর গতিশক্তি একই হলে তাদের রৈখিক ভর-বেগের অনুপাত কত?
উত্তর: $1 : 2$ *Hint:* $\sqrt{1} : \sqrt{4} = 1 : 2$
34. রাস্তার বাঁকে সাইকেল আরোহীর নতি কোণের মান কীসের উপর নির্ভর করে না? উত্তর: আরোহীর ভর।
35. একটি গাড়ি 25 m ব্যাসার্ধের একটি বাঁক 20 ms^{-1} বেগে অতিক্রম করল। গাড়িটির কেন্দ্রমুখী ত্বরণ কত? উত্তর: 16 ms^{-2} *Hint:* $a_{cp} = \frac{v^2}{r}$
36. ঘর্ষণ বল একটি— উত্তর: অসংরক্ষণশীল বল।
37. অমসৃণ কোন টেবিলের উপর বস্তুতে ত্রিাশীল বলকে কী বলে? উত্তর: অসংরক্ষণশীল বল।
38. মৌলিক বল কয়টি? উত্তর: 4 টি।
39. নিউক্লিয়নের মধ্যে কোন কণার পারস্পরিক বিনিময়ের দ্বারা সবল নিউক্লিয় বলের উৎপত্তি হয়?
উত্তর: মেসন।
40. তেজস্ক্রিয়তার জন্য দায়ী কোন বল? উত্তর: দুর্বল নিউক্লিয় বল।
41. সবল নিউক্লিয় বলের পাল্লা কত? উত্তর: 10^{-15} m
42. মহাকর্ষ বলের পাল্লা কত? উত্তর: অসীম।
43. তড়িৎ চৌম্বক বলের (মহাকর্ষ বলের সাপেক্ষে) আপেক্ষিক সবলতা কত? উত্তর: 10^{39}
44. মহাকর্ষ বলের সাপেক্ষে দুর্বল নিউক্লিয় বলের আপেক্ষিক তীব্রতা— উত্তর: 10^{30}
45. মহাকর্ষ বলের তীব্রতা 1 ধরলে নিউক্লিয় দুর্বল বল ও নিউক্লিয় সবল বলের জন্য তীব্রতা অনুপাত—
উত্তর: $1 : 10^{11}$

Related Information:

বিষয়	মহাকর্ষ বল	তড়িৎ চুম্বকীয় বল	সবল নিউক্লিয়ার বল	দুর্বল নিউক্লিয়ার বল
ধর্ম	আকর্ষণধর্মী	আকর্ষণ ও বিকর্ষণধর্মী	আকর্ষণধর্মী	বিকর্ষণধর্মী
কণার বিনিময় বা কারণ	গ্রাভিটন	ফোটন	মেসন	বোসন
পাল্লা	অসীম	অসীম	10^{-15} m	10^{-16} m
ভূমিকা	পদার্থ সমূহকে যুক্ত করে গ্রহ, নক্ষত্র ও গ্যালাক্সি গঠন করে।	পরমাণু গঠন করে। [পদার্থের কঠিন ও তরল অবস্থার জন্য দায়ী।]	নিউক্লিয়াস গঠন করে।	তেজস্ক্রিয়তার জন্য দায়ী।
আপেক্ষিক সবলতা	1	10^{39}	10^{41}	10^{30}

কাজ, শক্তি ও ক্ষমতা

01. বল প্রয়োগে সর্বোচ্চ কাজ হবে যখন বল সরণের সাথে ক্রিয়া করে— উত্তর: 0°
02. বল ও সরণের মধ্যবর্তী কোণ θ হলে ঋণাত্মক কাজের শর্ত হবে— উত্তর: $90^\circ < \theta \leq 180^\circ$
03. কেন্দ্রমুখী বল দ্বারা কৃত কাজ— উত্তর: শূন্য।
04. কোন বল দ্বারা কৃত কাজ $W = \vec{F} \cdot \vec{s}$ । \vec{F} এবং \vec{s} কোনটিই শূন্য না হলেও কখন কৃত কাজ শূন্য হবে?
উত্তর: \vec{F} এবং \vec{s} পরস্পরের উপর লম্ব।

Related Information:

বল ও সরণের মধ্যবর্তী কোণ (θ)	কাজ (W)
$\theta = 0^\circ$	$W = W_{\max}$
$0^\circ \leq \theta < 90^\circ$	$W = +ve$
$\theta = 90^\circ$	$W = 0$
$90^\circ < \theta \leq 180^\circ$	$W = -ve$

05. একটি কণার উপর $\vec{F} = (10\hat{i} + 10\hat{j} + 10\hat{k})$ N বল প্রয়োগ করলে কণাটির সরণ হয় $\vec{r} = (2\hat{i} + 2\hat{j} - 2\hat{k})$ m। বল দ্বারা সম্পাদিত কাজ কত হবে? উত্তর: 20 J Hint: $W = \vec{F} \cdot \vec{r}$
06. স্থিরাবস্থার একটি কণার উপর $F = kx$ বল প্রয়োগ করলে কণাটির সরণ $x = 0$ m থেকে $x = 4$ m হয়। $k = 1 \text{ Nm}^{-2}$ হলে, কাজের পরিমাণ কত? উত্তর: 8 Nm Hint: $W = \int_{x_1}^{x_2} F(x) dx$
07. m ভরের একটি বস্তুর গতিশক্তি E_k হলে এর ভরবেগ কত? উত্তর: $\sqrt{2mE_k}$
08. 100 kg ভরের একটি বস্তুর ভরবেগ 200 kgms^{-1} হলে এর গতিশক্তি কত? উত্তর: 200 J
Hint: $E_k = \frac{p^2}{2m}$
09. একটি গুলির বেগ দ্বিগুণ করা হলে এর গতিশক্তি কত গুণ হবে? উত্তর: গতিশক্তি 4 গুণ হবে।
10. v বেগের একটি বুলেট শুধুমাত্র নির্দিষ্ট পুরুত্বের একটি তক্তা ভেদ করতে পারে। এরূপ নয়টি তক্তা ভেদ করতে হলে ঐ বুলেটে বেগ কত হতে হবে? উত্তর: 3v
11. একটি রাইফেলের গুলি একটি তক্তাকে ভেদ করে। বুলেটের গতি যদি তিনগুণ করা হয়, তবে বুলেটটি কয়টি তক্তা ভেদ করতে পারবে? উত্তর: অনুরূপ 9 টি তক্তা ভেদ করতে পারবে।
12. একটি বন্দুকের গুলি কোন দেয়ালের মধ্যে 1 m প্রবেশ করার পর অর্ধেক বেগ হারায়। গুলিটি দেয়ালের মধ্যে আর কত দূর প্রবেশ করবে? উত্তর: $\frac{1}{3}$ m Hint: $\frac{s}{3} = \frac{1}{3}$
13. স্থির অবস্থা থেকে 40 kg ভরবিশিষ্ট কোন বস্তু নির্দিষ্ট বলের ক্রিয়ার ফলে 2 s পর 15 ms^{-1} বেগ প্রাপ্ত হল। 4 s পর বস্তুটির গতিশক্তি কত হবে? উত্তর: 18000 J
14. 200 g ভরের একটি বস্তুর বেগ $\vec{v} = 2\hat{i} + 5\hat{j}$ হলে এর গতিশক্তি হবে— উত্তর: 2.9 J
15. 25 N বল দ্বারা কোন স্প্রিংকে টেনে 10 cm বৃদ্ধি করা হল। এর স্প্রিং ধ্রুবক কত? উত্তর: 250 Nm^{-1}
16. স্প্রিংকে টেনে লম্বা করা হলে কোন শক্তি সঞ্চিত হবে? উত্তর: স্থিতিশক্তি।
17. 300 Nm^{-1} বল ধ্রুবক বিশিষ্ট একটি স্প্রিং কে 0.1 m সংকুচিত করতে কি পরিমাণ কাজ করতে হবে? উত্তর: 1.5 J Hint: $W = \frac{1}{2} kx^2 = \frac{1}{2} \times 300 \times 0.1 \times 0.1 = 1.5 \text{ J}$
18. কোন ব্যক্তি 30° ঢালের 5 m উঁচু ঘর্ষণবিহীন তল বরাবর একটি 100 N ব্লক টেনে তুলছে। ব্লকটি সমদ্রুতিতে চললে ব্যক্তি কী পরিমাণ কাজ করবে? উত্তর: 500 J
Hint: $W = Fh = 100 \times 5 = 500 \text{ J}$
19. 80 kg ভরের এক ব্যক্তি 20 kg ভরের একটি বোঝা নিয়ে 10 m দীর্ঘ একটি মই বেয়ে নিচে নামল। যদি মইটি দেয়ালের সাথে 60° কোণে থাকে তবে সে কত কাজ করল? উত্তর: 500 J
Hint: $W = mgh = mg s \cos 60^\circ = 100 \times 9.8 \times 10 \times \frac{1}{2} = 4900 \text{ J}$

20. একটি ইটের দৈর্ঘ্য 0.24 m, প্রস্থ 0.12 m ও উচ্চতা 0.06 m এবং ভর 2 kg। ইটের দৈর্ঘ্যকে আনুভূমিক অবস্থান হতে উল্লম্ব অবস্থানে রাখতে কি পরিমাণ কাজ করতে হবে? উত্তর: 1.8 J
Hint: $W = mg \left(\frac{\text{lenth-high}}{2} \right)$
21. 50 kg ভরের একটি ক্রেনের সাহায্যে 0.1 ms^{-1} ধ্রুব বেগে উপরে তোলা হচ্ছে। ক্রেনের ক্ষমতা কত? উত্তর: 49 W
Hint: $W = Fv = mgv = 50 \times 9.8 \times 0.1 = 49 \text{ W}$
22. একজন লোক 10 L পানি 10 s এ 10 m উপরে তুললে ঐ লোকের ক্ষমতা কত? উত্তর: 98 W
Hint: $P = \frac{W}{t} = \frac{mgh}{t} = \frac{10 \times 9.8 \times 10}{10} = 98 \text{ W}$
23. 1 অশ্বক্ষমতা =? উত্তর: 746 Watt

মহাকর্ষ ও অভিকর্ষ

01. কোথায় পৃথিবীর মহাকর্ষীয় ক্ষেত্রের তীব্রতা বেশি? উত্তর: মেরু অঞ্চলে।
02. g-এর মান সর্বাধিক কোথায়? উত্তর: মেরু অঞ্চলে।
03. কত অক্ষাংশে g-এর মান সর্বাপেক্ষা বেশি? 90°
04. বিষুবীয় অঞ্চল হতে মেরু অঞ্চলের দিকে অভিকর্ষীয় ত্বরণ— উত্তর: বৃদ্ধি পায়।
05. পৃথিবীর কেন্দ্রে কোন বস্তুর ওজন— উত্তর: শূন্য।
06. পৃথিবীর ব্যাসার্ধ R হলে ভূপৃষ্ঠ হতে কত উচ্চতায় g এর মান পৃথিবীর তুলনায় 4 গুণ কমে যাবে?
 উত্তর: $h = R$ **Hint:** $h = (\sqrt{n} - 1)R = (\sqrt{4} - 1)R = R$
07. পৃথিবীর অভিকর্ষজ ত্বরণের মান g হলে চাঁদের অভিকর্ষজ ত্বরণ কত? উত্তর: $\frac{g}{6}$
08. পৃথিবীর ভর ও ব্যাসার্ধ যথাক্রমে চাঁদের ভর ও ব্যাসার্ধের 81 গুণ এবং 4 গুণ। পৃথিবী পৃষ্ঠে একজন লোকের ওজন 648 N লোকটি চাঁদে গেলে কতটুকু ওজন হারাবে? উত্তর: 520 N
09. পৃথিবীর গড় ঘনত্ব কত? উত্তর: $5.5 \times 10^3 \text{ kgm}^{-3}$
10. মহাকর্ষীয় ধ্রুবক G এর মাত্রা ও মান যথাক্রমে— উত্তর: $L^3M^{-1}T^{-2}$; $6.673 \times 10^{-11} \text{ Nm}^2\text{kg}^{-2}$
11. গাছের একটি আপেল পৃথিবীকে F বলে আকর্ষণ করছে। পৃথিবী আপেলকে f বলে আকর্ষণ করলে—
 উত্তর: $F = f$
12. মহাকর্ষীয় বিভবের একক? উত্তর: Nmkg^{-1}
13. মহাকর্ষীয় প্রাবল্য E-এর রাশিমালা— উত্তর: $E = \frac{GM}{r^2}$
14. মহাকর্ষীয় ক্ষেত্র প্রাবল্যের মাত্রা— উত্তর: $[LT^{-2}]$
15. মহাকর্ষীয় প্রাবল্য ও মহাকর্ষীয় বিভবের মধ্যে সম্পর্ক হলো— উত্তর: $E = -\frac{dV}{dr}$
16. যে কক্ষপথে কৃত্রিম উপগ্রহ স্থির থাকে তাকে কী বলে? উত্তর: ভূস্থির কক্ষপথ।
17. একটি ভূস্থির উপগ্রহের আবর্তনকাল কত? উত্তর: 24 ঘন্টা।

18. কোনটি কৃত্রিম উপগ্রহের উচ্চতা ও আবর্তনকালের মধ্যে সম্পর্ক? উত্তর: $\left(\frac{GMT^2}{4\pi^2}\right)^{\frac{1}{3}} - R$
19. পৃথিবীতে মুক্তবেগের মান কত? উত্তর: 11.2 kms^{-1}
20. হঠাৎ সংকুচিত হয়ে পৃথিবীর ব্যাসার্ধ অর্ধেক হল, দিনের দৈর্ঘ্যের কী পরিবর্তন হবে?
উত্তর: 18 ঘন্টা হ্রাস পাবে। **Hint:** $(1 - n^2) \times 24 = \left[1 - \left(\frac{1}{2}\right)^2\right] \times 24 = \frac{3}{4} \times 24 = 18 \text{ hr}$
21. কেপলারের দ্বিতীয় সূত্র (ক্ষেত্রফলের সূত্র) মূলত— উত্তর: কৌণিক ভরবেগের সংরক্ষণশীলতা নীতি।
22. কেপলারের তৃতীয় সূত্রের অপর নাম কি? উত্তর: আবর্তনকালের সূত্র।

পদার্থের গাঠনিক ধর্ম

01. পূর্ণ দৃঢ় বস্তু হিসাবে ধরা হয়— উত্তর: ইস্পাত।
02. স্থিতিস্থাপক বলের ধরন কি? উত্তর: সংরক্ষণশীল বল।
03. স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর দৈর্ঘ্য পীড়ন ও দৈর্ঘ্য বিকৃতির অনুপাত ধ্রুব সংখ্যাকে বলে—
উত্তর: ইয়ং এর গুণাঙ্ক।
04. ইয়ং এর গুণাঙ্কের একক— উত্তর: Nm^{-2}
05. একটি আদর্শ দৃঢ় বস্তুর জন্য ইয়ং এর গুণাঙ্ক— উত্তর: ∞
06. 1 mm^2 প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট একটি ইস্পাতের তারের দৈর্ঘ্য 5% বাড়াতে হলে কত বল প্রয়োগ করতে হবে? [$Y = 2 \times 10^{11} \text{ Nm}^{-2}$] উত্তর: 10^4 N
Hint: $F = YA \times \% = 2 \times 10^{11} \times 10^{-6} \times 5\% = 10^4 \text{ N}$
07. কি পরিমাণ বল প্রয়োগ করলে 2 m^2 প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট কোন লোহার তারের দৈর্ঘ্য 3 গুণ হবে?
[$Y = 2 \times 10^9 \text{ Nm}^{-2}$] উত্তর: $8 \times 10^9 \text{ N}$
Hint: $F = YA(n - 1) = 2 \times 10^9 \times 2 \times (3 - 1) = 8 \times 10^9 \text{ N}$
08. একই পুরুত্বের দুটি তামার তারের দৈর্ঘ্যের অনুপাত 1:2। একই বলে প্রসারিত করলে তার দুইটির বিকৃতির অনুপাত কত? উত্তর: 1:1
09. যদি P পীড়ন এবং Y কোনো তারের উপাদানের ইয়ং-এর গুণাঙ্ক হয়, তবে তারের প্রতি একক আয়তনে সঞ্চিত শক্তি— উত্তর: $\frac{P^2}{2Y}$
10. একক ক্ষেত্রফল এবং $2 \times 10^{11} \text{ Nm}^{-2}$ ইয়ং গুণাঙ্ক বিশিষ্ট ইস্পাতের তারের দৈর্ঘ্য 1 m। তারটি টেনে 1 mm প্রসারিত করলে কত জুল কাজ সম্পন্ন হবে? উত্তর: 10^5 J **Hint:** $W = \frac{1}{2} \frac{YAL^2}{L}$
11. একটি তারের উপর টান F হলে দৈর্ঘ্য বৃদ্ধি হয় x। তারটি যদি হকের সূত্র মেনে চলে এবং তারের উপাদানের ইয়ং গুণাঙ্ক Y হয় তবে তারে সঞ্চিত বিভব শক্তি কত? উত্তর: $\frac{1}{2} Fx$
12. পয়সনের অনুপাত এর মাত্রা— উত্তর: মাত্রাহীন রাশি।

13. পয়সনের অনুপাত এর সীমা– উত্তর: $-1 < \sigma < \frac{1}{2}$
14. একটি দীর্ঘ তারে 0.01 m দৈর্ঘ্য বিকৃতির জন্য পার্শ্ব বিকৃতি হয় 0.0010 m। তারটির পয়সনের অনুপাত কত? উত্তর: 0.10 Hint: $\sigma = \text{পার্শ্ব বিকৃতি/দৈর্ঘ্য বিকৃতি}$
15. সান্দ্রতার একক– উত্তর: Pas or Nsm⁻²
16. কোন পদার্থের সান্দ্রতা সবচেয়ে বেশি? উত্তর: আলকাতরা।
17. 0.01 m² ক্ষেত্রফল বিশিষ্ট একটিপাত 2 mm পুরু গ্লিসারিনের একটি স্তরের উপর রাখা রয়েছে। পাতটি 0.05 s⁻¹ বেগে চলনা করতে 0.4 N আনুভূমিক বলের প্রয়োজন হলে, সান্দ্রতা গুণাক্ষের মান কত? উত্তর: 1.6 Nsm⁻² Hint: $F = \eta A \frac{dv}{dy}$
18. তাপমাত্রা বাড়লে গ্যাসের সান্দ্রতা– উত্তর: বাড়ে। Hint: $\eta \propto \sqrt{T}$
19. দুটি বৃষ্টির ফোঁটার ব্যাসার্ধের অনুপাত 1:2 হলে এদের প্রান্ত বেগের অনুপাত কত? উত্তর: 1:4 Hint: $v_t \propto r^2$
20. বস্তু যে ধর্মের জন্য গ্লাসের গায়ে পানির ফোঁটা লেগে থাকে তা হলো– উত্তর: আসঞ্জন বল।
21. একই পদার্থের বিভিন্ন অণুর মধ্যে পারস্পরিক আকর্ষণ বলকে বলে– উত্তর: সংসক্তি বল।
22. একটি বড় পানির ফোঁটাকে 27 টি সমান ছোট কণায় রূপান্তরিত করা হল। প্রত্যেকটি ছোট কণার ব্যাস 6 mm হলে বড় পানির কণার ব্যাসার্ধ কত? উত্তর: 9×10^{-3} m Hint: $R = rN^{\frac{1}{3}}$
23. যদি স্পর্শ কোণ 90° এর কম হয় তবে তরলের পৃষ্ঠ কেমন হবে? উত্তর: অবতল।
24. যদি স্পর্শ কোণ 90° এর কম হয়, তবে কৈশিক নলে তরলের অবস্থা কেমন হবে? উত্তর: উপরে উঠবে।
25. যখন কোন কৈশিক নলে তরলের মুক্ত তল আনুভূমিক থাকে, তখন স্পর্শ কোণ θ হলে– উত্তর: $\theta = 90^\circ$
26. পারদপূর্ণ পাত্রে কাচের কৈশিক নল ডুবালে নলের অভ্যন্তরে পারদ– উত্তর: নিচে নামবে।
27. কাঁচ ও পারদের মধ্যকার স্পর্শকোণ– উত্তর: স্থূলকোণ।
28. পারদ ও কাঁচের স্পর্শ কোণ θ হলে– উত্তর: $90^\circ < \theta < 180^\circ$
29. পারদ ও কাঁচের মধ্যকার স্পর্শ কোণ কত হবে? উত্তর: 140°
30. যেসব তরল কাচকে ভেজায় না তাদের স্পর্শকোণ– উত্তর: 90° এর চেয়ে বড়।
31. একটি কৌশিক নলের এক প্রান্ত খাড়াভাবে পানিতে নিমজ্জিত করলে পানি নলের ভেতর আরোহন করে। নলের ব্যাসার্ধ r এবং আরোহিত পানির উচ্চতা h (যখন $r \ll h$) এ দুইটির মধ্যে সম্পর্ক হচ্ছে–
উত্তর: $h \propto \frac{1}{r}$ Hint: $T = \frac{h\rho g r}{2 \cos \theta}$
32. কোন ধর্মের কারণে পানির ফোঁটা গোলাকৃতি হয়? উত্তর: পৃষ্ঠটান।
33. পৃষ্ঠটান এর একক হল– উত্তর: Nm⁻¹ Hint: $T = \frac{F}{l}$
34. পৃষ্ঠ টানের মাত্রা সমীকরণ– উত্তর: [MT⁻²]
35. পানিতে কিছু ডিটারজেন্ট মেশালে এর পৃষ্ঠটান– উত্তর: হ্রাস পায়।

36. তাপমাত্রা বৃদ্ধি পেলে তলটান (Surface tension) – উত্তর: হ্রাস পায়।
37. সাবান বুদবুদের অভ্যন্তরস্থ অতিরিক্ত চাপ– উত্তর: $P = \frac{4T}{r}$
38. 50 mm ব্যাসের একটি সাবানের বুদবুদের ভেতরে চাপ 4 bar হলে বুদবুদের তলটান কত?
উত্তর: 2500 Nm^{-1} **Hint:** 1 bar = 10^5 Pa
39. পৃষ্ঠটান (T) এবং পৃষ্ঠশক্তি (E) এর সম্পর্ক– উত্তর: $E = T$
40. ‘প্লাজমা’ পদার্থের কোন ধরনের অবস্থা? উত্তর: আয়নিত।

পর্যায়বৃত্ত গতি

01. সরল ছন্দিত গতি সম্পন্ন একটি কণার গতির সমীকরণ, $y = 5 \sin(\omega t + \delta)$ । আদি সরণ 2.5 cm হলে কণাটির আদি দশা কত? উত্তর: 30° **Hint:** $2.5 = 5 \sin(\omega \times 0 + \delta)$
02. সরল ছন্দিত গতিতে স্পন্দনরত দুটি কণার সরণ $x_1 = A \sin \omega t$ এবং $x_2 = A \cos \omega t$, যেকোন সময়ে এদের মধ্যে দশা পার্থক্য কত হবে? উত্তর: $\frac{\pi}{2}$
Hint: $x_1 = A \sin \omega t$ এবং $x_2 = A \cos \omega t = A \sin(\omega t + \frac{\pi}{2})$
03. একটি তরঙ্গের দুটি বিন্দুর মধ্যে পথ পার্থক্য $\frac{5}{4}\lambda$ হলে, বিন্দুদ্বয়ের মধ্যে দশা পার্থক্য কত? উত্তর: $\frac{5\pi}{2}$ বা $\frac{\pi}{2}$
Hint: দশা পার্থক্য = $\frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য
04. সরল ছন্দিত স্পন্দন (simple harmonic oscillator)-এর সমীকরণ? উত্তর: $\frac{d^2x}{dt^2} + \omega^2x = 0$
05. $4 \frac{d^2y}{dx^2} + 16x = 0$ সমীকরণটি একটি সরল ছন্দিত স্পন্দন বর্ণনা করে। এই স্পন্দনের কৌণিক কম্পাঙ্ক কত? উত্তর: 2 rads^{-1} **Hint:** $\omega = \sqrt{\frac{16}{4}} = 2$
06. সরল দোলকের ক্ষেত্রে সাম্য অবস্থানে– উত্তর: স্থিতিশক্তি শূন্য। **Hint:** $E_p = \frac{1}{2}kx^2$
07. সরল দোল গতিসম্পন্ন বস্তুর সর্বোচ্চ গতিশক্তি এর সমীকরণ– উত্তর: $E = \frac{1}{2}kA^2 = \frac{1}{2}m\omega^2A^2$
Hint: $E_k = \frac{1}{2}k(A^2 - x^2)$ [$x = 0$ হলে সর্বোচ্চ গতিশক্তি পাওয়া যাবে।]
08. k বল ধ্রুবক বিশিষ্ট কোন বস্তু A বিস্তার নিয়ে ছন্দিত স্পন্দনে দুলতে থাকলে তার মোট যান্ত্রিক শক্তি E হবে– উত্তর: $\frac{1}{2}kA^2$
09. একটি বস্তু 4 cm বিস্তারে সরল ছন্দিত স্পন্দন সম্পন্ন করছে। সাম্যাবস্থা থেকে কত দূরত্বে বস্তুটির গতিশক্তি ও স্থিতিশক্তি সমান হবে? উত্তর: $2\sqrt{2} \text{ cm}$ **Hint:** $x = \frac{A}{\sqrt{2}} = \frac{4}{\sqrt{2}} = 2\sqrt{2} \text{ cm}$
10. সরল দোলকের পর্যায়কাল T এর মান কত? উত্তর: $2\pi \sqrt{\frac{L}{g}}$
11. একটি পেপুলাম ঘড়ি বিষুবরেখা হতে মেরুতে নিয়ে যাওয়া হলো। ঘড়িটি– উত্তর: ফাস্ট হবে।
12. সরল দোলককে কৃত্রিম উপগ্রহের অভ্যন্তরে নিলে দোলনকাল কত হবে? উত্তর: বাড়বে।

13. একটি সরল দোলককে পৃথিবীর কেন্দ্রে নিয়ে গেলে দোলনকাল— উত্তর: অসীম হবে।

Hint: $T = 2\pi \sqrt{\frac{L}{g}} = 2\pi \sqrt{\frac{L}{0}} = \infty$ [পৃথিবীর কেন্দ্রে $g = 0 \text{ ms}^{-2}$]

14. সরল দোলকের কার্যকর দৈর্ঘ্য বাড়লে— উত্তর: দোলনকাল বাড়বে। **Hint:** $T = 2\pi \sqrt{\frac{L}{g}} \Rightarrow T \propto \sqrt{L}$

15. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য যদি 2.25 গুণ বৃদ্ধি করা হয়, তবে দোলকটির দোলনকাল কত হবে?

উত্তর: 3 sec

Hint: $T = 2\pi \sqrt{\frac{L}{g}} \Rightarrow \frac{T_2}{T_1} \propto \sqrt{\frac{L_2}{L_1}}$

16. একটি সরল দোলকের দোলনকাল 50% বাড়াতে এর কার্যকর দৈর্ঘ্যের পরিবর্তন কত হবে? উত্তর: 125%

17. পর্যায়কাল দ্বিগুণ করতে সরল দোলকের দৈর্ঘ্য কতগুণ বৃদ্ধি করতে হবে? উত্তর: 4

18. একটি সরল দোলকের দৈর্ঘ্য L । এর দোলনকাল অর্ধেক করতে হলে দৈর্ঘ্য কত হবে? উত্তর: $\frac{L}{4}$

19. যদি একটি সরল দোলকের বিস্তার দ্বিগুণ করা হয়, তাহলে সরল দোলকটির পর্যায়কাল—

উত্তর: অপরিবর্তিত থাকবে।

Hint: পর্যায়কাল বিস্তারের উপর নির্ভর করে না।

20. 50 cm দীর্ঘ একটি সরল দোলক প্রতি মিনিটে 40 বার দোলন দেয়। যদি দৈর্ঘ্য 200 cm করা হয় তবে 60 বার দোলন দিতে কত সময় লাগবে? উত্তর: 180 s

Hint: $T = \frac{t}{n} = 2\pi \sqrt{\frac{L}{g}}$

21. পৃথিবীর পৃষ্ঠে একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য 100 cm। যে দোলক পৃথিবীতে প্রতি মিনিটে 20 বার দোল খায় তার দৈর্ঘ্য হবে— উত্তর: 225 cm

Hint: $T = \frac{t}{n} = 2\pi \sqrt{\frac{L}{g}}$

22. একটি সরল দোলকের দোলকপিণ্ডটি পানি দ্বারা পরিপূর্ণ করলে দোলনকাল কী হবে?

উত্তর: অপরিবর্তিত থাকবে।

Hint: ভরকেন্দ্রের কোন পরিবর্তন হবে না। তাই ববের কার্যকর দৈর্ঘ্য অপরিবর্তিত থাকবে।

23. একটি সরল দোলকের ফাঁপা দোলক পিণ্ডকে পারদ দ্বারা অর্ধপূর্ণ করলে এর দোলনকালের কী ঘটবে?

উত্তর: বৃদ্ধি পাবে।

Hint: ভরকেন্দ্র নিচে নেমে যাবে। তাই ববের কার্যকর দৈর্ঘ্য বৃদ্ধি পাবে। আবার, $T \propto \sqrt{L}$ ।

24. পর্যায়কাল ও কম্পাঙ্কের মধ্যে সম্পর্ক? উত্তর: $f = \frac{1}{T}$

25. মহাকাশে একটি সেকেন্ড দোলক এর কম্পাঙ্ক কত হবে? উত্তর: 0 Hz

Hint: $f = \frac{1}{T} = \frac{1}{2\pi} \sqrt{\frac{g}{l}}$ [$g = 0$]

26. একটি সেকেন্ড দোলকের কম্পাঙ্ক— উত্তর: 0.5 Hz

Hint: সেকেন্ড দোলকের পর্যায়কাল 2 s

27. সেকেন্ড দোলকের দৈর্ঘ্য (L) অভিকর্ষজ ত্বরণ (g) এর— উত্তর: সমানুপাতিক।

28. পৃথিবী পৃষ্ঠে একটি সেকেন্ড দোলকের কার্যকরী দৈর্ঘ্য কত? [$g = 9.81 \text{ ms}^{-2}$] উত্তর: 0.994 m

29. স্প্রিং-এ বুলবুল m ভরের একটি বস্তুর পর্যায়কাল 2 sec হলে 4 m ভরের বস্তুর জন্য পর্যায়কাল কত সেকেন্ড? উত্তর: 4 **Hint:** $T = 2\pi \sqrt{\frac{m}{k}} \Rightarrow \frac{T_2}{T_1} \propto \sqrt{\frac{m_2}{m_1}}$
30. k স্প্রিং-ধ্রুবকের একটি স্প্রিংকে কেটে দুই অংশে এমনভাবে ভাগ করা হলো যে, একটির দৈর্ঘ্য অপরটির দ্বিগুণ। অধিকতর লম্বা স্প্রিংটির স্প্রিং-ধ্রুবক কত? উত্তর: $\frac{3}{2}k$ **Hint:** $k_m = \left(\frac{m+n}{m}\right)k = \left(\frac{2+1}{2}\right)k$

আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব

01. স্বাভাবিক বা প্রমাণ চাপ হলো— উত্তর: $760 \text{ mmHg} = 1.013 \times 10^5 \text{ Pa}$
02. পরম শূন্য তাপমাত্রা হলো— উত্তর: $-273 \text{ }^\circ\text{C}$
03. ত্রৈধবিন্দুতে পানির বাষ্প চাপ পারদ স্তম্ভের কত উচ্চতার সমান? উত্তর: 4.58 mm
04. স্বাভাবিক তাপমাত্রা ও চাপে R এর মান হচ্ছে— উত্তর: $8.314 \text{ JK}^{-1}\text{mol}^{-1}$
05. এস আই ইউনিটে ইউনিভার্সাল গ্যাস ধ্রুবকের একক হলো— উত্তর: $\text{JK}^{-1}\text{mol}^{-1}$
06. কোন অবস্থায় একটি গ্যাস আদর্শ গ্যাসের ন্যায় আচরণ করে না? উত্তর: নিম্ন তাপমাত্রা ও উচ্চ চাপে।
07. আয়তন স্থির রেখে 0°C তাপমাত্রার নির্দিষ্ট ভরের 1 Pa চাপের গ্যাসের তাপমাত্রা 1°C বাড়ালে এর চাপ কতটুকু বাড়ে? উত্তর: $\frac{1}{273} \text{ Pa} = 0.00366 \text{ Pa}$
08. কোন নির্দিষ্ট ভরের গ্যাসের তাপমাত্রা 27°C । আয়তন স্থির থাকলে কোন তাপমাত্রায় চাপ দ্বিগুণ হবে? উত্তর: 600 K **Hint:** $\frac{P_1}{T_1} = \frac{P_2}{T_2}$
09. কোন একটি হৃদের তলদেশ হতে একটি বায়ু বুদবুদ পানির উপরিপৃষ্ঠে আসলে এর আয়তন দ্বিগুণ হয়। বায়ুর চাপ $1.013 \times 10^5 \text{ Pa}$ হলে হৃদের গভীরতা কত? উত্তর: 10.3 m
Hint: $h = 10.3 \times (n - 1) = 10.3 \times (2 - 1) = 10.3 \text{ m}$
10. "একই তাপমাত্রা এবং চাপে সমান আয়তনের সকল গ্যাসে সমান সংখ্যক অণু থাকে।"— সূত্রটি কার? উত্তর: অ্যাভোগেড্রোর। **Hint:** $v \propto n$
11. স্থির চাপে কত তাপমাত্রায় একটি গ্যাসের অণুর গড় বর্গবেগের বর্গমূল স্বাভাবিক চাপ ও তাপমাত্রার গড় বর্গবেগের বর্গমূলের দ্বিগুণ হবে? উত্তর: 1092 K **Hint:** $c \propto \sqrt{T} \Rightarrow \frac{c_2}{c_1} = \sqrt{\frac{T_2}{T_1}}$
12. কোনো আদর্শ গ্যাসের তাপমাত্রা কেলভিন স্কেলে 4 গুণ বৃদ্ধি পেলে তার অণুগুলোর মূল গড় বর্গবেগ কত গুণ বৃদ্ধি পায়? উত্তর: 2 **Hint:** $c \propto \sqrt{T}$
13. স্বাভাবিক তাপমাত্রা ও চাপে অক্সিজেন ও হাইড্রোজেনের মূল গড় বর্গ বেগের অনুপাত কত? উত্তর: 1:4
14. যখন গ্যাসের ঘনত্ব বৃদ্ধি পায় তখন অণুর গড় মুক্ত পথ— উত্তর: কমবে।
15. গ্যাসের অণুর গড় মুক্তপথ ঘনত্বের— উত্তর: ব্যস্তানুপাতিক। **Hint:** $\lambda \propto \frac{1}{\rho} \propto P \propto T$

16. n সংখ্যক গ্যাস অণুর প্রত্যেকটির বেগ 30 ms^{-1} হলে তাদের মূল গড় বর্গ বেগ কত? উত্তর: 30 ms^{-1}
17. একটি দ্বিপারমাণবিক গ্যাসের জন্য স্বাধীনতার মাত্রা— উত্তর: 5
18. Ne গ্যাসের ক্ষেত্রে γ এর মান কত? উত্তর: 1.67 Hint: $\gamma = 1 + \frac{2}{f}$
19. গ্যাসের গতিতত্ত্ব অনুসারে 0 K তাপমাত্রায় গ্যাসের গতিশক্তি হবে— উত্তর: শূন্য। Hint: $E_k = \frac{3}{2} nRT$
20. গ্যাসের গতিশক্তি পরম তাপমাত্রার— উত্তর: সমানুপাতিক। Hint: $E_k = \frac{3}{2} nRT$
21. T তাপমাত্রায় আদর্শ গ্যাসের একটি অণুর গড় গতিশক্তি— উত্তর: $\frac{3}{2} kT$
22. একটি কণার স্বাধীনতার মাত্রার সংখ্যা 5 হলে শক্তির সমবিভাজন নীতি অনুযায়ী কণাটির মোট শক্তি কত?
উত্তর: $\frac{5kT}{2}$ Hint: $E = \frac{f}{2} kT$

Related Information:

গ্যাস	উদাহরণ	স্বাধীনতার মাত্রা (f)
এক পরমাণুক	He, Ne, Ar	3
দ্বি-পরমাণুক	H ₂ , O ₂ , N ₂	5
ত্রি-পরমাণুক (চাক্রিক)	H ₂ O	6
ত্রি-পরমাণুক (রৈখিক)	CO ₂ , BeCl ₂	7

23. শিশিরাক্ষের সম্পৃক্ত বাষ্পচাপ F এবং বায়ুর তাপমাত্রায় সম্পৃক্ত বাষ্পচাপ f হলে, আপেক্ষিক আর্দ্রতা R =?
উত্তর: $R = \frac{F}{f} \times 100\%$
24. কোন একদিনে বায়ুমণ্ডলের তাপমাত্রা 20 °C এবং শিশিরাক্ষ 15 °C । 20 °C ও 15 °C তাপমাত্রায় সম্পৃক্ত জলীয় বাষ্পের চাপ যথাক্রমে $4 \times 10^{-3} \text{ m}$ ও $2 \times 10^{-3} \text{ m}$ পারদ হলে, আপেক্ষিক আর্দ্রতা কত?
উত্তর: 50%
25. চাপ বৃদ্ধি পেলে স্ফুটনাঙ্ক— উত্তর: বাড়ে।

আমাদের ডেডিকেটেড “প্রত্যাবর্তন ৩.০” ব্যাচে ভর্তি হতে [Enroll Now](#) তে ক্লিক করো।

বি. দ্র: কোর্সটি HSC-23 এবং HSC-24 ব্যাচের ভর্তি পরীক্ষার্থীদের জন্য।

❀...❀



এইচএসসি
২০২৩, ২০২৪

প্রত্যাবর্তন ৩.০

মেডি+ভার্সিটি কৃষি গুচ্ছ
জিএসটি গুচ্ছ



ফিজিক্স

ম্যাথ

ইংলিশ


কেমিস্ট্রি

বায়োলজি

www.phyhunt.com

২ লাখ ৯০ হাজার হান্টারদের সাথে নিয়ে ৫ম বর্ষের যাত্রা শুরু করেছে 'ফিজিক্স হান্টার্স'

আমাদের প্রকাশিত বই ও শীট সমূহ:



AGRI LAST VIEW

আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রাম ভর্তি পরীক্ষা: ২০২৩-২৪

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র

তাপগতিবিদ্যা

01. কোন তাপমাত্রায় কেলভিন ও ফারেনহাইট স্কেলে একই পাঠ পাওয়া যায়? উত্তর: 574.25 °F
02. কোন তাপমাত্রায় সেলসিয়াস ও ফারেনহাইট স্কেলে একই পাঠ পাওয়া যাবে? উত্তর: -40 °C বা -40 °F
03. ফারেনহাইট স্কেলের কোন তাপমাত্রা সেন্টিগ্রেড স্কেলের পাঠের দ্বিগুণ হবে? উত্তর: 320°
04. তাপমাত্রা সেলসিয়াস স্কেলে 5° পরিবর্তন হলে ফারেনহাইট স্কেলে পরিবর্তন হবে? উত্তর: 9 °F
Hint: $\frac{\Delta C}{5} = \frac{\Delta F}{9} = \frac{\Delta K}{5}$
05. একটি কক্ষের তাপমাত্রা 30 °C। ফারেনহাইট স্কেলে তাপমাত্রা কত হবে? উত্তর: 86 °F
06. শক্তির নিত্যতা সূত্রটি তাপগতিবিদ্যার কোন সূত্রের সাহায্যে ব্যাখ্যা করা যায়? উত্তর: প্রথম সূত্র।
07. তাপগতিবিদ্যার প্রথম সূত্র কোন দুটি রাশির মধ্যে সম্পর্ক স্থাপন করে? উত্তর: তাপ ও কাজ।
08. তাপগতিবিদ্যার প্রথম সূত্রের গাণিতিক রূপটি হলো— উত্তর: $\Delta Q = \Delta U + \Delta W$
09. কোনো সিস্টেম পরিবেশ থেকে 800 J তাপশক্তি শোষণ করায় এর অন্তঃস্থ শক্তি 500 J বৃদ্ধি পায়। সিস্টেম দ্বারা পরিবেশের উপর কৃত কাজের পরিমাণ কত? উত্তর: 300 J *Hint:* $\Delta Q = \Delta U + \Delta W$
10. এক বায়ুমন্ডলীয় চাপে একটি আদর্শ গ্যাসকে উত্তপ্ত করে 0.01 m³ আয়তন বৃদ্ধি করা হয়। এতে সম্পাদিত কাজের পরিমাণ— উত্তর: 1000 J *Hint:* $\Delta W = P\Delta V$
11. গ্যাসের অভ্যন্তরীণ শক্তি নির্ভর করে কোন রাশির ওপর? উত্তর: তাপমাত্রা।
12. সমোষ্ণ প্রক্রিয়ায় যে ভৌত রাশিটি স্থির থাকে তাকে বলে— উত্তর: অন্তঃস্থ শক্তি।
13. একটি গাড়ি চলতে থাকলে তার টায়ারের ভিতর কিছু তাপগতীয় প্রক্রিয়া চলে। এই প্রক্রিয়াটি হল—
উত্তর: ধ্রুব আয়তন প্রক্রিয়া।
14. একটি ইঞ্জিন 4200 J তাপ গ্রহণ করে এবং 3200 J তাপ বর্জন করে। ইঞ্জিনটি দ্বারা উৎপাদিত কাজের পরিমাণ কত? উত্তর: 1000 J
15. একটি কার্নো ইঞ্জিনের তাপ উৎস ও তাপ গ্রাহকের তাপমাত্রা যথাক্রমে 327 °C ও 127 °C। ইঞ্জিনটি তাপ উৎস থেকে 450 J তাপ গ্রহণ করে কিছু তাপ কাজে রূপান্তরিত করে এবং অবশিষ্ট তাপ গ্রাহকে বর্জন করে। বর্জিত তাপের পরিমাণ কত জুল? উত্তর: 300 J
16. একটি কার্নো ইঞ্জিন 800 K ও 400 K তাপমাত্রায় যে দক্ষতায় কাজ করে ঠিক সমদক্ষতায় কাজ করে T K এবং 900 K তাপমাত্রায়। তাপমাত্রা T কত? উত্তর: 1800 K *Hint:* $\frac{Q_1}{T_1} = \frac{Q_2}{T_2}$

17. গৃহীত তাপ Q_1 এবং বর্জিত তাপ Q_2 হলে তাপীয় ইঞ্জিনের দক্ষতা কত? উত্তর: $(1 - \frac{Q_2}{Q_1}) \times 100\%$
18. একটি প্রতাবর্তী ইঞ্জিন 167°C এবং 57°C তাপমাত্রায় কার্যকর হলে এর সর্বাধিক দক্ষতা কত? উত্তর: 25%
19. একটি তাপ ইঞ্জিনের কর্মদক্ষতা 80% । গ্রাহকের তাপমাত্রা 127°C হলে উৎসের তাপমাত্রা কত?
উত্তর: 2000 K
20. একটি কার্নো ইঞ্জিনের সিল্কের তাপমাত্রা 27°C এবং দক্ষতা 50% । উৎসের তাপমাত্রা কি পরিমাণ বৃদ্ধি করলে দক্ষতা 60% হবে? উত্তর: 150 K
Hint: $\Delta T = \left(\frac{1}{1-\eta_2} - \frac{1}{1-\eta_1}\right) \times T = \left(\frac{1}{1-0.6} - \frac{1}{1-0.5}\right) \times (27 + 273) = \left(\frac{1}{0.4} - \frac{1}{0.5}\right) \times 300 = \left(\frac{10}{4} - 2\right) \times 300 = (2.5 - 2) \times 300 = 0.5 \times 300 = 150\text{ K}$
21. একটি রেফ্রিজারেটর শীতল তাপাধার থেকে 450 J তাপ গ্রহন করে উষ্ণ তাপাধারে 600 J তাপশক্তি বর্জন করে। রেফ্রিজারেটরের কার্য সম্পাদন সহগ কত হবে? উত্তর: 3
22. একটি রেফ্রিজারেটরের কার্যকৃত সহগ 5 । এটি ঠান্ডা প্রকোষ্ঠ হতে প্রতি চক্রে 250 J তাপ অপসারণ করলে প্রতি চক্রে রেফ্রিজারেটরের চালনার জন্য কী পরিমাণ কাজ সরবরাহ করতে হবে? উত্তর: 50 J
23. তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্রের গাণিতিক রূপ— উত্তর: $dQ = TdS$
24. কোন অবস্থায় একটি বস্তুর এনট্রপি সবচেয়ে কম থাকে? উত্তর: কঠিন।
Hint: এনট্রপি: কঠিন $<$ তরল $<$ গ্যাস $<$ প্লাজমা
25. রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় কোন ভৌত রাশি স্থির থাকে? উত্তর: এনট্রপি।
Hint: রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় $\Delta Q = 0\text{ J}$ । $\therefore \Delta S = \frac{\Delta Q}{T} = 0\text{ JK}^{-1}$
26. এনট্রপি (Entropy) এর একক— উত্তর: JK^{-1}
27. এনট্রপি কিসের পরিমাপ নির্দেশ করে? উত্তর: বিশৃঙ্খলা।
28. কার্ণো চক্রে এনট্রপির পরিবর্তন— উত্তর: শূন্য।
29. 0°C তাপমাত্রার 273 kg বরফকে 0°C তাপমাত্রার পানিতে রূপান্তর করা হলে এনট্রপির পরিবর্তন কত হবে?
[বরফ গলনের আপেক্ষিক সুগুতাপ হলো $3.36 \times 10^5\text{ Jkg}^{-1}$] উত্তর: $3.36 \times 10^5\text{ JK}^{-1}$
30. 100°C তাপমাত্রার 373 kg পানিকে 100°C তাপমাত্রার বাষ্পে পরিণত করা হলে এনট্রপির পরিবর্তন হবে—
[পানির বাষ্পীভবনের সুগুতাপ $= 2.26 \times 10^6\text{ Jkg}^{-1}$] উত্তর: $2.26 \times 10^6\text{ JK}^{-1}$
31. তাপ ধারণ ক্ষমতার একক হচ্ছে— উত্তর: JK^{-1}
32. আপেক্ষিক তাপ এর একক— উত্তর: $\text{Jkg}^{-1}\text{K}^{-1}$
33. ফুটন্ত পানি বাষ্পে পরিণত হচ্ছে এ অবস্থায় পানির আপেক্ষিক তাপ কত? উত্তর: অসীম।
34. $C_v = ?$ উত্তর: $\frac{R}{\gamma-1}$
35. এক পারমাণবিক গ্যাসের জন্য মোলার আপেক্ষিক তাপদ্বয়ের অনুপাত (γ) এর মান কত? উত্তর: 1.67

36. একটি দ্বি-পরমাণু বিশিষ্ট গ্যাসের ক্ষেত্রে $\frac{C_p}{C_v}$ হল— উত্তর: 1.4

Related Information:

গ্যাস	স্বাধীনতার মাত্রা (f)	$\gamma = \frac{C_p}{C_v} = 1 + \frac{2}{f}$
এক-পরমাণুক	3	$\frac{5}{3} = 1.67$
দ্বি-পরমাণুক	5	$\frac{7}{5} = 1.4$
ত্রি-পরমাণুক (চাক্রিক)	6	$\frac{4}{3} = 1.33$

37. 10 গ্রাম পানি 4° সে. থেকে 14° সে. তাপমাত্রায় উত্তীর্ণ করতে কত ক্যালরি তাপ প্রয়োজন? উত্তর: 100 Cal

38. 0°C তাপমাত্রার 1 kg বরফকে 0°C তাপমাত্রার পানিতে পরিণত করতে কী পরিমাণ তাপের প্রয়োজন হবে?

উত্তর: 336000 Jkg^{-1}

39. 1 kg ভরের একটি বরফ 10 m উচ্চতা হতে পড়ে পানিতে রূপান্তরিত হলে উৎপন্ন তাপের পরিমাণ কত হবে?

উত্তর: 98 J

Hint: $Q = mgh$

40. 200 m উঁচু থেকে পানি পড়ছে। এক্ষেত্রে শীর্ষ ও পাদবিন্দুর তাপমাত্রার পার্থক্য কত? উত্তর: 0.48°C

41. 5 gm ভরের একটি সীসার বুলেট কোন দেয়ালে বাধাপ্রাপ্ত হলে তার তাপমাত্রা 160 K বৃদ্ধি পায়। অন্য কোনভাবে তাপ নষ্ট না হলে বুলেটের বেগ কত ছিল? [সীসার আপেক্ষিক তাপ $125 \text{ Jkg}^{-1}\text{K}^{-1}$]

উত্তর: 200 ms^{-1}

Hint: $\frac{1}{2}mv^2 = ms\Delta\theta$

42. 100 W ক্ষমতা সম্পন্ন একটি হিটারে 2 kg ভরের একটি কপারের খন্ডকে 40 s যাবৎ তাপ দেয়া হলে খন্ডটির তাপমাত্রা কত বৃদ্ধি হবে? (কপারের আপেক্ষিক তাপ $400 \text{ kg}^{-1}\text{K}^{-1}$) উত্তর: 5 K *Hint:* $Pt = ms\Delta\theta$

স্থির তড়িৎ

01. 1 টি ইলেকট্রনের চার্জ এর পরিমাণ হল— উত্তর: $1.602 \times 10^{-19} \text{ C}$

02. 1 m দূরত্বে অবস্থিত 1 C দুটি চার্জের মধ্যে কি পরিমাণ বল বিদ্যমান থাকে? উত্তর: $9 \times 10^9 \text{ N}$

03. দুটি সমান চার্জের মধ্যবর্তী দূরত্ব অর্ধেক করা হলে এবং চার্জ দুটির মান কমিয়ে অর্ধেক করা হলে বলের মান— উত্তর: অপরিবর্তিত থাকবে।

Hint: $F \propto \frac{q_1q_2}{d^2}$

04. 1×10^{-3} ভরের একটি শোলাবল $2 \times 10^{-4} \text{ C}$ চার্জে চার্জিত। বলটিকে অভিকর্ষীয় ক্ষেত্রে বুলন্ত অবস্থায় স্থির রাখতে কত NC^{-1} তড়িৎ ক্ষেত্রের প্রয়োজন? উত্তর: 49 NC^{-1}

Hint: $mg = qE$

05. 10^{10} NC^{-1} মানের একটি সুষম তড়িৎক্ষেত্রে স্থাপিত ইলেকট্রনের ত্বরণ কত হবে?

উত্তর: $1.76 \times 10^{21} \text{ ms}^{-2}$

Hint: $ma = qE$

06. যদি একটি তড়িৎক্ষেত্রের কোনো বিন্দুতে 2 C আধান 5 N বল অনুভব করে তাহলে ঐ বিন্দুতে তড়িৎ প্রাবল্যের মান কত হবে? উত্তর: 2.5 NC^{-1} Hint: $F = qE$
07. বাতাসে 100 C চার্জ হতে 1 m দূরে কোন বিন্দুতে বৈদ্যুতিক প্রাবল্য কত? উত্তর: $9 \times 10^{11} \text{ NC}^{-1}$
08. 10^{-6} C এবং $9 \times 10^{-6} \text{ C}$ মানের দুইটি আধান বিন্দু পরস্পর হতে 10 cm দূরে অবস্থিত। আধান দুটির সংযোগকারী রেখার কোন বিন্দুতে তড়িৎ প্রাবল্যের মান শূন্য হবে? উত্তর: 2.5 cm Hint: $x = \frac{d}{1 + \sqrt{\frac{q_2}{q_1}}}$
09. 40 cm দূরত্বে অবস্থিত $6 \times 10^{-9} \text{ C}$ ও $6 \times 10^{-9} \text{ C}$ মানের দুটি চার্জের সংযোগ রেখার ঠিক মধ্যবিন্দুতে তড়িৎ প্রাবল্য হবে— উত্তর: 0 NC^{-1}
10. দুইটি চার্জ যথাক্রমে -60 C এবং $+60 \text{ C}$ পরস্পর থেকে 0.12 m দূরত্বে অবস্থিত। চার্জ দুটির সংযোজন রেখার ঠিক মধ্যস্থলে প্রাবল্য হবে— উত্তর: $3 \times 10^{14} \text{ NC}^{-1}$
11. গোলকের অভ্যন্তরে প্রাবল্যের মান— উত্তর: শূন্য।
12. একটি গোলকের কেন্দ্রে বিভবের মান কত? উত্তর: পৃষ্ঠের বিভবের সমান।
13. একটি সুষম তড়িৎক্ষেত্রে 50 cm ব্যবধানে অবস্থিত দুইটি বিন্দুর বিভব পার্থক্য 200 V হলে তড়িৎক্ষেত্রের প্রাবল্য কত? উত্তর: 400 Vm^{-1} Hint: $E = \frac{V}{d}$
14. যদি তড়িৎ ক্ষেত্রের প্রাবল্য $+x$ অক্ষ বরাবর ক্রিয়া করে এবং এর মান $E = cx^2$ হয় যেখানে $c = \text{ধ্রুবক}$, তবে তড়িৎ বিভব $V = ?$ উত্তর: $-c \frac{x^3}{3}$
Hint: $E = -\frac{dV}{dr} \Rightarrow dV = -E dr \Rightarrow V = -\int cx^2 dr = -c \frac{x^3}{3}$
15. একটি বর্গক্ষেত্রের তিন কোণায় $+4 \text{ C}$, -3 C , $+6 \text{ C}$ চার্জ স্থাপন করলে চতুর্থ বিন্দুতে কত চার্জ দিলে কেন্দ্রে বিভব শূন্য হবে? উত্তর: -7 C Hint: $4 - 3 + 6 + x = 0 \Rightarrow x = -7 \text{ C}$
16. 12 C চার্জকে একস্থান থেকে অন্যস্থানে আনতে কত erg কাজ করা হবে যদি বিভব পার্থক্য 500 ভোল্ট হয়? উত্তর: $6 \times 10^{10} \text{ erg}$ Hint: $W = Vq$
17. খুব উচ্চ ফ্রিকোয়েন্সিতে ধারক কি হিসেবে কাজ করে? উত্তর: শর্ট সার্কিট।
18. একটি গোলকের ব্যাসার্ধ $9 \times 10^9 \text{ m}$ । গোলকটির ধারকত্ব হলো— উত্তর: 1 F
Hint: $C = 4\pi \epsilon_0 r = \frac{1}{9 \times 10^9} \times 9 \times 10^9 = 1 \text{ F}$
19. $5 \mu\text{F}$ এর 5 টি ধারক সিরিজ সংযোগে যুক্ত করা হলো। ঐ ধারকগুলোর সমতুল্য ধারকত্ব হচ্ছে—
উত্তর: $1 \mu\text{F}$ Hint: $C_{eq} = \frac{C}{n} = \frac{5}{5} = 1 \mu\text{F}$
20. সমান ধারকত্বের দুটি ধারকের সমান্তরাল সমবায়ে থাকাকালীন ধারকত্ব শ্রেণিবদ্ধ সমবায়ে ধারকত্বের কতগুণ হবে? উত্তর: চারগুণ। Hint: $C_p = n^2 C_s = 2^2 \times C_s = 4C_s$
21. তিনটি ধারকের ধারকত্ব যথাক্রমে 1, 2, 3 μF । সমান্তরাল বিন্যাস এর তুল্য ধারকত্ব কত হবে? উত্তর: 6 μF

22. 2, 3 ও 6 μF এর তিনটি ধারক শ্রেণি সমবায়ে 10 V উৎসের সাথে সংযুক্ত। 3 μF ধারকটিতে আধানের পরিমাণ— উত্তর: 10 μC **Hint:** $Q_{3\mu\text{F}} = \left(\frac{1}{2} + \frac{1}{3} + \frac{1}{6}\right)^{-1} \times 10 \mu\text{C}$
23. একটি সমান্তরাল পাত ধারকের প্রত্যেক পাতের ক্ষেত্রফল 3 গুণ বৃদ্ধি পেলে এবং পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 6 গুণ হ্রাস পেলে ধারকের ধারকত্ব কত হবে? উত্তর: 18 **Hint:** $C = \frac{\epsilon_0 A}{d} \Rightarrow C \propto \frac{A}{d}$
24. একটি স্থির দূরত্বে রাখা সমান্তরাল পাত ধারকের ধারকত্ব তার উপর প্রযুক্ত বিদ্যুৎ বিভবের—
উত্তর: বিভবের উপর ধারকত্ব নির্ভর করে না। **Hint:** $C = \frac{\epsilon_0 A}{d}$
25. ধারকের সঞ্চিত শক্তি? উত্তর: $W = \frac{1}{2} CV^2$
26. কোন চার্জিত ধারকের শক্তি তাহার উপর প্রযুক্ত ভোল্টেজের— উত্তর: বর্গানুপাতিক। **Hint:** $U = \frac{1}{2} CV^2$
27. একটি ধারকের দুই পাতের মধ্যে বিভব পার্থক্য V এবং ধারকের সঞ্চিত শক্তি X. ধারকের বিভব পার্থক্য বৃদ্ধি করে 3 V করা হলে সঞ্চিত শক্তি বৃদ্ধি পেয়ে কত হবে? উত্তর: 9 X **Hint:** $U = \frac{1}{2} CV^2 \Rightarrow U \propto V^2$
28. একটি সমান্তরাল পাত ধারককে চার্জিত করার ফলে এটির পাত দুইটির মধ্যে বিভব পার্থক্য হয় V। ধারকটির সঞ্চিত শক্তি দ্বিগুণ করার জন্য বিভব পার্থক্য কত হবে? উত্তর: $\sqrt{2} V$ **Hint:** $U = \frac{1}{2} CV^2 \Rightarrow V \propto \sqrt{U}$
29. একটি সমান্তরাল পাত ধারকের দুই প্লেটের মাঝে ডাই-ইলেকট্রিক পদার্থ ঢুকালে তার সঞ্চিত শক্তি পাঁচগুণ বৃদ্ধি পায়। ঐ পদার্থের ডাই-ইলেকট্রিক ধ্রুবকের মান হয়— উত্তর: 5
Hint: $U = \frac{1}{2} CV^2 = \frac{1}{2} \frac{\epsilon_0 k A}{d} V^2 \Rightarrow U \propto k$
30. একটি সমান্তরাল পাত ধারককে চার্জিত করার পর ব্যাটারি খুলে ফেলা হলো। এ অবস্থায় ধারকটিতে সঞ্চিত শক্তির পরিমাণ পাত দুটির দূরত্ব যদি দ্বিগুণ করা হয়, তবে ধারকে সঞ্চিত শক্তি কতগুণ হবে? উত্তর: 2 গুণ
Hint: $U = \frac{Q^2}{2C} = \frac{Q^2}{2 \frac{\epsilon_0 A}{d}} = \frac{Q^2 d}{2 \epsilon_0 A} \Rightarrow U \propto d$ [বিচ্ছিন্ন ধারকের জন্য]

আমাদের ডেডিকেটেড “প্রত্যাবর্তন ৩.০” ব্যাচে ভর্তি হতে [Enroll Now](#) তে ক্লিক করো।

বি. দ্র: কোর্সটি HSC-23 এবং HSC-24 ব্যাচের ভর্তি পরীক্ষার্থীদের জন্য।



চল তড়িৎ

01. একটি তামার তারের রোধ R হলে, এর দ্বিগুণ দৈর্ঘ্য ও ব্যাসার্ধ বিশিষ্ট একটি তামার তারের রোধ কত?
উত্তর: $\frac{R}{2}$ Hint: $R = \rho \frac{L}{A} \Rightarrow R \propto \frac{L}{A} \Rightarrow R \propto \frac{L}{r^2}$
02. সমান রোধ বিশিষ্ট দুটি তামার তারের দৈর্ঘ্য যথাক্রমে 1 m ও 16 m হলে, তার দুটির ব্যাসার্ধের অনুপাত হবে— উত্তর: $1 : 4$ Hint: $\sqrt{1} : \sqrt{16} = 1 : 4$
03. $6\ \Omega$ রোধের একটি তারকে টেনে তিনগুণ লম্বা করা হলে তারটির পরিবর্তিত বর্তমান রোধ কত হবে?
উত্তর: $54\ \Omega$ Hint: $R' = n^2 R = 3^2 \times 6 = 54\ \Omega$
04. $27\ \Omega$ রোধের একটি সুষম তারকে সমবাহু ত্রিভুজের আকারে বাকানো হলো। এর একটি বাহুর প্রান্তদ্বয়ের মধ্যবর্তী তুল্য রোধ কত? উত্তর: $6\ \Omega$ Hint: $R_{eq} = \frac{2}{9} R = \frac{2}{9} \times 27 = 6\ \Omega$
05. $2\ \Omega$ এর 5 টি রোধকে একবার শ্রেণি সমবাহু এবং অন্যবার সমান্তরাল সমবাহু সংযুক্ত করলে, শ্রেণি ও সমান্তরাল সমবাহুয়ের তুল্য রোধের অনুপাত কত হবে? উত্তর: $25 : 1$ Hint: $R_s = n^2 R_p$
06. কোনো পরিবাহীর তাপমাত্রা কমে গেলে রোধ— উত্তর: কমে।
07. ওহমের সূত্র কোন ক্ষেত্রে প্রযোজ্য নয়? উত্তর: অর্ধ-পরিবাহী ও তাপমাত্রা পরিবর্তনশীল পরিবাহী।
08. $200\ \Omega$ রোধের একটি বালের ভেতর দিয়ে 0.5 A তড়িৎ প্রবাহিত হলে এর দুই প্রান্তের বিভব পার্থক্য কত ভোল্ট? উত্তর: 100 V Hint: $V = IR$
09. কোন তারের দৈর্ঘ্য দ্বিগুণ করলে এর আপেক্ষিক রোধ কত হবে? উত্তর: অপরিবর্তিত থাকবে।
- Related Information:
- i. আপেক্ষিক রোধ পরিবাহীর উপাদানের উপর নির্ভরশীল।
- ii. তাপমাত্রা বাড়লে আপেক্ষিক রোধ বাড়ে। তাপমাত্রা কমলে আপেক্ষিক রোধ কমে।
10. যদি 5 A তড়িৎ 3 ঘন্টা ধরে একটি বাতির মধ্য দিয়ে প্রবাহিত হয় তাহলে ঐ বাতির মধ্য দিয়ে প্রবাহিত চার্জের মান— উত্তর: $5.4 \times 10^4\text{ C}$ Hint: $I = \frac{q}{t}$
11. একটি কোষের তড়িচ্চালক শক্তি 1.5 V এবং অভ্যন্তরীণ রোধ $2\ \Omega$ । এর প্রান্তদ্বয় $10\ \Omega$ রোধের তার দিয়ে যুক্ত করলে কত তড়িৎ প্রবাহিত হবে? উত্তর: 0.125 A Hint: $I = \frac{E}{R+r}$
12. 12 V তড়িচ্চালক শক্তি এবং $0.1\ \Omega$ অভ্যন্তরীণ রোধের একটি ব্যাটারিকে একটি বৈদ্যুতিক মোটরের সঙ্গে সংযুক্ত করলে ব্যাটারির প্রান্তদ্বয়ের বিভব পার্থক্য দাঁড়ায় 7 V । মোটরে সরবরাহকৃত কারেন্টের মান কত?
উত্তর: 50 A Hint: $E - IR = Ir \Rightarrow 12 - 7 = I \times 0.1 \Rightarrow I = 50\text{ A}$
13. এক কিলোওয়াট আওয়ার হল— উত্তর: $3.6 \times 10^6\text{ J}$
14. ইলেকট্রন ভোল্ট (eV) কিসের একক? উত্তর: শক্তি/কাজ।
15. $1\text{ Cal} = ?$ উত্তর: 4.2 J
16. নির্দিষ্ট পরিবাহিতে নির্দিষ্ট সময় ধরে তড়িৎ প্রবাহিত করলে সৃষ্ট তাপের পরিমাণ হবে প্রবাহিত তড়িৎ এর—
উত্তর: বর্গের সমানুপাতিক। Hint: $H = I^2 R t \Rightarrow H \propto I^2$

17. 1200 W একটি ইঞ্জি 30 মিনিট কাজ করলে, কত বৈদ্যুতিক শক্তির প্রয়োজন হবে? উত্তর: 0.6 kWh
18. 6 V শক্তির উৎস দ্বারা একটি বাতির মধ্য দিয়ে 0.3 A বিদ্যুৎ 2 মিনিট ধরে প্রবাহিত করা হলো, এই 2 মিনিটে বাতিটি দ্বারা শক্তি ব্যয়ের পরিমাণ কত? উত্তর: 216 J Hint: $H = VIt$
19. একটি পরিবাহীর রোধ 25Ω । এর মধ্য দিয়ে 1 A বিদ্যুৎ 5 মিনিট প্রবাহিত হলে কত ক্যালরি তাপ উৎপন্ন হয়? উত্তর: 7500 J Hint: $H = I^2Rt$
20. 100 ওয়াটের 5 টি বাতি প্রতিদিন 6 ঘন্টা করে জ্বালানো হয়। প্রতি ইউনিট বিদ্যুৎ খরচ 2.50 টাকা হলে মাসে বিদ্যুৎ বিলে কত টাকা হবে? উত্তর: 225 টাকা।
21. একটি বৈদ্যুতিক ইঞ্জিতে 220 V এবং 1200 W লেখা আছে। যদি প্রতি ইউনিট বিদ্যুৎ শক্তির মূল্য 1.00 টাকা হয়, তাহলে ইঞ্জিটি 2 ঘন্টা চালালে কত খরচ পড়বে? উত্তর: 2.4 টাকা।
22. একটি বৈদ্যুতিক বাস্তুর গায়ে লেখা আছে 100 W – 200 V। এর রোধ কত? উত্তর: 400Ω
Hint: $R = \frac{V^2}{P} = \frac{200 \times 200}{100} = 400 \Omega$
23. ‘ক’ ইলেকট্রিক বাস্তুর গায়ে লেখা আছে 10 W – 200 V এবং ‘খ’ বাস্তুর গায়ে লেখা আছে 20 W – 100 V। বাস্তু দুটিতে তড়িৎ প্রবাহিত হলে তড়িৎ প্রবাহের অনুপাত কত হবে? উত্তর: 1 : 4
24. একটি 120 W – 60 V বাতিকে 220 V লাইনে লাগানো হলো। পূর্ণ উজ্জ্বলতায় জ্বলার জন্য বাতির সাথে শ্রেণি সমবায়ে কত রোধ লাগাতে হবে? উত্তর: 80Ω
25. একটি 40 W ও একটি 60 W বাতিকে শ্রেণি সমবায়ে সাজানো হলে কোন বাতিটি বেশি উজ্জ্বল আলো দিবে? উত্তর: 40 W বাতি।
26. একটি বাড়ির মেইন মিটারে 10 A – 220 V লেখা আছে। 100 W এর কতটি বাতি ঐ বাড়িতে নিরাপত্তার সাথে ব্যবহার করা যাবে? উত্তর: 22 Hint: $10 \times 220 = 100n \Rightarrow n = 22$
27. শান্ট (shunt) হলো বৈদ্যুতিক যন্ত্রের সাথে— উত্তর: সমান্তরালে যুক্ত নিম্নমানের রোধ।
28. 100Ω রোধের একটি গ্যালভানোমিটার 10 mA তড়িৎপ্রবাহ নিরাপদে গ্রহণ করতে পারে। 10 A তড়িৎপ্রবাহ মাপার জন্য কত রোধের শান্ট দরকার? উত্তর: 0.1Ω
Hint: $S = \frac{R}{n-1} = \frac{100}{\frac{10}{10 \times 10^{-3}} - 1} = 0.1 \Omega$
29. 95Ω রোধের একটি গ্যালভানোমিটারের সাথে কত রোধের শান্ট জুড়ে দিলে মোট তড়িৎ প্রবাহের 5% গ্যালভানোমিটারের মধ্য দিয়ে প্রবাহিত হবে? উত্তর: 5Ω Hint: $\frac{I_G}{I} = \frac{S}{G+S}$
30. একটি হুইটস্টোন ব্রিজের চারটি বাহুতে যথাক্রমে 6, 18, 10 এবং 20 ওহমের (Ω) রোধ যুক্ত আছে। চতুর্থ বাহুতে কত মানের একটি রোধ যুক্ত করলে ব্রিজটি সাম্যবস্থা প্রাপ্ত হবে? উত্তর: 10Ω
Hint: $\frac{P}{Q} = \frac{R}{S} \Rightarrow \frac{6}{18} = \frac{10}{S} \Rightarrow S = 30 \Omega \therefore S' = 30 - 20 = 10 \Omega$ (শ্রেণিতে)

31. একটি হুইটস্টোন ব্রিজের চার বাহুতে যথাক্রমে 5, 10, 15 এবং 60 ওহমের (Ω) রোধ যুক্ত আছে। চতুর্থ বাহুতে কত মানের একটি রোধ যুক্ত করলে ব্রিজটি সাম্যবস্থায় আসবে? উত্তর: 60 Ω

Hint: $\frac{P}{Q} = \frac{R}{S} \Rightarrow \frac{5}{10} = \frac{15}{S} \Rightarrow S = 30 \Omega \quad \therefore \frac{1}{30} = \frac{1}{60} + \frac{1}{S'} \Rightarrow S' = \frac{60 \times 30}{60 - 30} = 60 \Omega$ (সমান্তরালে)

31. $\sqrt{i + \sqrt{i + \sqrt{i + \dots + \infty}}}$ এর মান কত? উত্তর: $\frac{1 + \sqrt{1+4i}}{2}$ Hint: ধরি, $x = \sqrt{i + \sqrt{i + \dots + \infty}}$
32. যদি $x = 2 - i$ হয়, তবে $x^3 - 3x^2 + x + 10$ এর মান কত? উত্তর: 5 Hint: $10 - [2^2 + (-1)^2]$

বহুপদী ও বহুপদী সমীকরণ

01. $x^2 - x + k = 0$ সমীকরণের একটি মূল 2 হলে অপর মূলটি হবে- উত্তর: -1
02. c এর মান কত হলে $x^2 - 3x + c = 0$ এর মূল দুইটি ক্রমিক সংখ্যা হবে? উত্তর: 2
03. c এর মান কত হলে $ax^2 + bx + c = 0$ সমীকরণটির একটির মূল অপরটির উল্টা হবে? উত্তর: a
04. $3x^2 - kx + 4 = 0$ সমীকরণের একটি মূল অপরটির তিন গুণ হলে k এর মান কত হবে? উত্তর: ± 8
Hint: $\frac{(n+1)^2}{n} = \frac{b^2}{ac} \Rightarrow \frac{(3+1)^2}{3} = \frac{(-k)^2}{3 \times 4} \Rightarrow k = \pm 8$
05. $ax^2 + bx + c = 0$ এর মূলদ্বয়ের অনুপাত 3:4 হলে- উত্তর: $12b^2 = 49ac$
Hint: $\frac{(n+1)^2}{n} = \frac{b^2}{ac} \Rightarrow \frac{(\frac{3}{4}+1)^2}{\frac{3}{4}} = \frac{b^2}{ac} \Rightarrow 12b^2 = 49ac$
06. $27x^2 + 6x - p + 2 = 0$ এর একটি মূল অপরটির বর্গের সমান হলে $p = ?$ উত্তর: 6, -1
07. $px^2 + x + 1 = 0$ সমীকরণের মূলদ্বয় সমান হলে p এর মান কত? উত্তর: $\frac{1}{4}$ Hint: $b^2 - 4ac = 0$
08. কোন শর্তে $ax^2 + bx + c = 0$ সমীকরণটির মূলদ্বয় বাস্তব এবং অসমান হবে? উত্তর: $b^2 - 4ac > 0$
09. k এর মান কত হলে $x^2 + kx + 1 = 0$ সমীকরণের মূলদ্বয় কাল্পনিক/জটিল হবে?
উত্তর: $-2 < k < 2$ Hint: $b^2 - 4ac < 0$
10. কোন শর্তে $ax^2 + bx + c = 0$ রাশিটি একটি পূর্ণবর্গ হবে? উত্তর: $b^2 - 4ac = 0$

11. k এর মান কত হলে $(k + 1)x^2 + 2(k + 3)x + 2k + 3$ রাশিটি পূর্ণবর্গ হবে? উত্তর: 3, -2
12. একটি দ্বিঘাত সমীকরণের একটি মূল $1 + i$ হলে অপর মূলটি কত? উত্তর: $1 - i$
Hint: অবাস্তব বা জটিল মূলগুলো জোড়ায় জোড়ায় আসে।
13. কোনো দ্বিঘাত সমীকরণের একটি মূল $1 + \sqrt{3}i$ হলে সমীকরণের মূলদ্বয়ের সমষ্টি এবং গুণফল কত?
 উত্তর: সমষ্টি = 2 এবং গুণফল = 4
14. $x^2 - bx + c = 0$ এবং $x^2 - cx + b = 0$ সমীকরণদ্বয়ের একটিমাত্র সাধারণ মূল থাকার শর্ত—
 উত্তর: $b + c + 1 = 0$
15. $a_1x^2 + b_1x + c_1 = 0$ এবং $a_2x^2 + b_2x + c_2 = 0$ দ্বিঘাত সমীকরণদ্বয়ের দুটি মূলই সাধারণ হওয়ার শর্ত কি? উত্তর: $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2} = \frac{c_1}{c_2}$
16. $x^2 - 4x + 3 = 0$ সমীকরণের মূলদ্বয় α, β হলে $\alpha + \beta, \alpha\beta$ মূলদ্বয় দ্বারা গঠিত সমীকরণ—
 উত্তর: $x^2 - 7x + 12 = 0$
17. একটি সমীকরণ যার মূলদ্বয় $3x^2 + 2x - 1 = 0$ সমীকরণের মূলের বিপরীত চিহ্ন বিশিষ্ট সেটি হবে—
 উত্তর: $3x^2 - 2x - 1 = 0$
Hint: $x = -\alpha \Rightarrow \alpha = -x \therefore 3(-x)^2 + 2(-x) - 1 = 0 \Rightarrow 3x^2 - 2x - 1 = 0$
18. $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় α, β হলে $\frac{1}{\alpha}, \frac{1}{\beta}$ মূলদ্বয় দ্বারা গঠিত সমীকরণ—
 উত্তর: $cx^2 + bx + a = 0$
Hint: $x = \frac{1}{\alpha} \Rightarrow \alpha = \frac{1}{x} \therefore a\left(\frac{1}{x}\right)^2 + b\left(\frac{1}{x}\right) + c = 0 \Rightarrow cx^2 + bx + a = 0$
19. $4x^2 - 5x - 2 = 0$ সমীকরণের মূলের দ্বিগুণ মূল বিশিষ্ট সমীকরণ হল— উত্তর: $2x^2 - 5x - 4 = 0$
Hint: $x = 2\alpha \Rightarrow \alpha = \frac{x}{2} \therefore 4\left(\frac{x}{2}\right)^2 - 5\left(\frac{x}{2}\right) - 2 = 0 \Rightarrow 2x^2 - 5x - 4 = 0$
20. $x^2 - 7x + 2 = 0$ সমীকরণের মূলদ্বয় হতে 2 কম মূল বিশিষ্ট সমীকরণটি— উত্তর: $x^2 - 3x - 8 = 0$
Hint: $x = \alpha - 2 \Rightarrow \alpha = x + 2 \therefore (x + 2)^2 - 7(x + 2) + 2 = 0 \Rightarrow x^2 - 3x - 8 = 0$
21. কোনো দ্বিঘাত সমীকরণের একটি মূল $1 + i$ হলে সমীকরণটি কত? উত্তর: $x^2 - 2x + 2 = 0$
Hint: $x = 1 + i \Rightarrow (x - 1)^2 = i^2 \Rightarrow x^2 - 2x + 2 = 0$
22. $x^3 - 7x^2 + 8x + 10 = 0$ সমীকরণের একটি মূল $1 + \sqrt{3}$ হলে অপর মূল দুইটি— উত্তর: $1 - \sqrt{3}, 5$
23. $ax^3 + bx^2 + cx + d = 0$ সমীকরণের মূলগুলি α, β, γ হলে $\Sigma\alpha$ এবং $\Sigma\alpha\beta$ এর মান কত?
 উত্তর: $\Sigma\alpha = -\frac{b}{a}$ এবং $\Sigma\alpha\beta = \frac{c}{a}$
24. $5x^3 + 6x^2 + 7x + 8 = 0$ সমীকরণের মূলত্রয়ের গুণফল কত? উত্তর: $-\frac{8}{5}$
25. $(2x^3 + 3x^2 - 7x - 10)$ কে $(x - 3)$ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে? উত্তর: 50
Hint: $x = 3$ বসালেই উত্তর পাওয়া যাবে।
26. a এর মান কত হলে $x^3 + x^2 + x + a$ রাশিটি $x + 2$ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে? উত্তর: 6

কনিক

01. $3x^2 + 4y^2 - 6x = 9$ সমীকরণটির জ্যামিতিক পরিচয় কি? উত্তর: উপবৃত্ত।
02. $xy = 2$ সমীকরণটি হবে— উত্তর: অধিবৃত্ত।
03. উৎকেন্দ্রিকতা শূন্য হলে তা কি নির্দেশ করে? উত্তর: বৃত্ত।
04. যদি $0 < e < 1$ সত্য হয়, কোন উৎকেন্দ্রিকতা (e) এর জন্য তবে সঞ্চারণপথটি হবে— উত্তর: উপবৃত্ত।
05. $e = 1$ হলে চলমান বিন্দুর সঞ্চারণপথ হবে— উত্তর: পরাবৃত্ত।
06. $e > 1$ হলে চলমান বিন্দুর সঞ্চারণপথ হবে— উত্তর: অধিবৃত্ত।
07. $y^2 - 4y - 4x + 16 = 0$ পরাবৃত্তের নিয়ামক/দিকাক্ষের সমীকরণ— উত্তর: $x = 2$
08. $y^2 + 4x = 0$ পরাবৃত্তের উপকেন্দ্রিক লম্ব এবং নিয়ামকের মধ্যবর্তী লম্ব দূরত্ব কত? উত্তর: 2

Hint: উপকেন্দ্রিক লম্ব এবং নিয়ামক রেখার মধ্যবর্তী দূরত্ব = $|2a|$

09. $3x^2 - 4y + 6x - 5 = 0$ পরাবৃত্তের উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য কত হবে? উত্তর: $\frac{4}{3}$
 10. $9x^2 + 4y^2 = 36$ উপবৃত্তের উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য কত? উত্তর: $\frac{8}{3}$ **Hint:** $\frac{2a^2}{b}$
 11. $\frac{x^2}{9} - \frac{y^2}{4} = 1$ অধিবৃত্তের উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য কত? উত্তর: $\frac{8}{3}$ **Hint:** $\frac{2b^2}{a}$
 12. $25x^2 + 16y^2 = 400$ উপবৃত্তের উৎকেন্দ্রিকতা কত? উত্তর: $\frac{3}{5}$ **Hint:** $e = \sqrt{1 - \frac{\text{ছোট বড়}}{\text{বড়}}} = \sqrt{1 - \frac{16}{25}}$
 13. $\frac{x^2}{9} - \frac{y^2}{16} = 1$ অধিবৃত্তের উৎকেন্দ্রিকতার (e) মান— উত্তর: $\frac{5}{3}$ **Hint:** $e = \sqrt{1 + \frac{\text{ছোট বড়}}{\text{বড়}}} = \sqrt{1 + \frac{9}{16}}$
 14. একটি উপবৃত্তের উপকেন্দ্রিক লম্ব ক্ষুদ্র অক্ষের অর্ধেক। উপবৃত্তটির উৎকেন্দ্রিকতা (e) কত? উত্তর: $\frac{\sqrt{3}}{2}$
 15. $y^2 = 4x + 4$ পরাবৃত্তের উপকেন্দ্রের স্থানাংক কত? উত্তর: $(0, 0)$
 16. $x^2 + 2y^2 = 4$ এর উপকেন্দ্র দুইটির স্থানাংক কত? উত্তর: $(\pm\sqrt{2}, 0)$ **16/9 হবে, উত্তর ঠিক আছে**
- Hint:** $x^2 + 2y^2 = 4 \Rightarrow \frac{x^2}{4} + \frac{y^2}{2} = 1 \therefore$ উপকেন্দ্র $(\pm\sqrt{4-2}, 0) = (\pm\sqrt{2}, 0)$
17. $\frac{x^2}{4} + \frac{y^2}{10} = 1$ উপবৃত্তের উপকেন্দ্র কত? উত্তর: $(0, \pm\sqrt{6})$ **Hint:** $(0, \pm\sqrt{10-4})$
 18. $9x^2 + 5y^2 = 45$ উপবৃত্তের উপকেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত? উত্তর: 4 **Hint:** $2ae$
 19. একটি উপবৃত্তের বৃহৎ অক্ষের দৈর্ঘ্য 6 একক এবং ক্ষুদ্র অক্ষের দৈর্ঘ্য 4 একক হলে উপবৃত্তটির সমীকরণ—
উত্তর: $\frac{x^2}{9} + \frac{y^2}{4} = 1$ **Hint:** $2a = 6 \Rightarrow a = 3$ এবং $2b = 4 \Rightarrow b = 2$
 20. $\frac{y^2}{4} - \frac{x^2}{5} = 1$ অধিবৃত্তটির উপকেন্দ্র দুইটির স্থানাংক কত? উত্তর: $(0, \pm 3)$ **Hint:** $(0, \pm\sqrt{4+5})$
 21. $y^2 = 4x + 8y$ পরাবৃত্তটির শীর্ষ বিন্দুর স্থানাংক কত? উত্তর: $(-4, 4)$
Hint: $\frac{\delta}{\delta y}(y^2) = \frac{\delta}{\delta y}(4x + 8y) \Rightarrow 2y = 0 + 8 \Rightarrow y = 4 \therefore 4^2 = 4x + 8 \times 4 \Rightarrow x = -4$
 22. $y^2 - x^2 = 1$ অধিবৃত্তটির শীর্ষবিন্দু দুইটির স্থানাংক কত? উত্তর: $(0, \pm 1)$ **Hint:** Option Test

23. $5x^2 + 9y^2 - 20x = 25$ উপবৃত্তের কেন্দ্রের স্থানাংক স্থানাংক কত? উত্তর: (2, 0)

Hint: $\frac{\delta}{\delta x}(5x^2 + 9y^2 - 20x) = \frac{\delta}{\delta x}(25) \Rightarrow 10x - 20 = 0 \Rightarrow x = 2$

আবার, $\frac{\delta}{\delta y}(5x^2 + 9y^2 - 20x) = \frac{\delta}{\delta y}(25) \Rightarrow 18y = 0 \Rightarrow y = 0$

24. $x^2 - 3y^2 - 2x = 8$ অধিবৃত্তের কেন্দ্রের স্থানাংক কত? উত্তর: (1, 0)

Hint: $\frac{\delta}{\delta x}(x^2 - 3y^2 - 2x) = \frac{\delta}{\delta x}(8) \Rightarrow 2x - 2 = 0 \Rightarrow x = 1$

আবার, $\frac{\delta}{\delta y}(x^2 - 3y^2 - 2x) = \frac{\delta}{\delta y}(8) \Rightarrow -6y = 0 \Rightarrow y = 0$

25. $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$ অধিবৃত্তের কেন্দ্রের স্থানাংক কত? উত্তর: (0, 0)

26. $x^2 - y^2 = 18$ অধিবৃত্তের ফোকাসদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত? উত্তর: 12

Hint: 2ae

27. একটি অধিবৃত্তের উপকেন্দ্র দুইটির দূরত্ব 16, উৎকেন্দ্রিকতা $\sqrt{2}$ এবং এর অক্ষদ্বয়ের অবস্থান স্থানাঙ্কের অক্ষ বরাবর। অধিবৃত্তটির সমীকরণ— উত্তর: $x^2 - y^2 - 32 = 0$

Hint: $2ae = 16 \Rightarrow a \times \sqrt{2} = 8 \Rightarrow a^2 = 32$

$\therefore e = \sqrt{1 + \frac{b^2}{a^2}} \Rightarrow \sqrt{2} = \sqrt{1 + \frac{b^2}{32}} \Rightarrow b^2 = 32$

\therefore অধিবৃত্তটির সমীকরণ, $\frac{x^2}{32} - \frac{y^2}{32} = 1 \Rightarrow x^2 - y^2 - 32 = 0$

28. $\frac{x^2}{25} + \frac{y^2}{p} = 1$ উপবৃত্তটি (4, 6) বিন্দু দিয়ে অতিক্রম করলে p এর মান কত? উত্তর: 100

Hint: সরলরেখা, বৃত্ত, পরাবৃত্ত, উপবৃত্ত এবং অধিবৃত্ত কোনো বিন্দুগামী হলে ঐ বিন্দু দ্বারা তা সিদ্ধ হবে।

29. $x = at^2, y = 2at$ পরামিতিক সমীকরণ দ্বারা সূচিত কণিক— উত্তর: $y^2 = 4ax$ (পরাবৃত্ত)

30. অধিবৃত্তের পরামিতিক স্থানাংক $(4 \sec \theta, 6 \tan \theta)$ হলে, অধিবৃত্তের সমীকরণ— উত্তর: $\frac{x^2}{16} - \frac{y^2}{36} = 1$

31. $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$ অধিবৃত্তের অসীমতটের সমীকরণ— উত্তর: $y = \pm \frac{b}{a}x$ **Hint:** $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 0$

32. যদি সরলরেখা $y = mx + 2$ প্যারাবোলা $y^2 = 8x$ কে স্পর্শ করে তখন m এর মান কত? উত্তর: 1

Hint: $c = \frac{a}{m}$

33. $y = 2x + c$ সরলরেখা $x^2 = y$ পরাবৃত্তকে স্পর্শ করলে c এর মান কত? উত্তর: -1

Hint: $c = -am^2$

34. সরলরেখা $y = mx + 1$ পরাবৃত্ত $y = x^2 + 3$ এর স্পর্শক হবে যদি m এর মান হয়— উত্তর: $\pm 2\sqrt{2}$

35. $y = 2x + c$ রেখাটি $\frac{x^2}{4} + \frac{y^2}{3} = 1$ উপবৃত্তের স্পর্শক হলে, c এর মান কত? উত্তর: $\pm\sqrt{19}$

Hint: $c^2 = a^2m^2 + b^2$

আমাদের ডেডিকেটেড “প্রত্যাবর্তন ৩.০” ব্যাচে ভর্তি হতে [Enroll Now](#) তে ক্লিক করো।

বি. দ্র: কোর্সটি HSC-23 এবং HSC-24 ব্যাচের ভর্তি পরীক্ষার্থীদের জন্য।

বিপরীত ত্রিকোণমিতিক ফাংশন ও ত্রিকোণমিতিক সমীকরণ

01. $\sec^2 (\tan^{-1}2) + \operatorname{cosec}^2 (\cot^{-1}3) = ?$ উত্তর: 15

02. $\operatorname{cosec} \theta + \cot \theta = \sqrt{3}$ হলে, θ এর মান কত? উত্তর: $\frac{\pi}{3}$

Hint: Option Test

■ নিম্নোক্ত সবগুলো টেবিল মুখস্ত করবে: (ঘুরে ফিরে এই টেবিলগুলো থেকেই প্রশ্ন হয়)

কোণ অনুপাত	0°	$\frac{\pi}{6}$	$\frac{\pi}{4}$	$\frac{\pi}{3}$	$\frac{\pi}{2}$	π	2π
sin	0	$\frac{1}{2}$	$\frac{1}{\sqrt{2}}$	$\frac{\sqrt{3}}{2}$	1	0	0
cos	1	$\frac{\sqrt{3}}{2}$	$\frac{1}{\sqrt{2}}$	$\frac{1}{2}$	0	-1	1
tan	0	$\frac{1}{\sqrt{3}}$	1	$\sqrt{3}$	অসংজ্ঞায়িত	0	0

$\sin \theta = \sin \alpha$ হলে $\theta = n\pi + (-1)^n \alpha; n \in \mathbb{Z}$ [AGRI: 22 – 23]

$\sin \theta = 0$ হলে $\theta = n\pi; n \in \mathbb{Z}$

$\sin \theta = 1$ হলে $\theta = (4n + 1)\frac{\pi}{2}; n \in \mathbb{Z}$ [SBAU: 08 – 09]

$\sin \theta = -1$ হলে $\theta = (4n - 1)\frac{\pi}{2}; n \in \mathbb{Z}$

$\cos \theta = \cos \alpha$ হলে $\theta = 2n\pi \pm \alpha; n \in \mathbb{Z}$ [BAU: 08 – 09, 12 – 13, 13 – 14, 17 – 18]

$\cos \theta = 0$ হলে $\theta = (2n + 1)\frac{\pi}{2}; n \in \mathbb{Z}$

$\cos \theta = 1$ হলে $\theta = 2n\pi; n \in \mathbb{Z}$

$\cos \theta = -1$ হলে $\theta = (2n + 1)\pi; n \in \mathbb{Z}$

$\tan \theta = \tan \alpha$ হলে $\theta = n\pi + \alpha; n \in \mathbb{Z}$

[BAU: 05 – 06, 08 – 09, SBAU: 13 – 14, 14 – 15, SAU: 11 – 12, 14 – 15]

$\tan \theta = 0$ হলে $\theta = n\pi; n \in \mathbb{Z}$

প্রশ্ন: ০১। $\cos \theta = -1$ হলে θ এর সাধারণ মান কোনটি?

- (a) $2n\pi$ (b) $(2n + 1)\pi$ (c) $(2n - 1)\pi$ (d) কোনটিই নয়

উত্তর: (b) ধরি, $n = 0$ । $\therefore (2n + 1)\pi = \pi \therefore \text{LS} = \cos \pi = -1 = \text{RS}$

প্রশ্ন: ০২। $\tan^2 x + \cot^2 x = 2$ এর সমাধান হবে—

- (a) $n\pi \pm \frac{\pi}{4}$ (b) $n\pi + \frac{\pi}{3}$ (c) $n\pi \pm \frac{\pi}{2}$ (d) $n\pi + \frac{\pi}{2}$

উত্তর: (a) ধরি, $n = 0$ । $\therefore n\pi \pm \frac{\pi}{4} = \pm \frac{\pi}{4} \therefore \text{LS} = \tan^2 \left(\pm \frac{\pi}{4}\right) + \cot^2 \left(\pm \frac{\pi}{4}\right) = 1 + 1 = 2 = \text{RS}$

প্রশ্ন: ০৩। $\tan^2\theta = \frac{1}{3}$ হলে θ এর সাধারণ মান কোনটি?

- (a) $n\pi \pm (-1)^n \frac{\pi}{6}$ (b) $2n\pi \pm \frac{\pi}{6}$ (c) $n\pi \pm \frac{\pi}{6}$ (d) $2n\pi + \frac{\pi}{6}$

উত্তর: (c) $\tan^2\theta = \frac{1}{3} \Rightarrow \tan\theta = \pm \frac{1}{\sqrt{3}} \Rightarrow \tan\theta = \pm \tan \frac{\pi}{6} \Rightarrow \theta = n\pi \pm \frac{\pi}{6}$

প্রশ্ন: ০৪। $\tan\theta \tan 3\theta = 1$ হলে $\theta = ?$

- (a) $(2n+1)\frac{\pi}{8}$ (b) $(2n-1)\frac{\pi}{8}$ (c) $(2n+1)\frac{\pi}{4}$ (d) $2n\pi - \frac{\pi}{6}$

উত্তর: (a) $(2n+1)\frac{\pi}{8}$

$$\sin^{-1}x + \cos^{-1}x = \sin^{-1}x + \sin^{-1}\frac{1}{x} = \frac{\pi}{2} \quad [\text{JGVC: 14 - 15, CVASU: 11 - 12, 12 - 13}]$$
$$\tan^{-1}x + \cot^{-1}x = \tan^{-1}x + \tan^{-1}\frac{1}{x} = \frac{\pi}{2} \quad [\text{SBAU: 11 - 12, 14 - 15, BAU: 12 - 13}]$$
$$\sec^{-1}x + \operatorname{cosec}^{-1}x = \frac{\pi}{2}$$

প্রশ্ন: ০১। $\sin(\tan^{-1}x + \cot^{-1}x) = ?$ উত্তর: 1

প্রশ্ন: ০২। $\operatorname{cosec}(\sin^{-1}x + \cos^{-1}x) = ?$ উত্তর: 1

প্রশ্ন: ০৩। $\tan^{-1}x + 2\cot^{-1}x = \frac{2\pi}{3}$ হলে $x = ?$ উত্তর: $\sqrt{3}$

Hint: $(\tan^{-1}x + \cot^{-1}x) + \cot^{-1}x = \frac{2\pi}{3} \Rightarrow \frac{\pi}{2} + \cot^{-1}x = \frac{2\pi}{3} \Rightarrow \cot^{-1}x = \frac{\pi}{3} \Rightarrow x = \sqrt{3}$

প্রশ্ন: ০৪। $\tan^{-1}(2x+3) + \cot^{-1}(2x+3)$ এর মান কত? উত্তর: $\frac{\pi}{2}$

i. $\sin^{-1}x + \sin^{-1}y = \frac{\pi}{2}$ হলে—

a. $x^2 + y^2 = 1$

[CVASU: 16 - 17, BAU: 16 - 17]

b. $x\sqrt{1-y^2} + y\sqrt{1-x^2} = 1$

ii. $\cos^{-1}x + \cos^{-1}y = \frac{\pi}{2}$ হলে—

a. $x^2 + y^2 = 1$

b. $xy - \sqrt{(1-x^2)(1-y^2)} = 0$

iii. $\sin^{-1}x = \cos^{-1}x$ হলে $x^2 + y^2 = 1$

iv. $\tan^{-1}x + \tan^{-1}y = \frac{\pi}{2}$ হলে ~~$x^2 + y^2 = 1$~~ **$xy = 1$**

প্রশ্ন: ০১। $\sin^{-1}x + \sin^{-1}y = \frac{\pi}{2}$ হলে y এর মান কত? উত্তর: $\sqrt{1-x^2}$

বিপরীত বৃত্তীয় ত্রিকোণমিতিক ফাংশনবিশিষ্ট সংযোজিত রাশির মান বের করতে হলে যদি দেখা যায় যে কোন সমস্যায় প্রথমে ও শেষে যথাক্রমে \sin ও \cos^{-1} অথবা \cos ও \sin^{-1} থাকে এবং তারপর ভিতরে যথাক্রমে \cot^{-1} ও \tan অথবা \tan^{-1} ও \cot থাকে, তাহলে শেষে যে রাশিটি থাকবে, তাই উত্তর হবে।

অনুরূপভাবে, যদি কোন সমস্যায় প্রথমে এবং শেষে যথাক্রমে \tan ও \cot^{-1} অথবা \cot ও \tan^{-1} থাকে এবং তারপর ভিতরে যথাক্রমে \sin^{-1} ও \cos অথবা \cos^{-1} ও \sin থাকে, তাহলে শেষে যে রাশিটি থাকবে, তাই উত্তর হবে।

i. $\sin \cot^{-1} \tan \cos^{-1} \frac{3}{5}$ এর মান $= \frac{3}{5}$ [AGRI: 21 – 22]

ii. $\cos \tan^{-1} \cot \sin^{-1} a$ এর মান $= a$ [SBAU: 13 – 14]

iii. $\tan \sin^{-1} \cos \cot^{-1} \frac{1}{\sqrt{x}}$ এর মান $= \frac{1}{\sqrt{x}}$ [CVASU: 13 – 14]

iv. $\cot \cos^{-1} \sin \tan^{-1} x$ এর মান $= x$

$\tan^{-1} x + \tan^{-1} y = \tan^{-1} \frac{x+y}{1-xy}$; ($xy < 1$) [BAU: 18 – 19, SBAU: 14 – 15]

$\tan^{-1} x - \tan^{-1} y = \tan^{-1} \frac{x-y}{1+xy}$; ($xy > -1$)

$\tan^{-1} x + \tan^{-1} y + \tan^{-1} z = \tan^{-1} \frac{x+y+z-xyz}{1-xy-yz-zx}$ [AGRI: 20 – 21, SAU: 16 – 17]

$2 \tan^{-1} x = \tan^{-1} \frac{2x}{1-x^2} = \sin^{-1} \frac{2x}{1+x^2} = \cos^{-1} \frac{1-x^2}{1+x^2}$ [CVASU: 11 – 12, BAU: 09 – 10]

প্রশ্ন: ০১। $\tan^{-1} \frac{1}{2} + \tan^{-1} \frac{1}{3} = ?$ উত্তর: $\frac{\pi}{4}$

প্রশ্ন: ০২। $\tan^{-1} 1 + \tan^{-1} 2 + \tan^{-1} 3 = ?$ উত্তর: π

প্রশ্ন: ০৩। যদি $\sin^{-1} \left(\frac{2a}{1+a^2} \right) - \cos^{-1} \left(\frac{1-b^2}{1+b^2} \right) = 2 \tan^{-1} x$ হয় তবে $x = ?$ উত্তর: $\frac{a-b}{1+ab}$

স্থিতিবিদ্যা

01. দুইটি সমান বলের লব্ধি বলদ্বয়ের সমান হলে বলদ্বয়ের মধ্যবর্তী কোণ কত? উত্তর: 120°

Hint: $R = 2P \cos \frac{\alpha}{2}$

02. যদি কোনো কণার উপর ক্রিয়ারত দুটি সমান বলের লব্ধির বর্গ তাদের গুণফলের তিনগুণ হয়, তাহলে বলদ্বয়ের অন্তর্ভুক্ত কোণের মান কত? উত্তর: 60° **Hint:** $R = 2P \cos \frac{\alpha}{2}$


03. দুইটি সমান বেগের মধ্যবর্তী কোণ α এবং লব্ধি যেকোনো বেগের সাথে θ কোণ উৎপন্ন করলে θ এর মান কত? উত্তর: $\frac{\alpha}{2}$

04. কোনো বিন্দুতে ক্রিয়ারত P ও $2P$ মানের বলদ্বয়ের লব্ধি যদি P বলের ক্রিয়া রেখার উপর লম্ব হয় তবে বলদ্বয়ের মধ্যবর্তী কোণ কত? উত্তর: 120°

05. দুইটি বলের লব্ধি 40 N যা ক্ষুদ্রতর বলের ক্রিয়ারেখার উপর লম্ব। ক্ষুদ্রতর বলটি 30 N হলে বৃহত্তম বলটি কত? উত্তর: 50 N

06. যদি কোন কণার উপর ক্রিয়ারত বলদ্বয়ের লব্ধি একটি বলের উপর লম্ব এবং এর মান অপরটির মানের এক-তৃতীয়াংশ হয়, তবে বলদ্বয়ের মানের অনুপাত হবে— উত্তর: $2\sqrt{2}:3$


Hint:



$$Q^2 = P^2 + R^2 \Rightarrow Q^2 = P^2 + \left(\frac{Q}{3}\right)^2 \Rightarrow P^2 = \frac{8}{9}Q^2 \Rightarrow P:Q = 2\sqrt{2}:3$$

07. 3 N ও 2 N মানের দুইটি বলের লব্ধি R। প্রথম বলের মান দ্বিগুণ করলে লব্ধির মানও দ্বিগুণ হয়। বলদ্বয়ের মধ্যবর্তী কোণের মান হবে— উত্তর: 120°
08. দুটি বলের বৃহত্তম লব্ধি 14 একক এবং ক্ষুদ্রতম লব্ধি 2 একক। বলদ্বয় পরস্পর লম্বভাবে ক্রিয়া করলে লব্ধি কত? উত্তর: 10 **Hint:** $2R_p^2 = R_{\max}^2 + R_{\min}^2$
09. কোনো বিন্দুতে P এবং 2P মানের দুইটি বল ক্রিয়াশীল। প্রথম বলটিকে দ্বিগুণ করে দ্বিতীয়টির মান 8 একক বৃদ্ধি করা হলে তাদের লব্ধির দিক অপরিবর্তিত থাকে। P এর মান— উত্তর: 4 **Hint:** $\frac{P}{2P} = \frac{2P}{2P+8}$
10. $2, \sqrt{5}$ এবং 3 মানের তিনটি বল কোন এক বিন্দুতে ক্রিয়ারত। এরা পরস্পর ভারসাম্য সৃষ্টি করলে প্রথম দুইটি বলের মধ্যবর্তী কোণ— উত্তর: 90°
11. একটি সমবাহু ত্রিভুজের বাহুত্রয়ের সমান্তরালে একইক্রমে সমবিন্দুতে কার্যরত 6, 10 এবং 14 একক মানের তিনটি বেগের লব্ধির মান হবে— উত্তর: $4\sqrt{3}$ **Hint:** সাধারণ অন্তর $\times \sqrt{3}$
12. P, Q এবং R বল তিনটি যথাক্রমে ABC ত্রিভুজের BC, CA এবং AB বাহু বরাবর ক্রিয়া করে। বল তিনটির লব্ধি ত্রিভুজের অন্তঃকেন্দ্রগামী হলে— উত্তর: $P + Q + R = 0$
13. ΔABC এর A, B এবং C তে তিনটি সমমুখী সমান্তরাল বল যথাক্রমে \vec{P} , \vec{Q} এবং \vec{R} ক্রিয়া করলে এবং লব্ধি ভরকেন্দ্রগামী হলে— উত্তর: $P = Q = R$
14. দুইজন লোক 30 kg ওজনের 6 m লম্বা একটি ভারী সুষম রড বহন করছে। একজন রডটির একপ্রান্ত থেকে 1 m ও অন্যজন অপর প্রান্ত থেকে 2 m দূরত্বে রডটি বহন করে নিয়ে যাচ্ছে। তাদের প্রত্যেকে কত ওজন বহন করে? উত্তর: 10 kg, 20 kg

Hint:



$$\frac{P}{1} = \frac{Q}{2} = \frac{30}{3} \quad [\text{বল} \div \text{অপর বলদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব}] \therefore P = 10 \text{ kg এবং } Q = 20 \text{ kg}$$

15. একজন লোক তার কাঁধে আনুভূমিকভাবে স্থাপিত 6 m দীর্ঘ একটি লাঠির এক প্রান্তে হাত রেখে অপর প্রান্তে 2 kg – wt এর একটি বস্তু বহন করছে। কাঁধের উপর চাপের পরিমাণ 58.8 N হলে কাঁধ হতে হাতের দূরত্ব কত? উত্তর: 2 m

$$\text{Hint: } a = \frac{Wl}{P} = \frac{2 \times 9.8 \times 6}{58.8} = 2 \text{ m}$$

সমতলে বস্তু কণার গতি

01. একটি প্রক্ষেপকের আনুভূমিক পাল্লা এর সর্বোচ্চ উচ্চতার চার গুণ হলে নিক্ষেপণ কোণ কত? উত্তর: 45°

$$\text{Hint: } \tan \alpha = \frac{4H}{R}$$

02. u আদি বেগে একটি বস্তু α কোণে উপরের দিকে নিষ্ফিণ্ড হলে উহার সর্বোচ্চ উচ্চতায় উঠার সময় কত?

$$\text{উত্তর: } t = \frac{u \sin \alpha}{g}$$

Related Information:

i. উড্ডয়ন কাল/পতনকাল, $t = \frac{u \sin \alpha}{g}$

ii. বিচরণ কাল, $T = \frac{2u \sin \alpha}{g}$

iii. আনুভূমিক পাল্লা, $R = \frac{u^2 \sin 2\alpha}{g}$ [দীর্ঘতম আনুভূমিক পাল্লা, $R_{\max} = \frac{u^2}{g}$; $\alpha = 45^\circ$]

iv. সর্বোচ্চ উচ্চতা, $H = \frac{u^2 \sin^2 \alpha}{2g}$ [সর্বোচ্চ উচ্চতায় প্রাস আনুভূমিকভাবে চলে।]

03. ভূমির সাথে 90° কোণে u বেগে নিষ্ফিণ্ড কোনো প্রক্ষেপকের সর্বাধিক উচ্চতা হবে— উত্তর: $\frac{u^2}{2g}$

Related Information:

i. উড্ডয়ন কাল/পতনকাল, $t = \frac{u}{g}$

ii. বিচরণ কাল, $T = \frac{2u}{g}$

04. খাড়া উপরের দিকে নিষ্ফিণ্ড একটি পাথর t_1 এবং t_2 সময়ে ভূমির h উচ্চতায় অবস্থান করলে h এর মান

$$\text{কত? উত্তর: } h = \frac{1}{2}gt_1t_2$$

05. একজন বৈমানিক 490 m উপর দিয়ে 10 ms^{-1} বেগে উড়ে যাওয়ার সময় একটি বোমা ফেলে দিল।

বোমাটি যে বস্তুতে আঘাত করবে তাঁর আনুভূমিক দূরত্ব কত হবে? উত্তর: 100 m

$$\text{Hint: } x^2 = \frac{2v_0^2y}{g} \Rightarrow x^2 = \frac{2 \times 10^2 \times 490}{9.8} \Rightarrow x = 100 \text{ m}$$

06. একজন লোক শ্রোতহীন অবস্থায় 100 m প্রশস্ত একটি নদী 4 মিনিটে সোজাসুজি সাঁতারিয়ে পার হতে

পারে কিন্তু শ্রোত থাকলে সেই একই পথ 5 মিনিটে অতিক্রম করতে পারে। শ্রোতের বেগ কত?

$$\text{উত্তর: } 15 \text{ m min}^{-1}$$

$$\text{Hint: } v = d \sqrt{\frac{1}{t_1^2} - \frac{1}{t_2^2}} = 100 \times \sqrt{\frac{1}{4^2} - \frac{1}{5^2}} = 15 \text{ m min}^{-1}$$

07. নৌকার বেগ 12 ms^{-1} এবং স্রোতের বেগ 6 ms^{-1} হলে নৌকাটি কত কোণে চালনা করলে সোজা অপর পাড়ে পৌঁছাবে? উত্তর: 120° Hint: $\alpha = \cos^{-1}\left(-\frac{6}{12}\right) = 120^\circ$
08. কোনো একটি নদীতে একটি নৌকা স্রোতের অনুকূলে ঘণ্টায় 12 মাইল এবং প্রতিকূলে ঘণ্টায় 4 মাইল বেগে চলে। নৌকাটিকে কোন দিকে চালালে সোজা অপর পাড়ে পৌঁছাবে? উত্তর: 120°
Hint: $\alpha = \cos^{-1}\left(-\frac{x-y}{x+y}\right) = \cos^{-1}\left(-\frac{12-4}{12+4}\right) = \cos^{-1}\left(-\frac{8}{16}\right) = \cos^{-1}\left(-\frac{1}{2}\right) = 120^\circ$
09. বৃষ্টি চলাকালীন একজন লোক 10 ms^{-1} বেগে চলছে। যদি বৃষ্টি 10 ms^{-1} বেগে খাড়া নিচের দিকে পড়ে তবে লোকটিকে উলম্বের সাথে কত কোণে ছাতা ধরতে হবে? 45° Hint: $\theta = \tan^{-1}\left(\frac{v_m}{v_r}\right)$
10. কী পরিমাণ বল 40 কেজি ভরের একটি স্থির বস্তুর উপর প্রয়োগ করলে 6 সেকেন্ডে এর বেগ 18 মি./সে. হবে? উত্তর: 120 N Hint: $F = ma = m\left(\frac{v-u}{t}\right)$
11. 600 ফুট দূরত্ব অতিক্রম করতে একটি মোটর গাড়ির গতিবেগ কমিয়ে 40 ft/sec হতে 20 ft/sec হলো। মন্দন কত? উত্তর: 1 ft/sec^2
Hint: $a = \frac{u^2 - v^2}{2s} = \frac{40^2 - 20^2}{2 \times 600} = \frac{(40+20)(40-20)}{2 \times 600} = \frac{60 \times 20}{2 \times 600} = 1 \text{ ft/sec}^2$
12. একটি বুলেট লক্ষ্যবস্তুর 3 cm ভেতরে প্রবেশ করতে তার অর্ধেক বেগ হারায়। লক্ষ্যবস্তুর প্রতিরোধ সুষম হলে বুলেটটি আর কতদূর প্রবেশ করবে? উত্তর: 1 cm Hint: $\frac{s}{3}$
13. একটি বুলেট 3 টি তক্তা ভেদ করতে পারে। এর বেগ 4 গুণ করা হলে কয়টি তক্তা ভেদ করতে পারবে? উত্তর: 48 টি। Hint: $n^2 \times$ পূর্ববর্তী তক্তা সংখ্যা $= 4^2 \times 3 = 16 \times 3 = 48$
14. একটি কুপের মধ্যে একখণ্ড পাথরের টুকরো ছেড়ে দেয়ার পর তা 19.6 ms^{-1} বেগে কুপের তলদেশে পতিত হয়। কুপের গভীরতা কত মিটার? উত্তর: 19.6 m Hint: $v^2 = u^2 + 2gh$
15. একটি বাঘ 20 m দূরে একটি হরিণকে দেখতে পেয়ে স্থির অবস্থান থেকে 3 ms^{-2} ত্বরণে হরিণটির পশ্চাতে দৌড়াল। হরিণটি 13 ms^{-1} সমবেগে দৌড়ালে কতক্ষণ পর বাঘটি হরিণটিকে ধরতে পারবে? উত্তর: 10 s

Hint: $s_t - s_d = 20 \Rightarrow \left(ut + \frac{1}{2}at^2\right) - vt = 20$
 $\Rightarrow \left(0 + \frac{1}{2} \times 3 \times t^2\right) - 13t = 20 \Rightarrow t = 10 \text{ s}$

আমাদের ডেডিকেটেড “প্রত্যাবর্তন ৩.০” ব্যাচে ভর্তি হতে [Enroll Now](#) তে ক্লিক করো।

বি. দ্র: কোর্সটি HSC-23 এবং HSC-24 ব্যাচের ভর্তি পরীক্ষার্থীদের জন্য।

❀...❀



এইচএসসি
২০২৩, ২০২৪

প্রত্যাবর্তন ৩.০

মেডি+ভার্সিটি কৃষি গুচ্ছ
জিএসটি গুচ্ছ



ফিজিক্স

ম্যাথ

ইংলিশ



কেমিস্ট্রি

বায়োলজি

www.phyhunt.com

২ লাখ ৯০ হাজার হান্টারদের সাথে নিয়ে ৫ম বর্ষের যাত্রা শুরু করেছে 'ফিজিক্স হান্টার্স'

আমাদের প্রকাশিত বই ও শীট সমূহ:



AGRI LAST VIEW

আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রাম ভর্তি পরীক্ষা: ২০২৩-২৪

জীববিজ্ঞান প্রথম পত্র

01. উদ্ভিদ কোষের অভ্যন্তরে pH রক্ষা করে কোনটি?

- (a) নিউক্লিওপ্লাজম (b) সাইটোপ্লাজম (c) কোষ গহ্বর (d) গ্লাইঅক্সিসোম

উত্তর: (c) কোষ গহ্বর

■ কোষ গহ্বর নিয়ে কিছু তথ্য-

☞ প্রোটোপ্লাজম দিয়ে গঠিত যে পাতলা পর্দা কোষগহ্বরকে বেষ্টিত করে থাকে তাকে টনোপ্লাস্ট বলে। এ পর্দা রাবার জাতীয়।

☞ কোষগহ্বরের এর অভ্যন্তরের রসকে কোষরস বলে।

☞ কোষরসে অজৈব লবন, জৈব এসিড, শর্করা আমিষ ও চর্বি জাতীয় পদার্থ ও যৌগিক রং বিদ্যমান।

কাজ: কোষরস ধারণ করা। (কোষীয় অঙ্গাণু গুলোর কাজ গুরুত্বপূর্ণ।)

02. নিচের কোন অঙ্গাণুটা অটোফ্যাগিতে জড়িত?

- (a) রাইবোসোম (b) এন্ডোপ্লাজমিক রেটিকুলাম (c) লাইসোসোম (d) গলগি বডি

উত্তর: (c) লাইসোসোম

■ লাইসোসোম নিয়ে কিছু তথ্য-

☞ আত্মঘাতী থলি বা সুইসাইডাল স্ফোয়াড, ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় জীবাণু ধ্বংস, অটোফ্যাগী/অটোফাজি, কেরাটিন প্রস্তুতি, অটোলাইসিস, পরিপাকে অংশগ্রহণ, সংক্রামক ব্যাকটেরিয়া ও ভাইরাসের আক্রমণ প্রতিরোধ করা।

03. কোন কোডনটি কোনো অ্যামাইনো অ্যাসিড নির্দেশ করে না?

- (a) CCU (b) ACU (c) UGA (d) AAG

উত্তর: (c) UGA

■ স্টার্ট কোডন হলো AUG। Stop codon ৩টি। যথা। UAA, UAG এবং UGA। এরা nonsense codon বা termination codon নামে পরিচিত।

04. নিচের কোনটি উদ্ভিদ কোষে অনুপস্থিত?

- (a) সেলুলোজ (b) কাইটিন (c) ফসফোলিপিড (d) ক্লোরোফিল

উত্তর: (b) কাইটিন

05. কোষে পানি ও pH এর পরিমাণ বজায় রাখে কোন কোষীয় অঙ্গাণুটি?

- (a) কোষঝিল্লি (b) সাইটোপ্লাজম (c) নিউক্লিয়াস (d) কোষ প্রাচীর

উত্তর: (b) সাইটোপ্লাজম

অঙ্গাণু	বিশেষ নাম	অঙ্গাণু	বিশেষ নাম
মাইটোকন্ড্রিয়া	শক্তি ঘর বা পাওয়ার হাউজ	প্রোটোপ্লাজম	জীবনের ভৌত ভিত্তি
রাইবোসোম	প্রোটিন তৈরির কারখানা	ক্রোমোজোম	বংশগতির ভৌত ভিত্তি
গলগি বডি	লাইসোকন্ড্রিয়া	যকৃত	মানবদেহের ল্যাবরেটরী, জীবন-সমুদ্রের কর্মমুখর পোতাশ্রয়
ডিএনএ	প্রোটিন তৈরির মাস্টারপ্ল্যান	বৃক্ক	মানবদেহের ছাঁকনযন্ত্র বলা হয়
লাইসোসোম	আত্মঘাতী থলিকা	হরমোন	দেহের রাসায়নিক বার্তা বাহক

অঙ্গাণু	বিশেষ নাম	অঙ্গাণু	বিশেষ নাম
নিউক্লিয়াস	কোষের প্রাণকেন্দ্র	হৃৎপিণ্ড	মানবদেহের প্রাণ
সাইটোস্কেলিটন	কোষের গাঠনিক কংকাল	অস্থি	রক্ত কনিকা তৈরীর কারখানা
হিমোগ্লোবিন	রবিন হুড অনু বলা হয়		

06. কোনটি আণবিক কাঁচি হিসাবে পরিচিত?

- (a) ইন্টারফেরন (b) লাইগেজ এনজাইম
(c) প্লাসমিড (d) রেস্ট্রিকশন এনজাইম

উত্তর: (d) রেস্ট্রিকশন এনজাইম

07. একটি mRNA-এর গঠনে মিউটেশনের জন্য UGG কোডটি UGA-তে পরিবর্তিত হলে, নিম্নের কোনটি ঘটতে পারে?

- (a) mRNA থেকে প্রোটিন তৈরির সময় ট্রান্সলেশন প্রক্রিয়া থেমে যাবে (b) ট্রান্সক্রিপশন পদ্ধতি বাধাগ্রস্ত হবে
(c) রিভার্স-ট্রান্সক্রিপশন পদ্ধতি বাধাগ্রস্ত হবে (d) mRNA টি RNA-তে রূপান্তরিত হবে

উত্তর: (a) mRNA থেকে প্রোটিন তৈরির সময় ট্রান্সলেশন প্রক্রিয়া থেমে যাবে

08. কোন প্রক্রিয়ায় RNA হতে DNA তৈরি হয়?

- (a) রেপ্লিকেশন (b) ট্রান্সলেশন (c) রিভার্স ট্রান্সক্রিপশন (d) ট্রান্সক্রিপশন

উত্তর: (c) রিভার্স ট্রান্সক্রিপশন

■ সম্পর্কিত তথ্যাবলী:

☛ DNA হতে DNA তৈরির প্রক্রিয়া- রেপ্লিকেশন; DNA হতে RNA তৈরির প্রক্রিয়া- ট্রান্সক্রিপশন।

☛ RNA হতে প্রোটিন তৈরির প্রক্রিয়া- ট্রান্সলেশন; RNA হতে DNA তৈরির প্রক্রিয়া- রিভার্স ট্রান্সক্রিপশন।

09. কোন অঙ্গাণুতে অক্সিসোম দেখা যায়?

- (a) মাইটোকন্ড্রিয়া (b) নিউক্লিয়াস (c) রাইবোসোম (d) লাইসোসোম

উত্তর: (a) মাইটোকন্ড্রিয়া

মাইটোকন্ড্রিয়া: মাইটোকন্ড্রিয়াকে কোষের পাওয়ার হাউস বা শক্তিঘর বলা হয়। কার্ল বেভা এর নামকরণ করেন। এ অঙ্গাণুতে ক্রেবস্ চক্র, ফ্যাটি অ্যাসিড চক্র, ইলেক্ট্রন ট্রান্সপোর্ট ঘটে। এতে ১০০ প্রকারের এনজাইম ও কো-এনজাইম রয়েছে। মাইটোকন্ড্রিয়া প্রোটিন সংশ্লেষণ ও স্নেহ বিপাকে সহায়তা করে, কোষের পূর্বনির্ধারিত মৃত্যু নিয়ন্ত্রণ করে। মাইটোকন্ড্রিয়াল ডিসঅর্ডার-পার্কিনসন অ্যালজেইমার, টাইপ-১ ডায়াবেটিস।

10. কোষপ্রাচীর এর প্রধান রাসায়নিক উপাদান হল-

- (a) সেলুলোজ (b) প্রোটিন (c) লিপিড (d) হিস্টোন

উত্তর: (a) সেলুলোজ

কোষ প্রাচীরের রাসায়নিক গঠন: মধ্যপর্দায় অধিক পরিমাণে পেকটিক অ্যাসিড থাকে। অদ্রবণীয় ক্যালসিয়াম পেকটেট এবং ম্যাগনেশিয়াম পেকটেট লবণ থাকে। সাধারণত কোষ প্রাচীরে ৪০% সেলুলোজ, ২০% হেমিসেলুলোজ, ৩০% পেকটিন ও ১০% গ্লাইকোপ্রোটিন থাকে। সেলুলোজ, হেমিসেলুলোজ ইত্যাদিতে পলিস্যাকারাইড এবং গ্লাইকোপ্রোটিন থাকে। Xyloglucan নামক হেমিসেলুলোজ কোষ প্রাচীর গঠনে ক্রসলিংক হিসেবে কাজ করে।

11. বহু নিউক্লিয়াসযুক্ত প্রাণী কোষকে কি বলা হয়?

- (a) সিনসিটিয়াল কোষ (b) প্লাজমোডিয়াম
(c) পিনোসাইটস (d) কোয়ানোসাইটস

উত্তর: (b) প্লাজমোডিয়াম
■ বহু নিউক্লিয়াসযুক্ত উদ্ভিদ কোষকে সিনোসাইটিক এবং বহু নিউক্লিয়াসযুক্ত প্রাণী কোষকে প্লাজমোডিয়াম বা সিনোসাইটিয়াম বলে।

12. DNA এর কার্যকরী একককে কী বলে?

(a) সিস্ট্রন

(b) রেকন

(c) কমপ্লন

(d) পেন্টোজ

উত্তর: (a) সিস্ট্রন

■ জিনের বিভিন্ন একক:

রেকন (Recon): জিন রিকম্বিনেশন এর একক। মিউটন (muton): জিন মিউটেশনের একক।

রেপ্লিকন (Replicon): DNA এর যে অংশ DNA এর অনুলিখন নিয়ন্ত্রণ করে। সিস্ট্রন (Cistron): জিন কার্যের একক।

13. পাটের ক্রোমোজোম সংখ্যা (2n) হলো-

(a) 20

(b) 40

(c) 28

(d) 14

উত্তর: (d) 14

■ ক্রোমোজোম সংখ্যা:

উদ্ভিদ/প্রাণীর নাম	ক্রোমোজোম সংখ্যা	উদ্ভিদ/প্রাণীর নাম	ক্রোমোজোম সংখ্যা
পাট, শশা, মটর	১৪	গরু, ছাগল	৬০
ধান, টমেটো	২৪	পিঁয়াজ	১৬
কিউলেক্স মশা	৬	মানুষ	৪৬
ইঁদুর, চিনাবাদাম	৪০	ফলের মাছি	৮

14. উদ্ভিদের জীবন্ত এককোষ থেকে অন্য কোষের সাথে প্রোটোপ্লাজমিক সংযোগকে কি বলা হয়?

(a) প্রোটোনেমা

(b) রেটিকুলেটা

(c) প্লাজমোডেসমাটা

(d) ওয়াল পোর

উত্তর: (c) প্লাজমোডেসমাটা

15. কোষ বিভাজনে প্রয়োজনে যে রাসায়নিক উপাদান দ্বারা প্রাথমিক সেলপ্লেট তৈরি হয় তার নাম কী?

(a) জিলাটিন

(b) সেলুলোজ

(c) পেকটিন

(d) হেমিসেলুলোজ

উত্তর: (c) পেকটিন

16. কোষ বিভাজনের কোন দশায় ক্রসিং ওভার ঘটে?

(a) প্যাকাইটিন

(b) জাইগোটিন

(c) লেপ্টোটিন

(d) ডিপ্লোটিন

উত্তর: (a) প্যাকাইটিন

→ লেপ্টোটিন	পোলারাইজড বিন্যাস দেখা যায়, ক্রোমোমিয়ার দেখা যায়।
→ জাইগোটিন	সিন্যাপসিস ঘটে, বাইভ্যালেট তৈরি হয় এবং প্রাণী কোষে সেন্দ্রিওলে বিভক্তির সূচনা ঘটে।
→ প্যাকাইটিন	ট্রেটার্ড, কার্যজমাটা তৈরী হয় এবং ক্রসিং ওভার ঘটে।
→ ডিপ্লোটিন	প্রান্তীয়করণ ঘটে, বিকর্ষণ ও লুপের সৃষ্টি হয়।
→ ডায়াকাইনেসিস	নিউক্লিওলাস ও নিউক্লিয়ার মেমব্রেনের বিলুপ্তি ঘটে।

17. সাইটোপ্লাজম পৃথকীকরণের মাধ্যমে দুটি কোষ সৃষ্টির প্রক্রিয়াকে কী বলে?

(a) সাইটোকাইনেসিস

(b) ক্যারিওকাইনেসিস

(c) অ্যামাইটোসিস

(d) গ্যামিটোজেনেসিস

উত্তর: (a) সাইটোকাইনেসিস

ক্যারিওকাইনেসিস (স্লাইখার নামকরণ করেন): নিউক্লিয়াসের বিভাজন।

সাইটোকাইনেসিস: সাইটোপ্লাজমের বিভাজন। সাইটোকাইনেসিস না হলে একটি কোষে বহু নিউক্লিয়াস উৎপন্ন হয়। এ ধরনের উদ্ভিদ কোষকে সিনোসাইটিক এবং প্রাণিকোষকে প্লাজমোডিয়াম বলে।

প্লাজমোগ্যামি: সাইটোপ্লাজমের মিলন।

কোষের ক্রমোজোম সংখ্যা হবে

18. মায়োসিস প্রক্রিয়ায় উৎপন্ন কোষের সংখ্যা মাতৃকোষের কতগুণ?

- (a) সমান (b) অর্ধেক (c) দ্বিগুণ (d) চারগুণ

উত্তর: (b) অর্ধেক

নোট: অ্যামাইটোসিস ও মাইটোসিস প্রক্রিয়ায় উৎপন্ন কোষের সংখ্যা মাতৃকোষের- সমান।

19. মায়োটিক কোষ বিভাজনের কোন পর্যায়ে হোমোলোগাস ক্রোমোসোম জোড়ার সৃষ্টি হয়?

- (a) লেপ্টোটিন (b) জাইগোটিন (c) প্যাকাইটিন (d) ডিপ্লোটিন

উত্তর: (b) জাইগোটিন

20. কোনটি সরিষা ফুলের পুষ্পপত্রবিন্যাস?

- (a) ভালভেট (b) টুইস্টেড (c) ইমব্রিকেট (d) কুইনকানশিয়াল

বিভিন্ন প্রকার এস্টিভেশন	উদাহরণ
ওপেন (Open) বা মুক্ত	জবার উপবৃতি বা গন্ধরাজের বৃতি।
ভালভেট (Valvate) বা প্রান্তস্পর্শী	জবার বৃতি, আতা, বাবলা, আকন্দ।
টুইস্টেড (Twisted) বা পাকানো	জবার দলমণ্ডল, করবী।
ইমব্রিকেট (Imbricate)	কৃষ্ণচূড়া, কালকাসুন্দা, বাঁদর লাঠি
কুইনকানশিয়াল (Quincuncial)	পেয়ারা, সরিষা ইত্যাদি।
ভেক্সিলারি (Vexillary)	অপরাজিতা, শিম, মটরশুঁটি, বক ইত্যাদি।

21. মায়োফাইব্রিল এ কি ধরনের আমিষ থাকে?

- (a) অ্যাকটিন এবং মায়োসিন (b) অ্যাকটিন এবং জিলাটিন
(c) মায়োসিন এবং ইলাস্টিন (d) কোলাজেন এবং মায়োসিন

উত্তর: (a) অ্যাকটিন এবং মায়োসিন

22. মাইটোসিস কোষ বিভাজনের কোন পর্যায়ে প্রতিটি ক্রোমাটিড একটি অপত্য ক্রোমোজোমে পরিণত হয়?

- (a) Prophase (b) Metaphase (c) Anaphase (d) Telophase

উত্তর: (c) Anaphase

■ **প্রোফেজ/প্রাক পর্যায়:** নিউক্লিওলাস ও নিউক্লিয়ার মেমব্রেনের বিলুপ্তি ঘটতে শুরু করে (জল বিয়োজন শুরু হয়)। এবং প্রতিটি ক্রোমোসোম হতে দুইটি করে সূত্রকে বিভক্ত হয় এদেরকে ক্রোমাটিড বলে।

■ **প্রোমেটাফেজ/প্রাকমধ্যপর্যায়:** স্পিন্ডল ফাইবারের সৃষ্টি হয় এবং ক্রোমোসোমীয় নৃত্য দেখা যায়।

■ **মেটাফেজ/মধ্যপর্যায়:** ক্রোমোসোম সুপার কয়েলিং প্রক্রিয়ায় সবচেয়ে খাটো ও মোটা হয়, মেটাকাইনেসিস ঘটে। ক্রোমোসোমগুলি কোষের বিষুবীয় অঞ্চলে অবস্থান করে এবং সেন্ট্রোমিয়ার বিভাজিত হয়।

■ **অ্যানাফেজ/গতিপর্যায়:** ক্রোমোসোমের মেরুমুখী চলন শুরু হয়। মেরুমুখী গমনে ক্রোমোসোম V, L, J, I আকৃতি ধারণ করে।

■ **টেলোফেজ/অন্তঃপর্যায়:** নিউক্লিওলাসের পুনঃআবির্ভাব ঘটে। সাইটোকাইনেসিস ঘটে এবং মাকুষন্ত্র ধীরে ধীরে অদৃশ্য হয়ে যায়।

23. জেনেটিক্যালি নিয়ন্ত্রিত কোষমৃত্যুকে কী বলে?

- (a) Necrosis (b) Apoptosis (c) Mitosis (d) Meiosis

উত্তর: (b) Apoptosis

কোষের মৃত্যু- **Necrosis:** পুষ্টির অভাব হলে বা বিষাক্ত দ্রব্যের কারণে কোষের মৃত্যু ঘটে। **Apoptosis:** এটি হলো কোষের জেনেটিক্যাল নিয়ন্ত্রিত মৃত্যু।

24. মাইটোসিস কোষ বিভাজনের কোন ধাপে নিউক্লিওলাস-এর বিলুপ্তি ঘটতে থাকে?

- (a) Metaphase (b) Prophase (c) Anaphase (d) Telophase

উত্তর: (b) Prophase

*প্রোফেজে নিউক্লিওলাস ও নিউক্লিয়ার এনভেলপের বিলুপ্তি ঘটতে থাকে।

*প্রোমেটাফেজে নিউক্লিওলাসের বিলুপ্তি ঘটে।

*মেটাফেজে নিউক্লিওলাস সম্পূর্ণ বিলুপ্ত থাকে।

25. বিভাজন ক্ষমতা নেই কোন কোষের?

(a) ফলিকুলার কোষ

(b) স্নায়ুকোষ

(c) আবরণী কোষ

(d) জনন মাতৃকোষ

উত্তর: (b) স্নায়ুকোষ

■ বিভাজন ক্ষমতাবিহীন যে সকল কোষ: পরিণত জনন কোষ বা গ্যামেট (শুক্রাণু, ডিম্বাণু) প্রাণীদেহের স্নায়ুকোষ, পেশীকোষ ও হৃদপেশী কোষ। সকল চলমান রক্তকোষ (RBC, WBC, Platelet) এবং উদ্ভিদের স্থায়ী কোষ।

26. নিচের কোনটিতে অ্যামাইটোসিস প্রক্রিয়ায় কোষ বিভাজন ঘটে?

(a) ফার্ন

(b) মস

(c) ইস্ট

(d) ভাইরাস

উত্তর: (c) ইস্ট

27. একটি ডিপ্লয়েড রেণু মাতৃকোষ মায়োসিস প্রক্রিয়ায় বিভাজিত হয়ে কয়টি হ্যাপ্লয়েড পরাগরেণু সৃষ্টি করে?

(a) 2 টি

(b) 3 টি

(c) 4 টি

(d) 6 টি

উত্তর: (c) 4 টি

28. মায়োসিস এর ফলে সৃষ্টি হয়-

(a) Gamete

(b) Meicyote

(c) Mesophyll

(d) Zygote

উত্তর: (a) Gamete

■ রিলেটেড তথ্য:

☞ √ ডিপ্লয়েড জীবে- টার্মিনাল মায়োসিস।

√ সম্পূর্ণ উদ্ভিদে - স্পোরিক মায়োসিস।

☞ √ শৈবাল ও ছত্রাকের দেহে- জাইগোমেটিক মায়োসিস।

29. কোন ব্যাকটেরিয়ার একটি মাত্র ফ্লাজেলাম থাকে?

(a) Spirillum minus

(b) Vibrio cholerae

(c) Pseudomonas fluorescens

(d) Bacillus subtilis

উত্তর: (b) Vibrio cholerae

☞ অ্যাক্টিকাস: এদের কোষে কোনো ফ্লাজেলাম থাকে না। উদাহরণ- Corynebacterium diphtheriae

☞ মনোট্রিকাস: এদের কোষের এক প্রান্তে একটিমাত্র ফ্লাজেলাম থাকে। উদাহরণ- Vibrio cholerae (কমা আকৃতির ব্যাকটেরিয়া)

☞ অ্যাক্সিট্রিকাস: দুই প্রান্তে একটি করে ফ্লাজেলাম থাকে। উদাহরণ- Spirillum minus

☞ পেরিট্রিকাস: এদের দেহের সবদিকেই ফ্লাজেলাম থাকে। উদাহরণ- Salmonella typhi.

30. নিচের কোনটি DNA ভাইরাস?

(a) হেপাটাইটিস বি

(b) চিকুনগুনিয়া

(c) টোবাকো মোজাইক

(d) ডেঙ্গু

উত্তর: (a) হেপাটাইটিস বি

DNA ভাইরাস: TIV, ভ্যারিওলা, T2, ভ্যাক্সিনিয়া, হার্পিস, হেপাটাইটিস- বি, ফুলকপির মোজাইক, এডিনো। Parvoviridae গোত্রের (ϕX_{174} -ও M_{13} কলিফায়) ভাইরাসের DNA একসূত্রক। **RNA ভাইরাস:** TMV, HIV, ডেঙ্গু, পোলিও, মাম্পস, র্যাবিস, চিকুনগুনিয়া। Reoviridae গোত্রের (রিওভাইরাস, ধানের বামন রোগের ভাইরাস) ভাইরাসের RNA দ্বিসূত্রক।

31. মাটিতে ফ্রি লিভিং নাইট্রোজেন সংবন্ধনকারী ব্যাকটেরিয়া কোনটি?

(a) Azotobactor

(b) Rhizobium

(c) Nitrosomonas

(d) Pseudomonas

উত্তর: (a) Azotobactor

☞ ফ্রি লিভিং বা ননসিমবায়োটিক: সায়ানো ব্যাকটেরিয়া, Anabaena, Nostoc, Azotobacter, Clostridium, Beijerinckia.

☞ সিমবায়োটিক: Rhizobium, Frankia

☞ নাইট্রোজেন সংবন্ধনে Azotobacter, Pseudomonas, Clostridium প্রভৃতি ব্যাকটেরিয়া সরাসরি বায়ু হতে নাইট্রোজেন গ্রহণ করে।

☞ Rhizobium সিম জাতীয় উদ্ভিদের মূলের নডিউলে নাইট্রোজেন সংবন্ধন করে।

☞ নাইট্রিফায়িং ব্যাকটেরিয়া: Nitrosomonas, Nitrococcus, Nitrobacter.

☞ পাট শিল্পে clostridium এবং পতঙ্গ নিয়ন্ত্রনে Bacillus thuringiensis ব্যাকটেরিয়া ব্যবহৃত হয়।

32. পরিপক্ব হওয়ার পর উপর থেকে নিচে দুটি কপাটে বিদীর্ণ হয় কোন প্রকারের ফল?

(a) লিগিউম

(b) ক্যাপসুল

(c) ক্যারিওপসিস

(d) বেরি

উত্তর: (a) লিগিউম

■ লিগিউম (Legume): ফল উপর থেকে নিচে দুটি কপাটে বিদীর্ণ হয়। যেমন- শিম, মটর।

■ ক্যাপসুল (Capsule): ফল উপর থেকে নিচে বহু কপাটে বিদীর্ণ হয়। যেমন- ধুতুরা, টেঁড়স, পাট।

33. বহুনিউক্লিয়াসযুক্ত ম্যালেরিয়া পরজীবীকে বলা হয়-

(a) ফেনেরোজোয়াইট

(b) সাইজন্ট

(c) মেরোজোয়াইট

(d) ট্রফোজোয়াইট

উত্তর: (b) সাইজন্ট

■ ম্যালেরিয়া পরজীবীর বিভিন্ন দশা ও বৈশিষ্ট্য:

ধাপ	বৈশিষ্ট্য
স্পোরোজয়েট	মাকু আকৃতির, মানবদেহে প্রবেশকৃত প্রথম দশা
ট্রিপ্টোজয়েট	গোলাকার আকৃতি
সাইজন্ট	বহু নিউক্লিয়াসবিশিষ্ট দশা
ট্রফোজয়েট	RBC'র প্রথম দশা
সিগনেট রিং	দেখতে আংটির মত
অ্যামিবয়েড ট্রফোজয়েট	সার্নাস কণা দেখা যায়, যার মাধ্যমে ম্যালেরিয়া শনাক্ত করা হয়
মেরোজয়েট	পাইরোজেন নিঃসরণ হয়, ফলে জ্বর আসে
রোজেট	ফুলের পাপড়ির মতো, হিমোজয়েন নামক বর্জ্য ক্ষরিত হয়

34. সবচেয়ে ছোট ভাইরাস কোন রোগ সৃষ্টি করে?

(a) হেপাটাইটিস বি

(b) হেপাটাইটিস সি

(c) তামাকের মোজাইক রোগ

(d) ফুট এন্ড মাউথ রোগ

উত্তর: (d) ফুট এন্ড মাউথ রোগ

■ ভাইরাসের বৈশিষ্ট্য: ভাইরাস 12 nm (পোলিও ভাইরাস) 300 nm (TMV) হয়। হেপাটাইটিস বি: হেপাটাইটিস রোগ হয়।

■ হেপাটাইটিস সি: একে তুষের আগুন বলে।

35. নিচের কোন ব্যাকটেরিয়া মুক্ত অক্সিজেন ছাড়াই বাঁচে?

(a) Azobactor

(b) Bacillus

(c) Clostridium

(d) Staphylococcus

উত্তর: (c) Clostridium

■ বাধ্যতামূলক অবায়বীয় অর্থাৎ, অক্সিজেন থাকলে বাঁচতে পারে না। উদাহরণ: Clostridium

■ সুবিধাবাদী অবায়বীয় অর্থাৎ, অক্সিজেনের উপস্থিতিতেও বাঁচতে পারে।

■ বাধ্যতামূলক বায়বীয় অর্থাৎ, অক্সিজেন ছাড়া বাঁচতে পারে না। উদাহরণ: Azotobacter xylinum, Bacillus anthracis, Azotobacter beijerinckii ইত্যাদি।

36. কোনটিতে ইনসুলিন তৈরির জিন সংযোজন করা হয়েছে?

(a) Bacillus

(b) Lactobacillus

(c) E. coli

(d) Agrobacterium

উত্তর: (c) E. coli

37. ম্যালেরিয়ার জীবাণু মানবদেহে প্রবেশের পর প্রথম কোথায় আশ্রয় নেয়?

(a) ক্ষুদ্রান্ত্র

(b) পাকস্থলী

(c) বৃহদন্ত্র

(d) যকৃত

উত্তর: (d) যকৃত

■ ম্যালেরিয়া পরজীবীর বিভিন্ন দশা:

- ☞ ম্যালেরিয়া জীবানুর অযৌন চক্র বা সাইজোগনি চক্র অতিবাহিত হয়- মানুষে।
- ☞ হেপাটিক সাইজোগনি ঘটে যুক্ত।
- ☞ ম্যালেরিয়া পরজীবীর যৌন চক্রের সর্বশেষ ধাপের নাম স্পোরোজয়েট।
- ☞ ম্যালেরিয়া পরজীবীর অযৌন চক্রের সর্বশেষ ধাপের নাম গ্যামিটোসাইট।
- ☞ ম্যালেরিয়া জীবানুর আক্রমণকারী পর্যায় মশকীর লালগ্রন্থিতে।
- ☞ ম্যালেরিয়া জীবানুর জীবনচক্রের সাফনার্স দানা দেখা পর অ্যামিবিয়োড ট্রাফোজয়েট।
- ☞ ম্যালেরিয়া জীবানুর মানবদেহে প্রবেশের পর প্রথমে প্রবেশ করে যুক্ত।

38. ক্যাপসিড হলো-

- (a) নিউক্লিক এসিড (b) ভাইরাসের প্রোটিন আবরণ
(c) মিউট্যান্ট ভাইরাস (d) কার্বহাইড্রেট আবরণ

উত্তর: (b) ভাইরাসের প্রোটিন আবরণ

■ বিভিন্ন প্রকার ভাইরাস: প্রিয়নস: রোগ উৎপাদনকারী প্রোটিন। **Virion:** সংক্রমনক্ষম ভাইরাস কণা। **Capsid:** নিউক্লিক এসিডকে ঘিরে প্রোটিন আবরণ। **Capsomere:** Capsid এর একটি আবরণ।

39. ভাইরাস এর দেহ গঠিত হয় যে উপাদান দিয়ে তার নাম কি?

- (a) প্রোটিন ও ভিটামিন (b) প্রোটিন ও নিউক্লিক এসিড
(c) প্রোটিন ও ফ্যাট (d) নিউক্লিক এসিড ও ফ্যাট

উত্তর: (b) প্রোটিন ও নিউক্লিক এসিড

40. ইনফ্লুয়েঞ্জা ভাইরাসের আকৃতি কেমন?

- (a) দণ্ডাকার (b) গোলাকার (c) ডিম্বাকার (d) বর্তুলাকার

উত্তর: (c) ডিম্বাকার

■ দণ্ডাকার (Rod-shaped): এদের আকার অনেকটা দণ্ডের মতো। উদাহরণ- টোবাকো মোজাইক ভাইরাস (TMV), আলফা-আলফা মোজাইক ভাইরাস, মাম্পস ভাইরাস।

■ গোলাকার (Spherical): এদের আকার অনেকটা গোলাকার। উদাহরণ- পোলিও ভাইরাস, TIV, HIV, ডেঙ্গু ভাইরাস।

■ ঘনক্ষেত্রাকার/বহুভুজাকার (Cubical/Polygonal): এসব ভাইরাস দেখতে অনেকটা পাউরুটির মতো। (যেমন- হার্পিস, ভ্যাকসিনিয়া ভাইরাস।)

■ ব্যাঙ্গাচি আকার (Tadpole shaped): এরা মাথা ও লেজ- এ দুই অংশে বিভক্ত। উদাহরণ- T₂, T₄, T₆ ভাইরাস। T-জোড়

■ সিলিন্ড্রিক্যাল/সূত্রাকার (Cylindrical/Thread shaped): এদের আকার লম্বা সিলিন্ডারের মতো। যেমন- Ebola virus ও মটরের স্ট্রিক ভাইরাস।

■ ডিম্বাকার (Oval shaped): এরা অনেকটা ডিম্বাকার। উদাহরণ- ইনফ্লুয়েঞ্জা ভাইরাস।

41. ভাইরাস হতে কিসের টিকা প্রস্তুত করা হয়?

- (a) কলেরার (b) টাইফয়েড (c) জন্ডিসের (d) যক্ষ্মা

উত্তর: (c) জন্ডিসের

■ সম্পর্কিত তথ্যাবলী:

☞ বসন্ত, পোলিও, প্লেগ এবং জলাতঙ্ক রোগের প্রতিষেধক টিকা ভাইরাস দিয়েই তৈরি করা হয়। ভাইরাস দিয়েই তৈরি করা হয়।

☞ ভাইরাস হতে 'জন্ডিস' রোগের টিকা তৈরি করা হয়।

☞ কলেরা, টাইফয়েড, আমাশয় ইত্যাদি রোগের ওষুধ তৈরিতে ব্যাকটেরিওফায় ভাইরাস ব্যবহার করা হয়।

☞ ভাইরাসকে বর্তমানে বহুল আলোচিত 'জেনেটিক প্রকৌশল'-এ বাহক হিসেবে ব্যবহার করা হয়।

☞ টিউলিপ ফুল (Tulipa gesneriana): লাল টিউলিপ ফুলে ভাইরাস আক্রমণের ফলে লম্বা লম্বা সাদা সাদা দাগ পড়ে। একে ব্রোকেন টিউলিপ বলে। এর ফলে ফুলের সৌন্দর্য বৃদ্ধি পায় এবং ফুলের মূল্য বেড়ে যায়।

42. নিচের কোন ভাইরাসটির বহিঃস্থ আবরণ নেই?

- (a) Human Immunodeficiency Virus (HIV)
(c) Tobacco Mosaic Virus (TMV)

- (b) Influenza Virus
(d) Herpes Virus

উত্তর: (c) Tobacco Mosaic Virus (TMV)

বহিঃস্থ আবরণহীন ভাইরাস: TMV, T₂ ভাইরাস। বহিঃস্থ আবরণযুক্ত ভাইরাস: ইনফ্লুয়েঞ্জা ভাইরাস, হার্পিস, HIV, করোনা।

HIV একটি রিট্রোভাইরাস। ইমার্জিং ভাইরাস: HIV, SARS, Nile virus, Ebola

নোট: আবরণযুক্ত ও আবরণবিহীন ভাইরাস এর নাম গুলো পড়তে হবে।

43. নিচের কোনটি ভাইরাসকে নিষ্ক্রিয় করতে পারে?

(a) রাইবোজোম

(b) ইন্টারফেরন

(c) হরমোন

(d) ব্যাকটেরিয়া

উত্তর: (b) ইন্টারফেরন

■ ইন্টারফেরন একটি এন্টিভাইরাস ড্রাগ। এটি ভাইরাসকে নিষ্ক্রিয় করতে পারে।

44. দ্বিনিষেকের ফলে উৎপন্ন সস্য কি ধরনের হয়?

(a) হ্যাপ্লয়েড (Haploid)

(b) ডিপ্লয়েড (Diploid)

(c) ট্রিপ্লয়েড (Triploid)

(d) হেক্সাপ্লয়েড (Hexaploid)

উত্তর: (c) ট্রিপ্লয়েড (Triploid)

45. কোনটি উভলিঙ্গ পুষ্প?

(a) তাল

(b) কুমড়া

(c) লাউ

(d) জবা

উত্তর: (d) জবা

নোট: ফুল ও ফলের প্রকারভেদ গুলো পড়তে হবে।

■ ফুল ও ফলের প্রকারভেদ:

প্রকারভেদ	উদাহরণ	প্রকারভেদ	উদাহরণ
উভলিঙ্গ	জবা, ধুতুরা	অসম্পূর্ণ (এক বা একাধিক স্তবক অনুপস্থিত)	লাউ, কুমড়া, রজনীগন্ধা
একলিঙ্গ	লাউ, কুমড়া	সমাজ পুষ্প (স্তবকগুলো সমআকার ও আকৃতি বিশিষ্ট)	ধুতুরা, জবা, বেগুন, সরিষা
পুংপুষ্প	লাউ এর পুংপুষ্প	অসমাজ পুষ্প (স্তবকগুলো বিষম আকার ও আকৃতি বিশিষ্ট)	শিম, মটরশুটি, অপরািজিতা
স্ত্রীপুষ্প	লাউ এর স্ত্রীপুষ্প	বহুপ্রতিসম	সরিষা, জবা, ধুতুরা
ক্লীবপুষ্প (পুং ও স্ত্রী স্তবক উভয়ই অনুপস্থিত)	সৌন্দর্যবর্ধক কিছু উদ্ভিদ	অপ্রতিসম	অর্কিড, কলাবতী, সর্বজয়া
সম্পূর্ণ (চারটি স্তবকই বিদ্যমান)	জবা, মটর, ধুতুরা	এক প্রতিসম	শিম, অপরািজিতা

46. গম এর বৈজ্ঞানিক নাম কি?

(a) Oryza sativa Linn

(c) Bambusa tulda Linn

(b) Triticum aestivum Linn

(d) Zea mays Linn

উত্তর: (b) Triticum aestivum Linn

47. জবা ফুলের (China Rose) অমরাবিন্যাস কোনটি?

(a) প্রান্তীয়

(b) অক্ষীয়

(c) বহুপ্রান্তীয়

(d) মূলীয়

উত্তর: (b) অক্ষীয়

■ অমরা বিন্যাস:

নাম	উদাহরণ
মার্জিনাল বা একপ্রান্তীয়	মটরশুটি (<i>Pisum sativum</i>), শিম (<i>Lablab purpureus</i>), অপরাজিতা
বেসাল বা মূলীয়	ত্রিধারা, সূর্যমুখী (<i>Helianthus annuus</i>), ধান, গাঁদা
ফ্রিসেন্ট্রাল বা মুক্তমধ্য	তুঁতে, নুনিয়া শাক, বনধনিয়া, ডায়াস্থাস
অ্যাক্সাইল বা অক্ষীয়	জবা, ধুতুরা, রজনীগন্ধা, টেঁড়স, বেগুন
সুপারফিশিয়াল বা গাত্রীয়	শাপলা (<i>Nymphaea nouchali</i>), শালুক, পদ্ম (<i>Nelumbo nucifera</i>), শিয়াল কাটা
এ্যাপিকাল বা শীর্ষক	ধনিয়া (<i>Coriandrum sativum</i>), লালপাতা, ক্রোটন
প্যারাইটাল বা বহুপ্রান্তীয়	লাউ (<i>Lagenaria vulgaris</i>), শসা (<i>Cucumis sativus</i>), পেঁপে, কুমড়া, সরিষা

নোট: অমরাবিন্যাস ভালভাবে দেখতে হবে। (7* topic)

48. কোনটি Poaceae গোত্রের ফল?

- (a) সিলিকুয়া (b) ক্যাপসিউল (c) ক্যারিওপসিস (d) লোমেস্টাস

উত্তর: (c) ক্যারিওপসিস

49. কোন উদ্ভিদের পুষ্প ত্রিইমেরাস?

- (a) জবা (b) ধান (c) টমেটো (d) টিউলিপ

উত্তর: (b) ধান

50. নিচের কোনটিতে কোরালয়েড মূল পাওয়া যায়?

- (a) Cycas (b) Pinus (c) Hibiscus (d) Ficus

উত্তর: (a) Cycas

■ Cycas উদ্ভিদের শনাক্তকারী বৈশিষ্ট্য: Cycas উদ্ভিদ স্পোরোফাইটিক। দেহ মূল, কাণ্ড ও পাতায় বিভক্ত। উদ্ভিদ খাড়া পাম জাতীয় বা ট্রি-ফার্নের মতো বলে একে পামফার্ন (Palm-forn) বলা হয়। বীজ উৎপন্ন হয় কিন্তু ফল উৎপন্ন হয় না। অর্থাৎ বীজ নগ্ন। পাতা বৃহৎ, পক্ষল যৌগিক, কাণ্ডের মাথার দিকে সর্পিলাকারে সজ্জিত। কচি পাতার ভার্নেশন সারসিনেট (কুণ্ডলিত)। পাতায় ট্রান্সফিউশন টিস্যু বিদ্যমান। গোণ অস্থানিক কোরালয়েড মূল বিদ্যমান। Cycas-এর শুক্রাণু উদ্ভিদকুলে সর্ববৃহৎ, লাটিমের মতো, সচল ও বহুফ্ল্যাগেলাবিশিষ্ট। আর্কিগোনিয়াম সৃষ্টি cycas এর একটি আদি বৈশিষ্ট্য।

51. সয়াবিন তেলের উৎস?

- (a) Sesamum indicum (b) Glycine max
(c) Arachis hypogaea (d) Helianthus annu

উত্তর: (b) Glycine max

52. কোন উদ্ভিদ থেকে এরারকট তৈরি করা হয়?

- (a) Cycas circinalis (b) Cycas revoluta
(c) Cycas pectinate (d) Cycas media

উত্তর: (a) Cycas circinalis

■ Cycas circinalis এর স্ফীতকন্দ ও বীজ হতে একপ্রকার এরারকট (বার্লি) প্রস্তুত করা হয়। এর কচি পাতা পাকস্থলির পীড়া ও চর্মরোগের। ওষুধ হিসেবে ব্যবহৃত হয়। Cycas revoluta এর বীজ খাদ্য হিসেবে ব্যবহৃত হয়। Cycas pectinata উদ্ভিদের কচিপাতা সবজি হিসেবে ব্যবহৃত হয়।

নোট: নগ্নবীজী আবৃতবীজীর বৈশিষ্ট্য গুলো পড়তে হবে।

53. নিচের কোনটি অপ্রকৃত ফল?

- (a) আনারস (b) আম (c) লিচু (d) পেয়ারা

উত্তর: (a) আনারস

ফলের নাম	উদাহরণ	ফলের নাম	উদাহরণ
প্রকৃত (গর্ভাশয় থেকে উৎপন্ন)	আম, জাম, লিচু	সিলিকুয়া (শুষ্ক বিদারী)	সরিষা, মুলা
গুচ্ছিত (একটি পুষ্প হতে একগুচ্ছ ফল)	আতা	বেরি (এক বা একাধিক গর্ভপত্রী ও বহুবীজী)	কলা, টমেটো, বেগুন
পেপো (বহু বীজযুক্ত সরস ফল যাদের অমরাবিন্যাস বহুপ্রান্তীয়)	কুমড়া, শসা	ক্যারিঅপসিস (এক প্রকোষ্ঠ ও একটি বীজযুক্ত)	ধান, গম, ভুট্টা
ক্যাপসিউল (উপর থেকে নিচে বহু কপাটে বিদীর্ণ)	ধুতুরা, পাট, টেঁড়স	সরোসিস (রসালো যৌগিক)	কাঁঠাল, আনারস

54. "Cycas" উদ্ভিদের সস্য নিচের কোন ধরনের?

- (a) হ্যাঙ্গয়েড (b) ড্রিপ্লয়েড (c) পলিপ্লয়েড (d) ডিপ্লয়েড

উত্তর: (a) হ্যাঙ্গয়েড

55. সাইকাসের কোরালয়েড মূলের ভেতর থাকে-

- (a) Funaria and Riccia (b) Anabaena and Nostoc
(c) Spirogyra and Navicula (d) Azolla and Polysiphonia

উত্তর: (b) Anabaena and Nostoc

■ প্রাথমিক পর্যায়ে cycas এর প্রধান মূল থাকে। তবে ইহা স্বল্পস্থায়ী কারণ অল্পকাল পরে প্রধানমূল নষ্ট হয়ে যায়। পরে সেখানে অস্থানিক মূল সৃষ্টি হয়। কোরাল আকৃতির এসব মূলকে কোরালয়েড মূল বা রুট টিউবারকল বলে। কোরালয়েড মূলের অন্তর্গঠনে মধ্যকর্টেক্সে anabaena & nostoc অবস্থান করে। একে শৈবাল স্তর বলে।

56. আমিষ সরবরাহকারী উদ্ভিদ তান্ত্রিক পরিবারের নাম কি?

- (a) গ্র্যামিনী (b) সোলানেসিস (c) মালভেসিস (d) ফ্যাবাসী

উত্তর: (d) ফ্যাবাসী

নাম	বৈশিষ্ট্য	নাম	বৈশিষ্ট্য
Brassicaceae (Cruciferae)	সবজি জাতীয় গোত্র	Gramineae (Poaceae)	ঘাস গোত্রীয়
Fabaceae (Leguminaceae)	ডাল জাতীয় গোত্র	Malvaceae	প্রধানত তন্তু জাতীয়
Solanaceae	সবজি ও তামাক জাতীয়	Liliacene	মসলা ও ঔষধ জাতীয়

57. বিশ্বের সবচেয়ে ক্ষুদ্রতম আবৃতবীজী উদ্ভিদ কোনটি?

- (a) Eucalyptus (b) Wolffia (c) Pistia (d) Azolla

উত্তর: (b) Wolffia

58. ডালজাতীয় ফসলের উদ্ভিদতান্ত্রিক পরিবারের নাম কি?

- (a) ক্রসিফেরি (b) গ্র্যামিনি (c) লিগিউমিনাসিস (d) সোলোনেসিস

উত্তর: (c) লিগিউমিনাসিস

59. ধানের পুষ্পমঞ্জরি নিচের কোনটি?

- (a) রেসিম (b) স্পাইকলেট (c) স্পাডিশ (d) আয়েল

উত্তর: (b) স্পাইকলেট

■ একত্রী তথ্য:

☞ রেসিম: সরিষা; স্পাইক: রজনীগন্ধা; কেপিচুলাম: গাঁদা, সূর্যমুখী (ধান এবং জবা ফুলের বৈশিষ্ট্যগুলো মুখস্ত থাকতে হবে।)

60. সাইমোস পুষ্পমঞ্জরীর উদাহরণ-

- (a) গাঁদা (b) জবা (c) সূর্যমুখী (d) কসমস

উত্তর: (b) জবা

61. বাংলাদেশে প্রাকৃতিকভাবে জন্মানো নগ্নবীজী উদ্ভিদ প্রজাতির সংখ্য কত?

(a) 5 টি

(b) 10 টি

(c) 8 টি

(d) 15 টি

উত্তর: (a) 5 টি (বাংলাদেশে প্রাপ্ত সব সংখ্যা চ্যাপ্টার রিলেটেড সব পড়বে।)

62. প্রান্তস্পর্শী পুষ্পপত্রবিন্যাসের উদাহরণ কোনটি?

(a) জবা ফুল

(b) কৃষ্ণচূড়া ফুল

(c) বাবলা ফুল

(d) কালকাসুন্দা ফুল

উত্তর: (c) বাবলা ফুল

■ পুষ্পপত্রবিন্যাস/এস্টিভেশন:

নাম	উদাহরণ
ভালভেট বা প্রান্তস্পর্শী	আতা, আকন্দ, বাবলা, জবা ফুলের বৃতি
টুইস্টেড বা পাকানো	জবা এর দলমণ্ডল, করবী
ইমব্রিকেট	কৃষ্ণচূড়া, বাদরলাঠি, কালকাসুন্দা
ওপেন বা মুক্ত	গন্ধরাজ, জবার উপবৃতি
ভেঙ্কিলারি	প্রজাপতিসম ফুল, মটরশুটি, শিম, অপরাজিতা
কুইনকানসিয়াল	পেয়ারা, সরিষা

63. নিচের কোন বাক্যটি সঠিক?

(a) বেরির উদাহরণ হলো টমেটো

(b) কাঁঠাল একটি সরল ফল

(c) আতা একটি যৌগিক ফল

(d) সিলিকুয়ার উদাহরণ হলো ধনে

উত্তর: (a) বেরির উদাহরণ হলো টমেটো

64. আবৃতবীজী উদ্ভিদের এন্ডোস্পার্ম হলো-

(a) হ্যালয়েড

(b) ডিপ্লয়েড

(c) ট্রিপ্লয়েড

(d) টেট্রাপ্লয়েড

উত্তর: (c) ট্রিপ্লয়েড

65. Poaceae গোত্রের উদ্ভিদের স্পাইকলেটের প্রথম ব্লাস্ট কে কি বলে?

(a) প্যালিয়া

(b) লিগিউল

(c) লেমা

(d) পিপিউল

উত্তর: (c) লেমা

66. ডুমুরের যে বিশেষ ধরণের পুষ্পমঞ্জরী দেখা যায় তার নাম কী?

(a) ভার্টিসিলেস্টার

(b) সাইথিয়াম

(c) সাইমোস

(d) হাইপ্যানথোডিয়াম

উত্তর: (d) হাইপ্যানথোডিয়াম

67. নিচের কোন উদ্ভিদে লেপ্টোসেন্ট্রিক ভাস্কুলার বান্ডল পাওয়া যায়?

(a) Dracaena

(b) Lycopodium

(c) Pteris

(d) Selaginella

উত্তর: (a) Dracaena

■ জাইলেম কেন্দ্রিক বা হ্যাড্রোসেন্ট্রিক: Pteris, Lycopodium, Selaginella

■ ফ্লোয়েম কেন্দ্রিক বা লেপ্টোসেন্ট্রিক: Dracaena, Yucca

■ মুক্ত সমপার্শ্বীয়: দ্বিবীজপত্রী উদ্ভিদ (কুমড়া জাতীয় উদ্ভিদের কাণ্ড ব্যতীত ও নগ্নবীজী উদ্ভিদের কাণ্ডের ভাস্কুলার বান্ডল)

■ বদ্ধ সমপার্শ্বীয়: একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডের ভাস্কুলার বান্ডল। সমদ্বিপার্শ্বীয়: লাউ, কুমড়া, শশা। অরীয়: পুষ্পক উদ্ভিদের মূলে।

■ নোট: ভাস্কুলার বান্ডল এর উদাহরণ গুলো গুরুত্বপূর্ণ।

68. নিচের কোনটি ইমার্জিৎ ভাইরাস নয়?

(a) Herpes

(b) SARS

(c) Nile Virus

(d) Ebola

উত্তর: (a) Herpes

69. নিচের কোনটি লাইসোজেনিক চক্র সম্পন্ন করে?

(a) T₄ ফায

(b) M₁₃ ফায

(c) T₂ ফায

(d) T₆ ফায

উত্তর: (b) M₁₃ ফায

70. উদ্ভিদের কাণ্ডের পরিধি বৃদ্ধির জন্য কোন টিস্যু দায়ী?

(a) জাইলেম

(b) ক্যাম্বিয়াম

(c) ফ্লোয়েম

(d) কর্টেক্স

উত্তর: (b) ক্যাম্বিয়াম

71. উদ্ভিদের মূলে কোন ধরনের ভাস্কুলার বান্ডল দেখা যায়?

(a) অরীয় বান্ডল

(b) সমদ্বিপার্শ্বীয় বান্ডল

(c) সমপার্শ্বীয় বান্ডল

(d) কেন্দ্রিক বান্ডল

উত্তর: (a) অরীয় বান্ডল

72. পাতার গ্রাউন্ড টিস্যুকে বলা হয়-

(a) এপিথেম (Epithem)

(b) ক্যাম্বিয়াম (cambium)

(c) কর্টেক্স (cortex)

(d) মেসোফিল (mesophyll)

উত্তর: (d) মেসোফিল (mesophyll)

■ এক্সট্রা তথ্য:

☞ পাতার গ্রাউন্ড টিস্যুকে মেসোফিল বলে। বিষমপৃষ্ঠ পাতায় প্যালিসেড ও স্পঞ্জী প্যারেনকাইমা কোষের থাকে। সমাঙ্গ পৃষ্ঠ পাতায় শুধু এক ধরনের প্যারেনকাইমা টিস্যু হয় প্যালিসেড, নয় স্পঞ্জী থাকে। মেসোফিল টিস্যু সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় খাদ্য তৈরী করে।

73. মূলের বহিরাবরণের নাম কী?

(a) এপিডার্মিস

(b) এপিভেমা

(c) হাইপোডার্মিস

(d) কর্টেক্স

উত্তর: (b) এপিভেমা

74. বর্ষবলয় উৎপন্ন হয় কোন কারণে?

(a) উদ্ভিদের গৌণ বৃদ্ধির জন্য

(b) কর্ক ক্যাম্বিয়ার সৃষ্টির জন্য

(c) ল্যান্ডিসেল তৈরির জন্য

(d) কর্টেক্স বৃদ্ধির জন্য

উত্তর: (a) উদ্ভিদের গৌণ বৃদ্ধির জন্য

75. বুলিফর্ম কোষ থাকে কোন উদ্ভিদে?

(a) সরিষা

(b) আঁখ

(c) মরিচ

(d) জবা

উত্তর: (b) আঁখ

76. অধঃত্বক অনুপস্থিত কোনটিতে?

(a) মূলে

(b) কাণ্ডে

(c) মূলে ও কাণ্ডে

(d) কোনটি না

উত্তর: (a) মূলে

77. কোনটি স্টিলীয় অংশ?

(a) এপিডার্মিস

(b) হাইপোডার্মিস

(c) ভাস্কুলার বান্ডল

(d) এন্ডোডার্মিস

উত্তর: (c) ভাস্কুলার বান্ডল

■ এক্সট্রা তথ্য:

☞ পেরিসাইকল স্তর থেকে আরম্ভ করে ভাস্কুলার বান্ডলসহ কেন্দ্র পর্যন্ত অংশকে স্টিলি বলে।

☞ স্টিলির বাইরের অংশগুলো হলো: অধঃত্বক, কর্টেক্স, অন্তঃত্বক।

☞ স্ক্লেরেনকাইমা টিস্যু ফ্লোয়েমের মাথায় অবস্থান করলে এটিকে হার্ড বাস্ট বা গুচ্ছটুপি বলে।

78. অন্তঃত্বকের নিচে এবং ভাস্কুলার বান্ডলের বাহিরে এক বা একাধিক স্তরে বিন্যস্ত বিশেষ টিস্যুকে কি বলে?

(a) প্রোটোজাইলেম

(b) মজ্জা

(c) মেটাজাইলেম

(d) পেরিসাইকল

উত্তর: (d) পেরিসাইকল

79. এক্সার্ক জাইলেম পাওয়া যায়-

(a) কাণ্ডে

(b) পাতায়

(c) মূলে

(d) কোনোটিই নয়

উত্তর: (c) মূলে

■ এক্সত্রী তথ্য:

☞ মূলের জাইলেম- এক্সার্ক প্রকৃতির

☞ পাতার (ফার্ন ও সাইকাস) জাইলেম- মেসার্ক প্রকৃতির

☞ কাণ্ডের জাইলেম- এক্সার্ক প্রকৃতির

☞ টেরিডোফাইটাতে জাইলেম- সেন্ট্রিক প্রকৃতির

80. ক্যালভিন চক্রে CO₂ গ্রহীতা কোনটি?

(a) RuBP

(b) PGA

(c) PEP

(d) OAA

উত্তর: (a) RuBP

✓ C₃, C₄ উদ্ভিদ পড়তে হবে।

81. সবাত শ্বসনে এক অণু গ্লুকোজ সম্পূর্ণ জারিত হয়ে মোট কত অণু ATP তৈরি করে?

(a) 36

(b) 16

(c) 24

(d) 2

উত্তর: (a) 36

82. কোনটি C₄ উদ্ভিদ?

(a) আম

(b) কাঁঠাল

(c) ইক্ষু

(d) বার্লি

উত্তর: (c) ইক্ষু

83. ATP synthesis কোষের কোথায় থাকে?

(a) গলজি বডি

(b) রাইবোসোম

(c) নিউক্লিয়াস

(d) মাইটোকন্ড্রিয়া

উত্তর: (d) মাইটোকন্ড্রিয়া

84. কোন আলোতে পত্ররঞ্জের খোলা ত্বরাণ্বিত করে?

(a) লাল

(b) নীল

(c) হলুদ

(d) কমলা

উত্তর: (b) নীল

■ পত্ররঞ্জ টপিক পড়তে হবে।

☞ পত্ররঞ্জ পাতার উপরিতলে অবস্থিত দুটি অর্ধচন্দ্রাকৃতির রক্ষীকোষ এবং এদের দিয়ে বেষ্টিত রঞ্জ নিয়ে গঠিত।

☞ বেশিরভাগ উদ্ভিদের পত্ররঞ্জ দিনের বেলা খোলা থাকে এবং রাতের বেলা বন্ধ থাকে (ব্যতিক্রম: পাথরকুচি)।

☞ পটাশিয়াম আয়ন পত্ররঞ্জ খোলা ত্বরাণ্বিত করে।

☞ পত্ররঞ্জ শ্বসন, সালোকসংশ্লেষণ ও প্রস্বেদন প্রক্রিয়ার সাথে জড়িত।

85. কোন খনিজ লবণের অভাবে পাতা ও ফুল ঝরে পড়ে?

(a) ফসফরাস

(b) ম্যাগনেসিয়াম

(c) লৌহ

(d) পটাশিয়াম

উত্তর: (a) ফসফরাস

■ এক্সত্রী তথ্য:

☞ উদ্ভিদের পাতা ও ফল ঝরে পড়ে-ফসফরাসের অভাবে।

☞ K⁺ আয়নের শোষণকে প্রভাবিত করতে পারে- Ca²⁺, Mg²⁺

☞ ক্লোরোফিল অনু গঠন করে- Mg

☞ Ca এর উপস্থিতিতে Mg আয়নের শোষণ বাধাগ্রস্ত হয়।

86. উদ্ভিদ দ্রুত শোষণ করে কোনটি?

(a) NO₃⁻

(b) PO₄³⁻

(c) CO₃²⁻

(d) NO₂⁻

উত্তর: (a) NO₃⁻

87. কোবাল্ট উপকারী মৌল হিসেবে দরকার কোন উদ্ভিদের?

(a) সামুদ্রিক শৈবাল

(b) লিগিউম উদ্ভিদে

(c) C₄ উদ্ভিদে

(d) C₃ উদ্ভিদে

উত্তর: (b) লিগিউম উদ্ভিদে

88. উদ্ভিদ তার প্রয়োজনীয় পুষ্টি উপাদান মাটি হতে কি আকারে গ্রহণ করে?

(a) সরল

(b) আয়ন

(c) যৌগ

(d) লবণ

উত্তর: (b) আয়ন

89. ক্রাজ্জ এনাটমি দেখা যায়-

(a) CAM উদ্ভিদ

(b) C₄ উদ্ভিদ

(c) C₃ উদ্ভিদ

(d) সবগুলো

উত্তর: (b) C₄ উদ্ভিদ

90. সালোকসংশ্লেষণে উৎপাদিত আত্মীকরণ শক্তি হলো-

(a) ATP & NADPH₂

(b) RuDP & RuMP

(c) পানি ও অক্সিজেন

(d) গ্লুকোজ ও পানি

উত্তর: (a) ATP & NADPH₂

91. টিস্যু কালচারের জনক কে?

(a) Borlaug

(b) John Ray

(c) Haberlandt

(d) Hutchinson

উত্তর: (c) Haberlandt

■ জনকদের নাম পড়তে হবে।

92. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় কোন রঙের আলো বেশী ব্যবহৃত হয়?

(a) হলুদ-লাল ও সবুজ-নীল

(b) সবুজ-লাল ও কমলা-নীল

(c) কমলা-লাল ও বেগুনী-নীল

(d) নীল-লাল ও বেগুনী-হলুদ

উত্তর: (c) কমলা-লাল ও বেগুনী-নীল

93. C₃ উদ্ভিদের সালোকসংশ্লেষণে প্রথমে স্থায়ী যৌগ কোনটি?

(a) পাইরুভিক এসিড

(b) অক্সালো-এসিটিক এসিড

(c) ফসফোগ্লিসারিক এসিড

(d) সাকসিনিক এসিড

উত্তর: (c) ফসফোগ্লিসারিক এসিড

94. নিচের কোনটির দ্বারা মৎস্য চাষকে বুঝায়?

(a) পিসিকালচার

(b) এপিকালচার

(c) সিলভিকালচার

(d) সেরিকালচার

উত্তর: (a) পিসিকালচার

95. টিস্যু কালচার পদ্ধতিতে উৎপন্ন জগকে বলা হয়-

(a) Microspore

(b) Somatic embryo

(c) Zygotic embryo

(d). Callus

উত্তর: (b) Somatic embryo

96. পত্ররঞ্জ খোলা ও বন্ধ হওয়ার জন্য দায়ী-

(a) আয়রন

(b) সাইটোক্রোম

(c) pH

(d) K⁺ আয়ন

উত্তর: (d) K⁺ আয়ন

97. DNA এর ডাবল হেলিক্স মডেল প্রদান করার জন্য ওয়াটসন ও ক্রিক কত সালে নোবেল পুরস্কার লাভ করেন?

(a) ১৯৫৩ সালে

(b) ১৯৫২ সালে

(c) ১৯৬৩ সালে

(d) ১৮৭৫ সালে

উত্তর: (c) ১৯৬৩ সালে

98. সালোকসংশ্লেষণ এ নির্গত অক্সিজেন এর উৎস কি?

(a) পানি

(b) ওজোন

(c) কার্বন ডাই অক্সাইড

(d) গ্লুকোজ

উত্তর: (a) পানি

99. Casperian stripe দেখা যায়-

(a) মূলে

(b) কাণ্ডে

(c) পাতায়

(d) ফলে

উত্তর: (a) মূলে

■ এক্সট্রা তথ্য:

- ☞ স্টিলীর বাইরে এবং কটেজের নিচে একস্তরবিশিষ্ট অন্তঃত্বক অবস্থিত। মূলের অন্তঃত্বকীয় কোষের প্রস্থ ও পার্শ্বপ্রাচীর সুবেরিন ও লিগনিন যুক্ত হয়ে সরু ফিতার মতো যে বেষ্টনি সৃষ্টি করে তাকে ক্যাসপেরিয়ান স্ট্রিপ বলে।
- ☞ অন্তঃত্বকের যেসব কোষগুলোর প্রাচীর পাতলা থাকে তাদের প্যাসেজ সেল বলে। অনেকসময় অন্তঃত্বকে প্রচুর শ্বেতসার কনিকা দেখা যায়, তখন এ স্তরকে শ্বেতসার আবরণ (starch sheath) বলে।

100. রাবার গাছের কাণ্ড থেকে নির্গত রস কোন ধরনের টিস্যু?

- (a) প্যারেনকাইমা (b) কোলেনকাইমা (c) স্কেলেনকাইমা (d) নিঃস্রাবী
- উত্তর: (d) নিঃস্রাবী

101. পাটের আঁশ ছাড়াতে কাজে লাগে-

- (a) Azotobacteria (b) Clostridium (c) Rhizobium (d) E. coli
- উত্তর: (b) Clostridium

102. 'বানচি টপ ভাইরাস' কোন উদ্ভিদে রোগ সৃষ্টি করে?

- (a) কলা (b) টমেটো (c) ধান (d) বেগুন
- উত্তর: (a) কলা

■ উদ্ভিদের বিভিন্ন রোগ: টোবাকো মোজাইক-তামাক; বীন মোজাইক-সীম; টুংরো ভাইরাস-ধান; পটেটো মোজাইক ভাইরাস-আলু

103. কোন গোত্রের ভাইরাসে RNA দ্বিসূত্রক?

- (a) Virion (b) Prions (c) Reoviridae (d) Parvoviridae
- উত্তর: (c) Reoviridae

■ **Parvoviridae** গোত্রের ভাইরাসে DNA একসূত্রক। **Reoviridae** গোত্রের ভাইরাসে RNA দ্বিসূত্রক।

- **ভিরিয়ন:** সংক্রমণক্ষম ভাইরাস কণা। **নিউক্লিয়োক্যাপসিড:** সংক্রমণক্ষমতাহীন ভাইরাস। **ভিরয়েড:** শুধুমাত্র নিউক্লিক এসিড দিয়ে গঠিত।
- **প্রিয়ন:** শুধুমাত্র প্রোটিন দিয়ে গঠিত। প্রিয়ন দ্বারা সংঘটিত রোগসমূহ: কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের Kuru এবং Creutzfeldt, ভেড়া ও ছাগলের Scrapie, ম্যাড কাউ রোগ ইত্যাদি।

■ ভিরয়েড হলো সংক্রমক RNA।

■ ভাইরাস, ব্যাকটেরিয়াতে জনুক্রম নেই; শৈবাল, ছত্রাকে অস্পষ্ট জনুক্রম; মস, ফার্ন, ম্যালেরিয়াতে সুস্পষ্ট জনুক্রম।

104. হেসপেরিডিয়াম জাতীয় ফল কোনটি?

- (a) কুমড়া (b) টমেটো (c) কদবেল (d) কমলালেবু
- উত্তর: (d) কমলালেবু

105. ভূনিম্নস্থ রূপান্তরিত কাণ্ড কোনটি?

- (a) রসুন (b) পেয়াজ (c) আদা (d) আলু
- উত্তর: (c) আদা

প্রকারভেদ	উদাহরণ	প্রকারভেদ	উদাহরণ
ফাপা কাণ্ড (মধ্যপর্ব ফাপা হয়)	Poaceae, Cyperaceae (তিন কোণ বিশিষ্ট), Lamiaceae (চার কোণ বিশিষ্ট)	রাইজোম (ভূনিম্নস্থ রূপান্তরিত কাণ্ড)	আদা, হলুদ, রাইজোম
টিউবার (ভূনিম্নস্থ মাথার স্ফীত অংশ)	গোল আলু, মিষ্টি আলুর মূলের স্ফীত অংশ কাণ্ড নয়	বাল্ব (ভূনিম্নস্থ অতি সংক্ষিপ্ত রূপান্তরিত কাণ্ড)	পেঁয়াজ, রসুন
রানার (দুর্বল কাণ্ড যা মাটির উপর পড়ে থাকে)	থানকুনি		

নোট: কাণ্ড ও মূলের উদাহরণ গুলো গুরুত্বপূর্ণ।

106. কোনটির কম্পাউন্ড লিফ বিদ্যমান?

(a) আম

(b) জবা

(c) জাম

(d) গোলাপ

উত্তর: (d) গোলাপ

প্রকারভেদ	উদাহরণ
সিম্পল লিফ (একটি পত্র ফলকযুক্ত)	জবা, আম, জাম, কাঠাল, ধান
কম্পাউন্ড লিফ*	Mnemonic: গোলাপীর নীল আকাশ গোলাপী গোলাপ, র → রাধাচূড়া, নী → নীম, নারিকেল, ল লজ্জাবতি, কা → কামিনি, কৃষ্ণচূড়া, শ → সজিনা।

নোট: পাতার প্রকারভেদ + উদাহরণ গুলো গুরুত্বপূর্ণ।

107. অর্কিডে কোন ধরনের মূল পাওয়া যায়?

(a) গুচ্ছ মূল

(b) প্রধানমূল

(c) পরাশ্রয়ী মূল

(d) অস্থানিক মূল

উত্তর: (c) পরাশ্রয়ী মূল

প্রকারভেদ	উদাহরণ	প্রকারভেদ	উদাহরণ
অস্থানিক* (ক্রমমূল ব্যতীত অন্য স্থান থেকে উৎপন্ন হয়)	কেয়া, বট, অশথ, পাথরকুচি	গুচ্ছ মূল (কাণ্ডের গোড়ার অস্থানিক মূল)	একবীজপত্রী উদ্ভিদ
পরাশ্রয়ী মূল	অর্কিড	প্রধান মূল (ক্রমমূল বৃদ্ধির ফলে গঠিত শাখাযুক্ত মূলতন্ত্র)	দ্বিবীজপত্রী উদ্ভিদ

■ আদর্শ পাতার তিনটি অংশ: (i) পত্রমূল (Base) (ii) পত্রবৃত্ত (Petiole) (iii) পত্রফলক (Lamina)। পাতায় বোটা থাকলে তাকে পিটিওলেট বা বৃত্তযুক্ত পাতা বলে বোটা না থাকলে তাকে সোসাইল বা বৃত্তহীন পাতা বলে।

■ পাতার শিরাবিন্যাস প্রধানত দুই প্রকার: (i) জালিকাকার- দ্বিবীজপত্রী উদ্ভিদ (ii) সমান্তরাল- একবীজপত্রী উদ্ভিদ

108. নিম্নের পরিশোধন মতবাদ নয় কোনটি?

(a) ডোনান সাম্যাবস্থা

(b) আয়ন বিনিময় মতবাদ

(c) ব্যাপক প্রবাহ মতবাদ

(d) লুনডেগড় মতবাদ উত্তর: (d) লুনডেগড় মতবাদ

109. ক্লোরোফিল b কোন বর্ণের?

(a) হলদে-সবুজ

(b) নীলাভ-সবুজ

(c) লাল

(d) কমলা

উত্তর: (b) নীলাভ-সবুজ

110. কোনটি চলনশীল লিপিড?

(a) প্লাস্টোকুইনন

(b) প্লাস্টোসায়ানিন

(c) ফিয়োফাইনিন

(d) ফাইকোএরিথ্রিন

উত্তর: (a) প্লাস্টোকুইনন

■ একটি রূপান্তরিত ক্লোরোফিল- অণু- ফিয়োফাইটিন।

■ অতি ছোট চলনশীল লিপিড হল- প্লাস্টোকুইনন।

■ চলনশীল অত্যন্ত ক্ষুদ্র মেমব্রেন প্রোটিন- প্লাস্টোসায়ানিন।

111. সালোকসংশ্লেষণের আলোক অধ্যায়ে কোন যৌগ উৎপন্ন হয়?

(a) ATP ও ADP

(b) ATP ও NADH₂

(c) ATP ও PEF

(d) ATP ও FAD

উত্তর: (b) ATP ও NADH₂

- আলোক অধ্যায়ের বিক্রিয়া থাইলাকয়েড মেমব্রেনে সংঘটিত হয়। কো-এনজাইমের পূর্ণরূপ: **FAD**-Flavin Adenine Dinucleotide; **ATP**-Adenosine Triphosphate; **NADPH₂** -Nicotinamide Adenine Diphosphate Di-hydrogen; **ADP**-Adenosine di-phosphate.

112. পত্ররঞ্জের মাধ্যমে শতকরা কতভাগ প্রস্বেদন হয়?

- (a) 40%-50% (b) 55-65% (c) 80-85% (d) 95-98%

উত্তর: (d) 95-98%

- এক্সট্রী তথ্য: পত্ররঞ্জের মাধ্যমে (৯৫-৯৮) %; ত্বকীয় বা কিউটিকুলার প্রস্বেদন (২-৫)%; লেন্টিকুলার প্রস্বেদন ১%।

113. সালোকসংশ্লেষণের জন্য অপটিমাম তাপমাত্রা হলো-

- (a) 12°C-35°C (b) 22°C-35°C (c) 22°C-37°C (d) 27°C-40°C

উত্তর: (b) 22°C-35°C

- এক নজরে আরও গুরুত্বপূর্ণ অপটিমাম তাপমাত্রা: লবণ পরিশোধন → (20-30)°C ; ক্যালভিন চক্র → (10-25)°C; হ্যাচ এন্ড স্ল্যাক চক্র → (30-45)°C; শ্বসন → (20-35)°C; সালোকসংশ্লেষণ → (22-35)°C

114. নিম্নের কোনটি আয়রন-সালফার প্রোটিন?

- (a) প্লাস্টোসায়ানিন (b) ফিয়োফাইটিন
(c) ফেরিডক্সিন (d) এনএডিপি-রিডাকটেজ উত্তর: (c) ফেরিডক্সিন

- থাইলাকয়েড ইলেকট্রন ট্রান্সপোর্ট চেইন:

☞ ফিয়োফাইটিন: একটি রূপান্তরিত ক্লোরোফিল-এ অণু।

☞ প্লাস্টোকুইনন: অতি ছোট চলনশীল লিপিড যা থাইলাকয়েড মেমব্রেনে মুক্তভাবে চলাচল করতে পারে।

☞ সাইটোক্রোম: সাইটোক্রোম হলো লৌহযুক্ত হিম গ্রুপবিশিষ্ট প্রোটিন।

☞ প্লাস্টোসায়ানিন: অত্যন্ত চলনশীল একটি ক্ষুদ্র মেমব্রেন প্রোটিন।

☞ ফেরিডক্সিন: এটি একটি আয়রন-সালফার (Fe-S) প্রোটিন।

☞ NADP-রিডাক্টেজ: এটি আসলে একটি ফ্ল্যাভোপ্রোটিন এবং বাউন্ড কো-এনজাইম FAD।

115. ইনসুলিন গঠন আবিষ্কার করে নোবেল পুরস্কার পান কোন বিজ্ঞানী?

- (a) ফ্রেডারিক সেনগার (b) হরগোবিন্দ খোরানা (c) চার্লস ডারউন (d) লুই পাস্তর

উত্তর: (a) ফ্রেডারিক সেনগার

- জীব প্রযুক্তিতে বিভিন্ন বিজ্ঞানীদের অবদান:

আবিষ্কারক/নামকারক	আবিষ্কার
Karl Ereky	সর্বপ্রথম Biotechnology শব্দটি প্রবর্তন করেন।
Morgan	টটিপোটেন্সি (প্রতি সজিব উদ্ভিদ কোষের পূর্ণাঙ্গ উদ্ভিদ হওয়ার ক্ষমতা) কথা বলেন।
Gottlieb Haberlandt	টিস্যু কালচারের জনক।
Jack Williamson	Genetic engineering শব্দটি ব্যবহার করেন।
Lederberg	প্লাজমিড আবিষ্কার করেন।
Kary Mullis	PCR আবিষ্কার করেন।
Ingo Potrykus	সুপার রাইস উদ্ভাবন করেন।
Edward Kripling ও Raymond Bushland	স্টেরাইল ইনসেক্ট টেকনিক আবিষ্কার।
Eli Lily & Company	ইনসুলিন আবিষ্কার করেন।
Lindermann	ইন্টারফেরন আবিষ্কার করেন।
Dr. F. Sanger	জিনোম সিকোয়েন্সিং এর প্রবর্তক।

116. কোন প্রক্রিয়ায় মাইক্রোপ্রোপাগেশন করা হয়?

- (a) এক্সপ্লান্ট কালচার (b) মেরিস্টেম কালচার (c) ক্যালাস কালচার (d) ভ্রূণ কালচার

উত্তর: (a) এক্সপ্লান্ট কালচার

117. কোনটি DNA অণু কর্তনে ব্যবহৃত হয়?

- (a) হেলিকেস (b) লাইগেজ (c) রেস্ট্রিকশন এনজাইম (d) প্রাইমেজ

উত্তর: (c) রেস্ট্রিকশন এনজাইম

এনজাইম	কাজ
রেস্ট্রিকশন এন্ডোনিউক্লিয়েজ	DNA অণু কর্তনে ব্যবহৃত হয়।
টপোআইসোমারেজ	DNA অণুকে অতি মাত্রায় প্যাচানো অবস্থা থেকে মুক্ত করে রাখে।
হেলিকেস*	দুটি হেলিক্সের মাঝে হাইড্রোজেন বন্ধনী ভেঙে দিয়ে সূত্র দুটি পৃথক করে।
SSBP/HDP	একক হেলিক্সের সাথে জড়িয়ে থেকে পিছন দিকে পুনঃপাক সৃষ্টি প্রতিহত করে।
DNA পলিমারেজ	নিউক্লিয়োটাইড অণু যুক্ত করে 5' প্রান্ত থেকে 3' প্রান্ত নির্দেশিত পরিপূরক স্ট্র্যান্ড বা শিকল গঠন করে থাকে। DNA প্রফ রিডিং করে।
প্রাইমেজ*	RNA প্রাইমার যুক্ত করে।
লাইগেজ	ছোট ছোট DNA খণ্ডের মধ্যে (ওকাজাকি) বন্ধনী সৃষ্টি ও মেরামত সাধন করে।
গাইরেজ (দু'প্রকার)	অনুলিপনশীল DNA অণুর প্রতি পাক খুলে দেয়, আবার DNA অণুর অনুলিপন শেষে অতি পাক তৈরি করে।

118. বায়োটেকনোলজি কি?

ব্লু বায়োটেকনোলজি হবে

- (a) বায়োটেকনোলজির জলীয় ও সামুদ্রিক প্রয়োগ (b) বায়োটেকনোলজির কৃষিক্ষেত্রে প্রয়োগ
(c) বায়োটেকনোলজির প্রাণিসম্পদে প্রয়োগ (d) বায়োটেকনোলজির চিকিৎসাক্ষেত্রে প্রয়োগ

উত্তর: (a) বায়োটেকনোলজির জলীয় ও সামুদ্রিক প্রয়োগ

■ এক্সট্রা তথ্য: জীব প্রযুক্তির পরিধি: ব্লু বায়োটেকনোলজি- জলীয় ও সামুদ্রিক প্রয়োগ বর্ণনা করা হয়। গ্রিন বায়োটেকনোলজি- কৃষিক্ষেত্রে প্রয়োগ বর্ণনা করা হয়। রেড ও হোয়াইট- চিকিৎসা ক্ষেত্রে প্রয়োগ বর্ণনা করা হয়।

119. টিস্যু কালচার প্রক্রিয়ায় হ্যাণ্ডয়েড উদ্ভিদ উৎপন্ন করা যায় যার মাধ্যমে তার নাম কি?

- (a) পরাগধানী কালচার (b) ক্যালাস কালচার
(c) মেরিস্টেম কালচার (d) এন্ডোনিউক্লিয়েজ উত্তর: (a) পরাগধানী কালচার

নোট: টিস্যু কালচার প্রক্রিয়ায় পরাগরেণু (Stamen) ও পরাগধানী (Anther) কালচার এর মাধ্যমে হ্যাণ্ডয়েড উদ্ভিদ উৎপাদন করা সম্ভব।

120. রিকম্বিনেন্ট DNA প্রযুক্তিতে ভেক্টর কোনটি?

- (a) প্লাসমিড (b) রাইবোসোম (c) ভিরয়েডস (d) প্রিয়ন

উত্তর: (a) প্লাসমিড

■ DNA প্রযুক্তিতে ব্যবহৃত বিভিন্ন উপকরণ:

নাম	প্রকারভেদ
এনজাইম (Enzyme)	i. রেস্ট্রিকশন এনজাইম ii. লাইসোজাইম iii. পলিমারেজ iv. লাইগেজ v. অ্যালকালাইন ফসফাটেজ।
বাহক (Vector)	i. প্লাজমিড ii. ভাইরাস iii. কসমিড iv. ফাজমিড v. কৃত্রিম ক্রোমোসোম vi. ট্রান্সপোজন।
পোষক (Host)	i. E. coli. ii. Yeast iii. অন্যান্য অণুজীব iv. প্রাণীকোষ v. উদ্ভিদকোষ vi. ব্যাকটেরিয়া।

121. কোন ধরনের RNA এনজাইম হিসেবে কাজ করে?

- (a) Minor RNA (b) mRNA (c) rRNA (d) tRNA

উত্তর: (a) Minor RNA

122. নিচের কোনটিতে পাইরিমিডিনে থাকেনা?

- (a) সাইটোসিন (b) থাইমিন (c) ইউরাসিল (d) গুয়ানিন

উত্তর: (d) গুয়ানিন

123. ইন্টারফেজে ব্যয়িত সময়-

- (a) ৫-১০% (b) ৯০-৯৫% (c) ১০-২০% (d) ৩০-৪০%

উত্তর: (b) ৯০-৯৫%

নোট: বিভাজন পর্যায় ৫-১০%; ইন্টারফেজ পর্যায় ৯০-৯৫%; G₁ দশা ৩০-৪০%; S বা সংশ্লেষণ দশা ৩০-৫০%; G₂ দশা ১০-২০%।

124. কোষের অন্তঃশ্বসন কোথায় হয়?

- (a) মাইটোকন্ড্রিয়া (b) এন্ডোপ্লাজমিক রেটিকুলাম (c) নিউক্লিয়াস (d) কোষ প্রাচীর

উত্তর: (a) মাইটোকন্ড্রিয়া

■ শ্বসনের প্রকারভেদ: (ক) বহিঃশ্বসন (খ) অন্তঃশ্বসন

ক) বহিঃশ্বসন: যে প্রক্রিয়ায় ফুসফুসের মধ্যে গ্যাসীয় আদান-প্রদান ঘটে তাকে বহিঃশ্বসন বলে। এ পর্যায়ে ফুসফুস ও রক্ত জালিকা বা কৈশিক নালীর মধ্যে অক্সিজেন ও কার্বন-ডাই-অক্সাইডের বিনিময় ঘটে। বহিঃশ্বসন দুটি পর্যায়ে সম্পন্ন হয়। যথা - ১। প্রশ্বাস বা শ্বাস গ্রহণ

(খ) অন্তঃশ্বসন: অন্তঃশ্বসন প্রক্রিয়ায় দেহকোষস্থ খাদ্য অক্সিজেনের সাহায্যে জারিত হয়ে গতিশক্তি ও তাপশক্তিতে পরিণত হয়।

125. ফটোসিনথেসিসে PS-II বিক্রিয়া কেন্দ্রের ক্লোরোফিল- কত ন্যানোমিটার তরঙ্গদৈর্ঘ্যের আলোক সক্রিয় ভাবে শোষণ করে?

- (a) 700 (b) 760 (c) 680 (d) 660

উত্তর: (c) 680

■ এক্সট্রা তথ্য: PS-I এর বিক্রিয়া কেন্দ্রের ক্লোরোফিল-a অণুটি 700 nm তরঙ্গদৈর্ঘ্যের আলো প্রবলভাবে শোষণ করে। অপরদিকে PS-II এর বিক্রিয়া কেন্দ্রের ক্লোরোফিল-a অণুটি 680 nm তরঙ্গদৈর্ঘ্যের আলো অত্যন্ত প্রবলভাবে শোষণ করে।

126. কুমড়া কোন জাতীয় ফল?

- (a) সিলিকুয়া (b) সরোসিস (c) পেপো (d) লিগিউম

উত্তর: (c) পেপো

127. সাবসিডিয়ারী কোষ দুটি রক্ষীকোষ - এ সমান্তরাল ভাবে অবস্থিত হলে তাকে বলে-

- (a) Diacytic (b) Paracytic (c) Tetracytic (d) Anisocytic

উত্তর: (b) Paracytic

■ Diacytic: সাবসিডিয়ারী কোষ দুটি রক্ষীকোষের সাথে সমকোণে অবস্থিত থাকে।

■ Paracytic: সাবসিডিয়ারী কোষ দুটি রক্ষী কোষের সাথে সমান্তরালে অবস্থিত থাকে।

■ Anisocytic: স্টোমা তিনটি সাবসিডিয়ারী কোষ দ্বারা পরিবেষ্টিত থাকে।

■ Tetracytic: স্টোমা চারটি সাবসিডিয়ারী কোষ দ্বারা পরিবেষ্টিত থাকে।

■ Actinocytic: স্টোমা অনেকগুলো রেডিয়েলি লম্বা কোষ দ্বারা পরিবেষ্টিত থাকে।

■ Anomocytic: স্টোমাকে পরিবেষ্টনকারী কোষসমূহ সাধারণ ত্রুকীয় কোষ থেকে পৃথকযোগ্য নয়।

128. কর্ক ক্যান্থিয়াম কোনটির উদাহরণ?

- (a) প্রোমেরিস্টেম (b) প্রাইমারি মেরিস্টেম
(c) সেকেন্ডারি মেরিস্টেম (d) গ্রাউন্ড মেরিস্টেম

উত্তর: (c) সেকেন্ডারি মেরিস্টেম

129. দ্বিবীজপত্রীর কান্ড কি ধরনের?

- (a) মুক্ত সমপার্শ্বীয় (b) বদ্ধ সমপার্শ্বীয় (c) সমদ্বিপার্শ্বীয় (d) অরীয়

উত্তর: (a) মুক্ত সমপার্শ্বীয়

130. ফ্লোয়েমের কোন উপাদানটি মৃত?

- (a) মুক্ত সমপার্শ্বীয় (b) ফ্লোয়েম ফাইবার (c) ফ্লোয়েম প্যারেনকাইমা (d) সিভনল

উত্তর: (b) ফ্লোয়েম ফাইবার

নোট: গৌন ফ্লোয়েমে বিদ্যমান তন্তুকে বাস্ট ফাইবার বলে।

131. দধি তৈরীতে কোন অণুজীবটি ব্যবহৃত হয়-

(a) Streptomyces griceus

(c) Saccharomyces cerevisiae

উত্তর: (d) Streptococcus lactis

(b) Penicillium notatum

(d) Streptococcus lactis

132. কোষের প্রোটিন ফ্যাক্টরি কোনটি?

(a) গলজি বডি

(c) লাইসোসোম

(b) রাইবোসোম

(d) এন্ডোপ্লাজমিক ফ্যাক্টরি উত্তর: (b) রাইবোসোম

133. শ্বেতসার জাতীয় খাদ্য সঞ্চয়কারী লিউকোপ্লাস্টকে কী বলা হয়?

(a) ইলিওপ্লাস্ট

(c) ক্রোমোপ্লাস্ট

(b) ক্লোরোপ্লাস্ট

(d) অ্যামাইলোপ্লাস্ট

উত্তর: (d) অ্যামাইলোপ্লাস্ট

■ বিভিন্ন ধরনের লিউকোপ্লাস্ট:

■ শর্করা জাতীয় খাদ্য সঞ্চয়কারী লিউকোপ্লাস্ট → অ্যামাইলোপ্লাস্ট।

■ চর্বি জাতীয় খাদ্য সঞ্চয়কারী লিউকোপ্লাস্ট → ইল্যোপ্লাস্ট।

■ প্রোটিন জাতীয় খাদ্য সঞ্চয়কারী লিউকোপ্লাস্ট → অ্যালিউরোপ্লাস্ট।

134. কোন উদ্ভিদ পাতার পরিবর্তে কাণ্ডের সাহায্যে সালোকসংশ্লেষণ সম্পন্ন করে থাকে?

(a) আনারস

(b) পেঁয়াজ

(c) ফণীমনসা

(d) লেটুস

উত্তর: (c) ফণীমনসা

135. হিমোজেন কোথায় তৈরী হয়?

(a) অযৌন চক্রে

(b) স্পোরোগনিতে

(c) সাইজোগনিতে

(d) মেরোগনিতে

উত্তর: (a) অযৌন চক্রে

■ ম্যালেরিয়া জীবাণুর অযৌন চক্রের এরিথ্রোসাইটিক সাইজোগনির বৈশিষ্ট্য:

☞ সংগঠনস্থল লোহিত রক্তকণিকা।

☞ এই চক্র সম্পন্ন হতে ৪৮-৭২ ঘন্টা বা ২-৩ দিন সময় লাগে। ধাপসমূহ: ট্রফোজয়েট, সিগনেট রিং (আণ্ডির মত), অ্যামিবিয়ড ট্রফোজয়েট

☞ (RBC তে সাফনার্স দানা এর উপস্থিতি দেখে ম্যালেরিয়া শনাক্ত করা হয়), সাইজন্ট (হিমোজেন বর্জ্য দেখা যায়), মেরোজয়েট (রোজেট দশা), গ্যামিটোসাইট।

136. পেঁপের রিংস্পট রোগ কোন পতঙ্গের মাধ্যমে বিস্তার লাভ করে?

(a) প্রজাপতি

(b) ঘাসফড়িং

(c) মৌমাছি

(d) এফিড

উত্তর: (d) এফিড

■ এক্সট্রী তথ্য:

☞ পেঁপের রিংস্পট রোগ এফিডের মাধ্যমে বিস্তার লাভ করে।

☞ উদ্ভিদ রোগতত্ত্ববিদ জেনসেন (1949) প্রথম পেঁপের রিংস্পট রোগের নামকরণ করেন।

☞ Potyvirus গণভুক্ত Papaya Ringspot Virus (PRSV) নামক একটি RNA ভাইরাস পেঁপের রিংস্পট রোগের কারণ।

137. প্রাকৃতিক পতঙ্গনাশক কোনটি?

(a) Clostridium tetani

(c) Streptococcus lactis

(b) Nitrosomonas spp.

(d) Bacillus thuringiensis

উত্তর: (d) Bacillus thuringiensis

■ এক্সট্রী তথ্য:

☞ প্রাকৃতিক পতঙ্গনাশক হলো Bacillus thuringiensis.

☞ দুগ্ধজাত শিল্পে ব্যবহৃত হয় Streptococcus lactis.

☞ নাইট্রিফাইং ব্যাকটেরিয়া হলো Nitrosomonas.

☞ DPT প্রতিষেধক হিসেবে ব্যবহৃত হয় Clostridium tetani.

138. রেপ্লিকেশনে পৃথকীকৃত ডাবল হেলিক্স পুন: সংযুক্তিতে বাঁধা দেয় কোনটি?

- (a) টপো আইসোমারেজ (b) হেলিকেজ
(c) সিংগেল স্ট্র্যান্ড বাইন্ডিং প্রোটিন (d) প্রাইমেজ

উত্তর: (c) সিংগেল স্ট্র্যান্ড বাইন্ডিং প্রোটিন

139. নিচের কোনটি ক্যান্সার রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়?

- (a) Heparin (b) Immunoglobulin
(c) Interferon (d) Histone Protein উত্তর: (c) Interferon

■ রিকম্বিনেন্ট DNA প্রযুক্তির মাধ্যমে উৎপাদিত কয়েকটি ওষুধ ও এদের প্রয়োগ/ব্যবহার:

ওষুধ	প্রয়োগ
১। ইনসুলিন	ডায়াবেটিস চিকিৎসায়
২। ইন্টারফেরন	ক্যান্সার ও ভাইরাসজনিত সংক্রমণে
৩। সেরাম অ্যালবিউমিন	শল্য চিকিৎসায়
৪। র্যাবিস ভাইরাস অ্যান্টিজেন	জলাতঙ্ক রোগের চিকিৎসায়
৫। হিউমেন ফ্যাক্টর IV	হিমোফিলিয়ার চিকিৎসায়
৬। টিস্যু প্লাজমিনোজেন অ্যাক্টিভেটর (IPA)	হৃদরোগ চিকিৎসায়
৭। সোম্যাটোস্ট্যাটিন	বামনত্ব চিকিৎসায়
৮। হিউমেন ইউরোকাইনেজ	রক্ত সংবহন জটিলতা, প্লাজমিনোজেন সক্রিয়ক
৯। লিফোকাইনস	স্বয়ংক্রিয় ইমিউন কার্যকারিত

140. স্পোর বহনকারী পাতাকে বলা হয়-

- (a) সোরাস (b) স্পোরোফিল (c) র্যামেন্টাম (d) ইন্ডুসিয়াম

উত্তর: (a) সোরাস

■ এক্সট্রী তথ্য:

- ☞ স্পোর বহনকারী পাতাকে সোরাস বলে।
- ☞ সোরাই উৎপন্নকারী পাতাকে স্পোরোফিল বলে।
- ☞ শুষ্ক ও বাদামি বর্ণের শঙ্কপত্র (স্কেল) দিয়ে আবৃত অংশকে র্যামেন্টাম বলে।

141. ফার্নের পাতার মুকুল অবস্থায় কুণ্ডলী পাকানো গঠনকে বলে-

- (a) সরলপত্র (b) সার্সিনেট ভার্নেশন (c) ফ্রন্ড (d) পিনা

উত্তর: (b) সার্সিনেট ভার্নেশন

■ এক্সট্রী তথ্য:

- ☞ ফার্নের পাতার মুকুল অবস্থায় কুণ্ডলী পাকানো গঠনকে বলে সার্সিনেট ভার্নেশন।
- ☞ ফার্নের পাতাকে ফ্রন্ড বলে।
- ☞ ফার্নের পাতায় একটি অক্ষের দুপার্শ্বে জোড়ায় জোড়ায় পত্রফলক বা পিনা সাজানো থাকে।

142. সক্রিয় পরিবহন (Active Transport) পদ্ধতিতে শোষিত হয় না কোনটি?

- (a) গ্লুকোজ (b) ফুক্টোজ
(c) গ্যালাক্টোজ (d) সোডিয়াম আয়ন উত্তর: (b) ফুক্টোজ

■ এক্সট্রী তথ্য:

- ☞ ফুক্টোজ এন্টেরোসাইটের কোষঝিল্লি অতিক্রম করে নিষ্ক্রিয় পরিবহনের (Passive transport) মাধ্যমে।
- ☞ গ্লুকোজ, গ্যালাক্টোজ পরিবাহিত হয় সেকেন্ডারি সক্রিয় পরিবহন ব্যবস্থার (Secondary active transport system) মাধ্যমে।

143. ক্রোমোজোমের যে স্থানে জিন অবস্থান করে তাকে বলে-

- (a) জেনেটিক কোড (b) রেকন (c) লোকাস (d) রেপ্লিকন

উত্তর: (c) লোকাস

144. কোন প্রযুক্তিতে ইনসুলিন তৈরি করা হয়?

- (a) Tissue culture (b) Embryo culture
(c) Recombinant DNA technology (d) Nanotechnology

উত্তর: (c) Recombinant DNA technology

145. Super Rice-এ কোন দুটি উপাদান সংযুক্ত করা হয়েছে?

- (a) ক্যারোটিন ও আয়রন (b) আয়রন ও ভিটামিন-বি
(c) ক্যারোটিন ও ভিটামিন-বি (d) ক্যারোটিন ও ভিটামিন-সি

উত্তর: (a) ক্যারোটিন ও আয়রন

■ এক্সট্রা তথ্য:

☞ সুপার রাইসের উদ্ভাবক হলেন Ingo Potrykus (1999)।

☞ সুপার রাইস ভিটামিন A সমৃদ্ধ।

☞ বিটা ক্যারোটিন ও অতিরিক্ত আয়রন তৈরির তিনটি জিন প্রতিস্থাপন করে সুপার রাইস তৈরি করা হয়।

146. এক জোড়া ক্রোমোসোম একসাথে অবস্থান করলে তাকে কি বলে?

- (a) হোমোলোগাস (b) অ্যালিল
(c) হেটারোজাইগাস (d) হোমোজাইগাস

উত্তর: (b) অ্যালিল

ব্যাখ্যা: নির্দিষ্ট লোকাসে অবস্থানকারী জিনজোড়ের একটিকে অপরটির অ্যালিল বলে।

147. Plasmodium malariae-এর সুপ্তাবস্থা কত দিন?

- (a) 18-40 (b) 12-20 (c) 15-18 (d) 11-20

উত্তর: (b) 12-20

■ এক্সট্রা তথ্য:

পরজীবীর নাম	রোগের নাম	সুপ্তাবস্থা
<i>Plasmodium falciparum</i>	ম্যালিগন্যান্ট ম্যালেরিয়া	৮-১৫ দিন
<i>Plasmodium ovale</i>	মাইল্ড (মৃদু) টার্সিয়ান ম্যালেরিয়া	১১-১৬ দিন
<i>Plasmodium vivax</i>	বিনাইন টার্সিয়ান ম্যালেরিয়া	১২-২০ দিন
<i>Plasmodium malariae</i>	কোয়ার্টন ম্যালেরিয়া	১৮-৪০ দিন

148. কোনটি রক্ত আমাশয় অর্ধরোগের ভালো ঔষধ?

- (a) টেঁড়স (b) জবা (c) স্থলপদ্ম (d) বার্লি

উত্তর: (b) জবা

■ এক্সট্রা তথ্য:

☞ টেঁড়স- বহুমূত্র রোগের উপকার

☞ স্থলপদ্ম- বাগানের সৌন্দর্য বৃদ্ধি

☞ বার্লি- বার্লির ছাতু উপাদেয় খাদ্য

149. সরোসিস ধরনের ফলের উদাহরণ-

- (a) আনারস (b) কলা (c) পাট (d) টমেটো

উত্তর: (a) আনারস

150. ডবল হেলিক্স DNA এর প্রতিটি পূর্ণাঙ্গ প্যাচের দূরত্ব হচ্ছে-

- (a) 20 Å (b) 10 Å (c) 3.4 Å (d) 34 Å

উত্তর: (d) 34 Å

■ এক্সট্রা তথ্য:

☞ প্রতিটি প্যাঁচে হেলিক্স দুটির ব্যাস 20 Å (2 nm)

☞ DNA অনুর সূত্র দুটির প্রতিটি প্যাঁচ বা ঘূর্ণনের দৈর্ঘ্য 34 Å/3.4 nm

☞ সিঁড়ির এক ধাপ হতে অপর ধাপের দূরত্ব 3.4 Å /0.34 nm

আমাদের ডেডিকেটেড “প্রত্যাবর্তন ৩.০” ব্যাচে ভর্তি হতে [Enroll Now](#) তে ক্লিক করো।

বি. দ্র: কোর্সটি HSC-23 এবং HSC-24 ব্যাচের ভর্তি পরীক্ষার্থীদের জন্য।

❀...❀



এইচএসসি
২০২৩, ২০২৪

প্রত্যাবর্তন ৩.০

মেডি+ভার্সিটি কৃষি গুচ্ছ
জিএসটি গুচ্ছ



ফিজিক্স

ম্যাথ

ইংলিশ



কেমিস্ট্রি

বায়োলজি

www.phyhunt.com

২ লাখ ৯০ হাজার হান্টারদের সাথে নিয়ে ৫ম বর্ষের যাত্রা শুরু করেছে 'ফিজিক্স হান্টার্স'

আমাদের প্রকাশিত বই ও শীট সমূহ:



AGRI LAST VIEW

আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম ভর্তি পরীক্ষা: ২০২৩-২৪

জীববিজ্ঞান দ্বিতীয় পত্র

01. অরীয় প্রতিসাম্যতা দেখা যায় কোন প্রাণীতে?

(a) প্রজাপতি

(b) হাইড্রা

(c) স্পঞ্জ

(d) আপেল শামুক

উত্তর: (b) হাইড্রা

■ গুরুত্বপূর্ণ কিছু উদাহরণ:

দ্বি-অরীয়	Ctenophora জাতীয় প্রাণীর দেহ (যেমন: <i>Ceoloplana</i>), <i>Anthozoa</i> .
অপ্রতিসাম্য	<i>Pila globosa</i> , <i>Amoeba</i> , <i>Sponge</i>
অরীয় প্রতিসাম্য	হাইড্রা, জেলিফিস (<i>Aurelia</i>), সী অ্যানিমন (<i>Metridium</i>)
দ্বিপার্শ্বীয় প্রতিসাম্য	মানুষ, ব্যাঙ, প্রজাপতি
গোলীয় প্রতিসাম্য	<i>Volvox</i> , <i>Radiolaria</i> , <i>Heliozoa</i>

02. কোন পর্বের প্রাণীরা ভ্রান্ত সিলোমেট?

(a) Porifera

(b) Platyhelminthes

(c) Nematoda

(d) Arthropoda

উত্তর: (c) Nematoda

অ্যাসিলোমেট বা সিলোমবিহীন	Porifera, Cnidaria, Ctenophora, Platyhelminthes
সুডোসিলোমেট বা অপ্রকৃত সিলোমযুক্ত	Loa Loa, Nematoda, Rotifera, Kinorhyncha
ইউসিলোমেট বা প্রকৃত সিলোমযুক্ত	Mollusca, Annelida, Arthropoda, Echinodermata, Hemichordata

03. দ্বিপার্শ্বীয় ক্লিভেজ দেখা যায় কোন পর্বের প্রাণীতে?

(a) Arthropoda

(b) Chordata

(c) Annelida

(d) Mollusca

উত্তর: (b) ব্যাখ্যা:

☞ অরীয় ক্লিভেজ → Arthropoda পর্বের প্রাণীদের

☞ সমদ্বিপার্শ্বীয় ক্লিভেজ → Chordata পর্বের প্রাণীদের

☞ সর্পিল ক্লিভেজ → AM (Annelida ও Mollusca) পর্বের প্রাণীদের

04. কোন পর্বের প্রাণীরা সন্ধিপদী প্রাণী?

(a) Arthropoda

(b) Annelida

(c) Mollusca

(d) Nematoda

উত্তর: (a) Arthropoda

পর্বের নাম	ডাক নাম	পর্বের নাম	ডাক নাম
Porifera	ছিদ্রাল প্রাণী	Annelida	অঙ্গুরীমাল প্রাণী
Cnidaria	একনালী দেহী/ সমুদ্রের ফুল	Arthropoda	সন্ধিপদী প্রাণী
Nematoda	নলাকার প্রাণী/ গোল কৃমি	Chordata	মেরুদণ্ডী প্রাণী
Platyhelminthes	চ্যাপ্টাদেহী প্রাণী	Echinodermata	কন্টকত্বকী প্রাণী
Mollusca	নরমদেহী প্রাণী/ কস্মোজ প্রাণী	-	-

05. প্লানুলা লার্ভা কোন পর্বের বৈশিষ্ট্য-

(a) Porifera

(b) Cnidaria

(c) Platyhelminthes

(d) Nematoda

উত্তর: (b) Cnidaria

■ বিভিন্ন পর্বের প্রাণীদের লার্ভা:

পর্ব/ উপপর্ব	লার্ভার নাম	পর্ব/উপপর্ব	লার্ভার নাম
Porifera	অ্যাক্সিলারিস্টুলা বা প্যারেনকাইমুলা	Annelida	ট্রোকোফোর
Cnidaria	Plannula	Echinodermata	বাইপিনারিয়া, অরিক্যুলারিয়া, অফিউকিটাস বা একাইনোকিটাস
Platyhelminthes	রেডিয়া, সারকারিয়া, স্পোরোসিস্ট, সিস্টিসারকাস	Urochordata ও Amphibia	ট্যাডপোল
Nematoda	রাবডিটিফর্ম বা মাইক্রোফাইলেরিয়া	Petromyzontida বা ল্যামপ্রি	অ্যামোসিট
Mollusca	ট্রোকোফোর বা ভেলিজার বা গ্লুচিডিয়াম	-	-

06. কোন সরীসৃপের হৃদপিণ্ড চার প্রকোষ্ঠ বিশিষ্ট?

- (a) কুমির (b) সাপ
(c) টিকটিকি (d) ঘড়িয়াল

উত্তর: (a) কুমির; সাধারণত সরীসৃপ শ্রেণির প্রাণীদের হৃদপিণ্ড অসম্পূর্ণ ভাবে ৪ প্রকোষ্ঠ বিশিষ্ট কিন্তু কুমিরের সম্পূর্ণ ৪ প্রকোষ্ঠ বিশিষ্ট।

✓ দুই প্রকোষ্ঠ → মাছ;

✓ তিন প্রকোষ্ঠ → উভচর

✓ আংশিক চার প্রকোষ্ঠ → সরীসৃপ (কুমির ব্যতিক্রম)

✓ সম্পূর্ণ চার প্রকোষ্ঠ → পাখি ও স্তন্যপায়ী

07. পানি সংবহনতন্ত্র দেখা যায় কোন পর্বের প্রাণীতে?

- (a) Echinodermata (b) Annelida (c) Chordata (d) Mollusca

উত্তর: (a) ব্যাখ্যা: বিভিন্ন পর্বের প্রাণীদের দেহে সংবহনতন্ত্র:

☞ Porifera → নালিতন্ত্র বা Canal system

☞ Echinodermata → পানি সংবহনতন্ত্র বা water vascular system

☞ Annelida ও Chordata → বন্ধ রক্ত সংবহনতন্ত্র বা close circulatory system

☞ Arthropoda ও Mollusca → মুক্ত রক্ত সংবহনতন্ত্র বা open circulatory system

08. Annelida-র বৈশিষ্ট্য কোনটি?

- (a) এরা এককোষী (b) রেচন অঙ্গ নেফ্রিডিয়া
(c) দেহ দ্বিস্তরী (d) এক প্রবাহী কোষ

উত্তর: (b) রেচন অঙ্গ নেফ্রিডিয়া

■ বিভিন্ন পর্বের প্রাণীদের রেচন অঙ্গ:

পর্ব/উপপর্ব	নাম
Platyhelminthes	শিখা কোষ, প্রোটোনেফ্রিডিয়া বা সোলোনোসাইট
Annelida	নেফ্রিডিয়া
Arthropoda	ম্যালপিজিয়ান নালিকা
Chordata	ম্যালপিজিয়ান বডি
Urochordata	প্রোটোনেফ্রিডিয়া

09. তরুনাঙ্ঘ্রিময় মাছে কোন ধরনের আইশ থাকে?

- (a) প্ল্যাকয়েড (b) সাইক্লয়েড
(c) টিনয়েড (d) গ্যানয়েড

উত্তর: (a) প্ল্যাকয়েড

শ্রেণি	পুচ্ছ পাখনা	বায়ুথালি	আঁইশ	উদাহরণ
Chondrichthyes; তরুণাস্থিময়	হেটারোসার্কাল	বায়ুথলি থাকে না	প্ল্যাকয়েড	হাঙর, স্কোট, শাঙ্খ মাছ
Actinopterygii; রশ্মিময় পাখনায়ুক্ত মাছ	হোমোসার্কাল	বায়ুথলি বা পটকা থাকে।	সাইক্লয়েড টিনয়েড	রুই, কাতলা, মৃগেল মেনি, কোরাল
Sarcopterygii; পিডাকার পাখনায়ুক্ত মাছ	ডাইফাইসার্কাল	ফুলকা ও রক্তজালিকা সমৃদ্ধ পটকা।	গ্যানয়েড	যিচির, অস্ট্রেলিয়ান

10. সফালোকর্ডাটাজু প্রাণীর বৈশিষ্ট্য নয় কোনটি?

- (a) ওরাল সিরি (b) " > " আকারের মায়োটাম পেশি
(c) ফুলকাগুলো অ্যাট্রিয়াম এ উন্মুক্ত (d) গলবিলে ফুলকারক্ত অনুপস্থিত

উত্তর: (d) গলবিলে ফুলকারক্ত অনুপস্থিত

☞ দেহের সম্মুখ প্রান্তে ওরাল সিরি (oral cirri) তে আবৃত নিম্নমুখী ওরাল ছড (oral hood) থাকে।

☞ গলবিলে অসংখ্য ফুলকা রক্ত উপস্থিত, ফুলকাগুলো অ্যাট্রিয়াম (atrium) এ উন্মুক্ত।

☞ দেহের দুপাশে " > " আকারের মায়োটাম পেশি পরপর সজ্জিত।

11. নিচের কোনটি মাছ?

- (a) সিলভার ফিশ (b) তারা মাছ
(c) চিংড়ি মাছ (d) ক্যাট ফিশ উত্তর: (d) ক্যাট ফিশ

☞ সিলভার ফিশ, তিমি মাছ, তারা মাছ, চিংড়ি মাছ এগুলো মাছ নয়।

12. মিক্সিনি শ্রেণির অন্তর্ভুক্ত মাহের কয় জোড়া ফুলকা থাকে?

- (a) ২-১০ (b) ৫-১০
(c) ৫-১৫ (d) ১০-১২ উত্তর: (c) ৫-১৫

☞ Myxini বা হ্যাগফিশ → ৫-১৫ জোড়া ফুলকা রক্ত থাকে। কোনো লার্ভা দশা নেই।

☞ Petromyzontida বা ল্যামপ্রি → সাতজোড়া ফুলকারক্ত থাকে। অ্যামোসিট লার্ভা দশা আছে।

13. কোনটি মলাস্কা পর্বের প্রাণী?

- (a) আপেল শামুক (b) কেঁচো
(c) চোখ কুমি (d) শতপদী উত্তর: (a) আপেল শামুক

■ কোন প্রাণী কোন পর্বের মনে রাখতে হবে।

14. হাইড্রার গ্যাস্ট্রোডার্মিসে কোন কোষ দেখা যায় না।

- (a) সংবেদী কোষ (b) জনন কোষ
(c) গ্রন্থি কোষ (d) স্নায়ু কোষ উত্তর: (b) জনন কোষ

হাইড্রার এপিডার্মিসে ৭ ধরনের কোষ থাকে যথা: পেশি আবরণী কোষ, ইন্টারসিটশিয়াল কোষ, সংবেদী কোষ, স্নায়ু কোষ, গ্রন্থি কোষ, নিডোব্লাস্ট, জনন কোষ

গ্যাস্ট্রোডার্মিসে ৫ ধরনের কোষ থাকে যথা: পেশি আবরণী কোষ, ইন্টারসিটশিয়াল কোষ, সংবেদী কোষ, স্নায়ু কোষ, গ্রন্থি কোষ।

15. হাইড্রার কোন নোমোটোসিস্ট এ বিষাক্ত হিপনোটক্সিন থাকে?

- (a) স্টেরিওলিন গ্লুটিন্যান্ট (b) স্টেপটোলিন গ্লুটিন্যান্ট
(c) ভলভেন্ট (d) স্টিনোটিল উত্তর: (d) স্টিনোটিল

■ বিজ্ঞানী ভার্গার ১৯৬৫ সালে নিডোরিয়া জাতীয় প্রাণীদের দেহে ২৩ ধরনের নোমোটোসিস্ট শনাক্ত করেন। কোষের ভিতরে **আমিষ ও ফেনলে** গঠিত হিপনোটক্সিন নামক বিষাক্ত তরলে পূর্ণ ক্যাপসুলটি নোমোটোসিস্ট।

■ বিভিন্ন নেমাটোসিস্ট এর নাম ও কাজ:

স্টেপটোলিন গ্লুটিন্যান্ট	কাঁটায়ুক্ত নেমাটোসিস্ট। এক প্রকার আঠালো রস ক্ষরন করে চলনে এবং শিকার ধরতে সাহায্য করে।
স্টেরিওলিন গ্লুটিন্যান্ট	ক্ষুদ্রতম নেমাটোসিস্ট ও কাঁটাবিহীন। এক প্রকার আঠালো রস ক্ষরণ করে চলনে ও শিকার রাখতে সাহায্য করে।
স্টিনোটিল বা পেনিট্রান্ট	বৃহত্তম নেমাটোসিস্ট। শিকারের দেহে সূত্রক বিদ্ধ করে বিষাক্ত হিপনোটক্সিন প্রবেশ করিয়ে তাকে অবশ্য করে ফেলে।
ভলভেন্ট	শিকার জড়িয়ে ধরে রাখতে সাহায্য করে।

Extra: নিডোসাইট এর কাজ:

- ☞ Hydra-র শিকার অসাড় করা ও ধরার কাজে ব্যবহৃত হয়।
- ☞ চলনে সহায়তা করে।
- ☞ প্রাণীকে কোন বস্তু আঁকড়ে ধরার কাজে সাহায্য করে।
- ☞ আত্মরক্ষায় ব্যবহৃত হয়।
- ☞ নিডোসাইট শ্রেণিতাত্ত্বিক গুরুত্ব রয়েছে।

16. হাইড্রার প্রধান খাদ্য কী?

- (a) পতঙ্গের লার্ভা (b) ছোট কৃমি
(c) ক্ষুদ্র ক্রাস্টাসীয় সন্ধিপদী প্রাণী (d) মাছের ডিম

উত্তর: (c) ক্ষুদ্র ক্রাস্টাসীয় সন্ধিপদী প্রাণী

■ হাইড্রা আমিষ, স্নেহ ও কিছু শর্করা জাতীয় খাদ্য পরিপাক করতে পারে কিন্তু শ্বেতসার জাতীয় খাদ্য পরিপাক করতে পারে না।

17. কোনটি হাইড্রার দ্রুততম চলন প্রক্রিয়া?

- (a) সমারসল্টিং (b) লুপিং (c) গ্লাইডিং (d) ক্রলিং

উত্তর: (a) সমারসল্টিং

■ এটি হাইড্রার সাধারণ চলন পদ্ধতি। লুপিং বা হামাগুড়ি হাইড্রার বিশেষ চলন পদ্ধতি। লম্বা দূরত্ব অতিক্রম করার জন্য এই চলনের আশ্রয় নেয়।

18. হাইড্রার পুনরুৎপত্তি ও মুকুল সৃষ্টিতে অংশ নেয় কোনটি?

- (a) পেশী- আবরণী কোষ (b) জনন কোষ (c) ইন্টারস্টিশিয়াল কোষ (d) গ্রন্থি কোষ

উত্তর: (c) ইন্টারস্টিশিয়াল কোষ

■ হাইড্রার কোনো স্বাভাবিক মৃত্যু নেই। প্রতি 8৫ দিন অন্তর অন্তর Hydra র দেহের সকল কোষ ইন্টারস্টিশিয়াল কোষ দ্বারা প্রতিস্থাপিত হয়। কোষের এই বৈশিষ্ট্যকে টিপিপটেলি বলে।

19. কোন প্রাণী অযৌন ও যৌন দুভাবেই প্রজনন সম্পন্ন করে?

- (a) হাইড্রা (b) রুইমাছ (c) ঘাসফড়িং (d) মৌমাছি

উত্তর: (a) হাইড্রা

■ হাইড্রা সাধারণত দ্বি বিভাজন, মুকুলোদগমন ও যৌন উপায়ে বংশবৃদ্ধি করে। মুকুলোদগমন অযৌন জননের স্বাভাবিক প্রক্রিয়া।

হাইড্রার স্বনিষেক ঘটে না। মরুলা, ব্লাস্টুলা, গ্যাস্টুলা, হাইড্রুলা হাইড্রার পরিস্ফুটনকালীন ধাপ।

☞ মুকুল সৃষ্টি বা অযৌন জনন → গ্রীষ্মকাল

☞ যৌন জনন → শীতকালে

☞ জননাস্র সৃষ্টি → হেমন্ত ও শীতকাল

20. ঘাসফড়িং এর বহিঃকঙ্কালের বিভিন্ন অংশকে কি বলে?

- (a) ট্রোক্যান্টর (b) সূচার (c) স্ফেরাইট (d) স্টার্নাম

উত্তর: (c) স্ফেরাইট; বহিঃকঙ্কাল হাইপোডার্মিস নিঃসৃত পদার্থে সৃষ্ট। ঘাসফড়িং এর বাহ্যিক অঙ্গসংস্থান ৩টি অংশে বিভক্ত:

HAT; H → Head (মাথা), A → Abdomen (উদর), T → Thorax (বক্ষ)

মন্তক: ✓ ৬টি দ্রুণীয় খন্ডকের সমন্বয়ে গঠিত।

✓ নাশপতি আকৃতির

✓ মুখছিদ্র নিম্নমুখী বা হাইপোগন্যাথাস ধরনের।

✓ বহিঃকঙ্কাল হেড ক্যাপসুল বা এপিক্রোনিয়াম

অ্যান্টেনা: ২টি। স্পর্শ, ঘ্রান, শব্দতরঙ্গ অনুভব করে। এটি স্কেপ, পেডিসেল ও ফ্লাজেলাম তিনটি অংশে গঠিত।

পুঞ্জাঙ্কি: ২টি। দৃষ্টি শক্তি নিয়ন্ত্রন করে।

সরলাঙ্কি/ওসেলি: ৩টি। রেটিনার মতো কাজ করে।

মুখোপাঙ্গ: ৫টি। চর্বণ উপযোগী বা ম্যাডিবুলেট।

21. কোন উপাঙ্গটি ঘাসফড়িং খাদ্য কর্তনে ব্যবহার করে?

(a) ল্যাব্রাম

(b) ম্যাডিবল

(c) ম্যাক্সিলা

(d) হাইপোল্যারিংস

উত্তর: (b) ব্যাখ্যা:

ঘাসফড়িং- এর মুখোপাঙ্গের বিভিন্ন অংশ:

ল্যাব্রাম	উপরের ওষ্ঠ গঠন করে, ম্যাডিবলের দিকে খাবার ঠেলে দিতে ও স্বাদ নিতে সাহায্য করে। ঘাসফড়িং এর সিন্ধের চৌকিকে ল্যাব্রাম বলে।
ম্যাডিবল	করাতের মতো দাঁতযুক্ত ২টি উপাঙ্গের নাম ম্যাডিবল বা চোয়াল। খাদ্য কেটে নিবানোয় চোয়াল সাহায্য করে।
ম্যাক্সিলা	৪টি অংশে বিভক্ত: কার্ডে, স্টাইপস, ল্যাসিনিয়া, গ্যালিয়া। স্বাদ গ্রহণ, খাদ্য চূর্ণ করণ।
ল্যাবিয়াম	নিচের ওষ্ঠ গঠন করে। এটি খাবার ফসকে যাওয়া রোধ করে, সংবেদী অঙ্গ (ল্যাবিয়াল পাল্প) ও উপযুক্ত খাদ্য নির্বাচন করে।
হাইপো ফ্যারিংক্স	অপর নাম উপজিহ্বা যা খাদ্যবস্তুকে নড়াচড়া করে লালার সাথে মেশায়।

22. ঘাসফড়িং এর হেপাটিক সিকা কয়টি?


(a) 8

(b) 14

(c) 10

(d) 12

উত্তর: (d) ব্যাখ্যা: ঘাসফড়িং এর পৌষ্টিক গ্রন্থির একটি অংশ। হলো হেপাটিক সিকা যার সংখ্যা ৬ জোড়া বা ১২ টি।



23. ঘাসফড়িং এর সংবহনতন্ত্রের অংশ নয় কোনটি?

(a) হিমোসিল

(b) হিমোলিফ

(c) সম্মুখ বাহিকা

(d) হৃদযন্ত্র

উত্তর: (c) ব্যাখ্যা:

■ ঘাসফড়িং এর হিমোসিল ৩টি সাইনাস/ প্রকোষ্ঠে বিভক্ত:

☞ পেরিকার্ডিয়াল সাইনাস- এতে হৃদযন্ত্র অবস্থান করে।

☞ পেরিভিসেরাল সাইনাস- এতে পৌষ্টিকনালি অবস্থান করে।

☞ পেরিনিউরাল সাইনাস- এতে স্নায়ুরঞ্জু অবস্থান করে।

■ ঘাসফড়িং এর হৃৎযন্ত্র নলাকার এবং ৭টি প্রকোষ্ঠ বিশিষ্ট।

■ ঘাসফড়িংয়ের সমগ্র দেহে একবার রক্তপ্রবাহ সম্পন্ন হতে ৩০-৬০ মিনিট সময় লাগে।

■ ঘাসফড়িং এর হার্টকে নিউরোজেনিক হার্ট বলে।

24. ঘাসফড়িং এর পুঞ্জাঙ্কির কোন অংশটি আলো গ্রহন করে?

(a) কর্নিয়া

(b) র্যাবডোম

(c) কর্নিয়াজেন কোষ

(d) ক্রিস্টালাইন কোণ কোষ

উত্তর: (b) ব্যাখ্যা:

✓ কর্নিয়া: লেন্সের মতো কাজ করে।

✓ কর্নিয়াজেন কোষ: পরিনত ঘাসফড়িং এ অনুপস্থিত থাকে।

✓ ক্রিস্টালাইন কোণ কোষ: প্রতিসরনশীল অঙ্গ হিসেবে কাজ করে এবং ওমাটিডিয়ামে আলো প্রবেশে সাহায্য করে।

25. ঘাসফড়িং এর পুং প্রজননতন্ত্রের অংশ নয় কোনটি?

(a) শুক্রাশয়

(b) শুক্রধানি

(c) শুক্রথলি

(d) শুক্রনালি

উত্তর: (b) ব্যাখ্যা:

পুং জননতন্ত্র

স্ত্রীজননতন্ত্র

✓ শুক্রাশয়

✓ ডিম্বাশয়

✓ শুক্রনালি

✓ ডিম্বনালি

✓ ক্ষেপননালি

✓ যোনি

✓ সহায়ক গ্রন্থি

✓ শুক্রধানি বা স্পার্মাথিটা

✓ শুক্রথলি

✓ সহায়ক গ্রন্থি

26. উজ্জল আলোয় পুঞ্জাঙ্কি কি ধরনের প্রতিবিম্ব সৃষ্টি করে?

(a) বাইনোকুলার প্রতিবিম্ব

(b) সুপারপজিশন প্রতিবিম্ব

(c) অ্যাপোজিশন প্রতিবিম্ব

(d) মনোকুলার প্রতিবিম্ব

উত্তর: (c) ব্যাখ্যা: ঘাস ফড়িং এর পুঞ্জাঙ্কি মৃদু আলোয় সুপার পজিশন প্রতিবিম্ব এবং উজ্জল আলোয় অ্যাপোজিশন বা মোজাইক প্রতিবিম্ব গঠন করে।

ঘাস ফড়িং এর গ্রন্থিগুলোর নাম, নিঃসৃত হরমোন ও কাজ উল্লেখ করা হলো:

গ্রন্থির নাম	নিঃসৃত হরমোন	কাজ/ ভূমিকা
ইন্টারসেরিব্রাল গ্রন্থি কোষ	প্রোথোরাসিকোট্রোপিক	প্রোথোরাসিক গ্রন্থিকে উদ্দীপিত করে।
প্রোথোরাসিক কোষ	একডাইসন	মোল্টিং নিয়ন্ত্রন করে।
করপোরা অ্যালাটা	i. নিফদশার জুভেনাইল ii. প্রাপ্তবয়স্কে গোনাদোট্রোপিক হরমোন।	নিফদশার বৈশিষ্ট্য নির্ধারণ করে। জনন অঙ্গের পরিপূর্ণতা ঘটায়।
করপোরা কার্ডিয়াকা	গ্রোথ হরমোন	বৃদ্ধিতে সহায়তা করে।

■ গুরুত্বপূর্ণ তথ্যাবলি:

☞ ঘাসফড়িং এর প্রধান রেচন অঙ্গ- মালপিজিয়ান নালিকা।

☞ অসম্পূর্ণ রূপান্তরের শিশু অবস্থাকে নিফ বলে। উদাহরন: ঘাসফড়িং, তেলাপোকা।

☞ সম্পূর্ণ রূপান্তরের শিশু অবস্থাকে লার্ভা বলে। উদাহরন: মৌমাছি ও প্রজাপতি।

☞ সম্পূর্ণ রূপান্তরের ৪টি ধাপ: ডিম → লার্ভা → পিউপা → ইমাগো

■ রুইমাছ এর 14°C নিচে বাঁচতে পারে না। রুইমাছের আইশ সাইক্লয়েড ধরনের। আইশের কেন্দ্রকে ফোকাস বলে। বসন্ত ও

শীতকালে আইশের বৃদ্ধি বেশি হয়। বায়ুথলিতে নিউম্যাটিক নালি পাওয়া যায়।

গ্রীষ্মকালে

■ বায়ুথলির কাজ:

✓ প্লবতা রক্ষা

✓ অভিযোজনক্ষম ভাসাল

✓ শ্বসন

✓ প্রতিধ্বনি সৃষ্টি

✓ শব্দ উৎপাদন

✓ চাপ নিয়ন্ত্রন

30. চর্বি জাতীয় খাদ্য পরিপাকের জন্য কোনটি প্রয়োজনীয়?

(a) অ্যামাইলেজ

(b) লাইপেজ

(c) মল্টেজ

(d) ট্রিপসিন

উত্তর: (b) ব্যাখ্যা:

স্থান	খাবারের নাম	এনজাইমের নাম
মুখ গহ্বর	শর্করা	টায়ালিন, মল্টেজ
পাকস্থলী (পাকরস)	আমিষ	পেপসিন, রেনিন, জিলেটিনেস
	ম্নেহ	গ্যাস্ট্রিক লাইপেজ
অগ্ন্যাশয় রস (ক্ষুদ্রান্ত্র)	শর্করা	অ্যামাইলেজ, মল্টেজ
	আমিষ	ট্রিপসিন, কাইমোট্রিপসিন, কার্বোক্সিপেপটাইডেজ, অ্যামিনো পেপটাইডেজ, ট্রাইপেপটাইডেজ, ডাইপেপটাইডেজ, কোলাজিনেজ, ইলাস্টেজ
	ম্নেহ	লাইপেজ, ফসফোলাইপেজ, কোলেস্টেরল এস্টারেজ
আন্ত্রিক রস (ক্ষুদ্রান্ত্র)	শর্করা	অ্যামাইলেজ, আইসোমল্টেজ, মল্টেজ, সুক্রোজ, ল্যাক্টেজ
	আমিষ	অ্যামিনোপেপটাইডেজ
	ম্নেহ/ লিপিড	লাইপেজ, লেসিথিনেজ, মনোগ্লিসারাইডেজ
	নিউক্লিক এসিড	নিউক্লিয়েডেজ, নিউক্লিওটাইডেজ, নিউক্লিওসাইডেজ

✓ আমিষ + পানি $\xrightarrow{\text{পেপসিন}}$ প্রোটিনোজ + পেপটোন

✓ কেসিন (দুগ্ধ আমিষ) + পানি $\xrightarrow{\text{রেনিন}}$ প্যারাকেসিন

✓ প্যারাকেসিন $\xrightarrow{\text{পেপসিন}}$ পেপটোন

✓ ট্রিপসিনোজেন $\xrightarrow{\text{এন্টেরোকাইলেজ}}$ ট্রিপসিন

✓ কাইমোট্রিপসিনোজেন $\xrightarrow{\text{ট্রিপসিন}}$ কাইমোট্রিপসিন

✓ জিলেটিন $\xrightarrow{\text{জিলেটিনেজ}}$ পেপটোন ও পলিপেপটাইড

31. পাকস্থলির প্রাচীরে কোন কোষ মিউসিন নিঃসরণ করে?

(a) মিউকাস

(b) প্যারাইটাল

(c) পেপটিক

(d) আর্জেন্টাফিন

উত্তর: (a) ব্যাখ্যা:

✓ প্যারাইটাল/অক্সিনটিক কোষ \rightarrow HCl উৎপন্ন করে।

✓ গ্যাস্ট্রিন কোষ বা জি কোষ \rightarrow গ্যাস্ট্রিন নামক হরমোন স্রবণ করে।

✓ চীফ / জাইমোজেনিক কোষ/ পেপটিক কোষ \rightarrow পেপসিনোজেন নিঃসরণ করে।

✓ মিউকাস কোষ \rightarrow মিউসিন নিঃসরণ করে।

✓ আর্জেন্টাফিন কোষ \rightarrow গ্যাস্ট্রিক ইনট্রিনসিক ফ্যাক্টর

32. মানুষের যকৃৎের বাহিরের দিকে আবৃতকারী পর্দার নাম কি?

(a) রেনাল ক্যাপসুল

(b) বোমাস ক্যাপসুল

(c) গ্লিসনস ক্যাপসুল

(d) স্প্লিনিক ক্যাপসুল

উত্তর: (c) ব্যাখ্যা:

✓ মানুষের যকৃৎের বাহিরের দিকে আবৃতকারী পর্দার নাম গ্লিসনস ক্যাপসুল।

✓ যকৃত মানবদেহের সবচেয়ে বড় ও গুরুত্বপূর্ণ পরিপাক গ্রন্থি।

✓ ডান, বাম, কোয়াড্রেট ও কডেট নামে ৪টি অসম্পূর্ণ খন্ড নিয়ে গঠিত।

✓ ডান খন্ডটি সবচেয়ে বড়। যকৃৎের ম্যাক্রোফেজকে কাফফার কোষ বলে।

✓ যকৃত γ গ্লোবিউলিন ছাড়া সকল ধরনের প্লাজমা প্রোটিন সংশ্লেষণ করে।

33. আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্সের কোন কোষ থেকে ইনসুলিন নিঃসৃত হয়?

(a) আলফা কোষ

(b) বিটা কোষ

(c) ডেল্টা কোষ

(d) পিপি কোষ

উত্তর: (b) ব্যাখ্যা:

✓ আলফা কোষ: গ্লুকাগন হরমোন স্রবণ করে।

✓ বিটা কোষ: ইনসুলিন হরমোন স্রবণ করে।

✓ ডেল্টা কোষ: সোমোটোস্ট্যাটিন হরমোন স্রবণ করে যা α ও β কোষের স্রবণ নিয়ন্ত্রণ করে।

✓ পিপি বা গামা কোষ: প্যানক্রিয়েটিক পলিপেপটাইড স্রবণ করে।

34. নিচের কোনটি মিশ্র গ্রন্থি?

কোনটি মিশ্র গ্রন্থি নয়??

(a) অগ্ন্যাশয়

(b) শুক্রাশয়

(c) ডিম্বাশয়

(d) পিত্তাশয়

উত্তর: (d)

35. 'অ্যাম্পুলা অব ভ্যাটার' অগ্ন্যাশয় থেকে বের হয়ে নিচের কোন অঙ্গে প্রবেশ করে?

(a) ডিওডেনাম

(b) পিত্তথলি

(c) যকৃত

(d) পাকস্থলী

উত্তর: (a)

36. অতিরিক্ত খাদ্য থেকে লিভারে সঞ্চিত সুগার কোনটি?

(a) গ্লুকোজ

(b) ফুক্টোজ

(c) গ্লাইকোজেন

(d) সুক্রোজ

উত্তর: (c) ব্যাখ্যা:

✓ গ্লাইকোজেনেসিস: গ্লুকোজ → গ্লাইকোজেন

✓ গ্লাইকোজেনোলাইসিস: গ্লাইকোজেন → গ্লুকোজ

✓ গ্লাইকোলাইসিস: গ্লুকোজ → পাইরুভিক এসিড

✓ গ্লুকোনিওজেনেসিস: নন- কার্বোহাইড্রেট (অ্যামিনো এসিড, গ্লিসারল) → গ্লুকোজ

☞ গুরুত্বপূর্ণ কিছু তথ্য:

■ খাদ্যবস্তুর শোষণ:

✓ শোষণের স্থান: ক্ষুদ্রান্ত্র (৯০%), বৃহদান্ত্র ও পাকস্থলি (১০%)

✓ শোষণের অঙ্গ: ক্ষুদ্রান্ত্রের অন্তঃপ্রাচীরে অবস্থিত ক্ষুদ্র অভিক্ষেপ বা ভিলাই। মানুষের অন্ত্রে প্রায় ৫০,০০০ ভিলাই থাকে।

■ BMI এর মান ও মানুষের শ্রেণী:

বিএমআই	মানুষের শ্রেণী
< 18 – 5 kg/m ²	শরীরের ওজন কম
18.5 – 24.99 kg/m ²	স্বাভাবিক ওজন
25.0 – 29.9 kg/m ²	অতিরিক্ত ওজন
30.0 – 34.99 kg/m ²	১ম শ্রেণির স্থূলতা
35.0 – 39.99 kg/m ²	২য় শ্রেণির স্থূলতা
≥ 40.0 kg/m ²	৩য় শ্রেণির ঝুঁকিপূর্ণ স্থূলতা

☞ চিকিৎসাবিজ্ঞানের যে শাখায় স্থূলতার কারণ, প্রতিরোধ, চিকিৎসা, অস্ত্রোপচার সম্বন্ধে আলোচনা করা হয় তাকে ব্যারিয়ার্ট্রিকস বলে।

স্থূলতার কারণে যে সব রোগ হতে পারে তার মধ্যে রয়েছে- করোনারি হৃৎরোগ, টাইপ-২ ডায়াবেটিস, ক্যান্সার (স্তন, কোলন), উচ্চ

রক্তচাপ, স্ট্রোক, যকৃত ও পিত্তথলির অসুখ, স্লিপ অ্যাপনিয়া, অস্টিও- আর্থ্রাইটিস, বন্ধ্যাত্ব ইত্যাদি।

37. পূর্ণবয়স্ক সুস্থ মানুষের দেহের ওজনের কত শতাংশ রক্ত থাকে?

(a) 7 – 8%

(b) 15 – 19%

(c) 19 – 20%

(d) 10 – 15%

উত্তর: (a) ব্যাখ্যা:

☞ একজন পূর্ণবয়স্ক সুস্থ মানবদেহে প্রায় ৫-৬ লিটার রক্ত থাকে যা দেহের মোট ওজনের ৮%।

☞ রক্ত হচ্ছে এক ধরনের তরল যোজক টিস্যু। রক্ত সামান্য স্ফারীয়।

☞ প্রতি ১০০ মিলি রক্তে প্রায় ১৬ গ্রাম হিমোগ্লোবিন থাকে।

☞ রক্তের pH মাত্রা ৭.৩৫-৭.৪৫ তাপমাত্রা ৩৬-৩৮°C এবং আঃ গুরুত্ব ১.০৬৫/১.০৫-১.০৬।

38. নিম্নের কোনটি প্লাজমা প্রোটিন নয়?

(a) টাইরোসিন

(b) ফিব্রিনোজেন

(c) প্রোথ্রোম্বিন

(d) অ্যালবুমিন

উত্তর: (a) ব্যাখ্যা:

প্লাজমা প্রোটিন: ✓ অ্যালবুমিন, ✓ গ্লোবিউলিন, ✓ ফাইব্রোজেন, ✓ প্রোথ্রোম্বিন

39. স্তন্যপায়ীর নিউক্লিয়াসবিহীন কোষ কোনটি?

- (a) নিউরন (b) লোহিত রক্তকণিকা
(c) পেশি কোষ (d) শ্বেত রক্তকণিকা

উত্তর: (b) ব্যাখ্যা: লোহিত রক্তকণিকাঃ

- ✓ দ্বিঅবতল, নিউক্লিয়াসবিহীন, অক্সিজেনবাহী হিমোগ্লোবিনযুক্ত লাল কণিকা।
- ✓ আয়ুষ্কাল ১২০ দিন।
- ✓ লোহিত রক্ত কণিকা তৈরির প্রক্রিয়াকে এরিথ্রোপয়েসিস বলে।
- ✓ লাল অস্থিমজ্জার স্টেমকোষ থেকে RBC উৎপত্তি হয়। জন্মের পূর্বে উৎপত্তিস্থল ও যকৃত ও মূত্রাশয়।
- ✓ ভ্রূণদেহে ৮০-৯০ লক্ষ, শিশুর দেহে ৬০-৭০ লক্ষ, ও পূর্ণবয়স্ক পুরুষে ৫০-৫৪ লক্ষ, পূর্ণবয়স্ক স্ত্রীদেহে ৪৪-৪৯ লক্ষ RBC থাকে।

কাজ: O₂ বহন, রক্তের ঘনত্ব ও সান্দ্রতা রক্ষা করা, অম্ল ও ক্ষারের সাম্য রক্ষা করা প্রভৃতি।

40. হেপারিন তৈরি ও নিঃসরণ করা কোন কোষের কাজ?

- (a) Lymphocyte (b) Basophil
(c) Monocyte (d) Neutrophil

উত্তর: (b)

প্রকারভেদ	রক্তকণিকা	আয়ুষ্কাল	কাজ
অ্যাগ্র্যানিউলোসাইট বা অদানাদার	মনোসাইট	২-৫ দিন	ফ্যাগোসাইটোসিস পদ্ধতিতে জীবাণু ধ্বংস করে।
	লিম্ফোসাইট	৭ দিন	এন্টিবডি সৃষ্টি করে, এদের আণুবীক্ষণিক সৈনিক বলে।
গ্র্যানিউলোসাইট বা দানাদার (লিম্ফোসাইট রক্তকে রঞ্জিত)	নিট্রোফিল	২-৫ দিন	ফ্যাগোসাইটোসিস পদ্ধতিতে জীবাণু ধ্বংস করে।
	ইওসিনোফিল	৮-১২ দিন	এলার্জি প্রতিরোধ করে ও কৃমির লার্ভা ধ্বংস করে।
	বোসোফিল	১২-১৫ দিন	হেপারিন ও হিস্টামিন নিঃসৃত করে।

41. রক্তে শ্বেত কণিকার মধ্যে কোনটির সংখ্যা সর্বাধিক?

- (a) ইওসিনোফিল (b) নিউট্রোফিল (c) লিম্ফোসাইট (d) বোসোফিল

উত্তর: (b)

42. কোনটি শ্বেত রক্ত কণিকার কাজ নয়?

- (a) জীবাণু ভক্ষণ করে ধ্বংস করা (b) অ্যান্টিবডি তৈরি করে রোগ প্রতিরোধ করা
(c) হিস্টামিন সৃষ্টি করা (d) রক্তনালীর সংকোচন ঘটিয়ে রক্তপাত বন্ধ করা

উত্তর: (d)

43. মানুষের স্বাভাবিক রক্তক্ষরণ কাল-

- (a) ৫-৭ মিনিট (b) ১২-১৪ মিনিট
(c) ১-৪ মিনিট (d) ৪০-৫৫ মিনিট

উত্তর: (c) ব্যাখ্যা: মানুষের স্বাভাবিক রক্তক্ষরণকাল হলো ১-৪ মিনিট। স্বাভাবিক অবস্থায়। মানুষের তজ্জনকাল ৪-৫ মিনিট।

জমাটবদ্ধ রক্তের জলীয় অংশকে বলা হয় রক্তের সিরাম। সিরামে ফাইব্রিনোজেন থাকে না। রক্তজমাট না বাঁধাকে হিমোফিলিয়া বলে।

44. মানুষের হৃদপিণ্ডের কোন প্রকোষ্ঠের প্রাচীর সবচেয়ে পুরু?

- (a) ডান নিলয় (b) ডান অলিন্দ (c) বাম নিলয় (d) বাম অলিন্দ

উত্তর: (c) ব্যাখ্যা: → মানুষের হৃৎপিণ্ড ৪ প্রকোষ্ঠ বিশিষ্ট।

✓বাম ভেন্ট্রিকলের প্রাচীর ডান ভেন্ট্রিকলের প্রাচীর অপেক্ষা ৩ গুণ বেশি পুরু

■ হৃৎপিণ্ডের প্রাচীর ৩ স্তর বিশিষ্ট। যথা:

☞ এপিকার্ডিয়াম - বাইরের স্তর, চর্বি লেগে থাকে।

☞ মায়োকার্ডিয়াম - মধ্যবর্তী স্তর, হৃৎপিণ্ডের সংকোচন ও প্রসারণে সহায়তা করে।

☞ এন্ডোকার্ডিয়াম - ভেতরের স্তর, অন্তঃপ্রাচীর গঠন।

45. ডান নিলয় ও পালমোনারী ধমনীর সংযোগস্থলে কোন কপাটিকা থাকে?

(a) ট্রাইকাসপিড কপাটিকা

(b) পালমোনারী কপাটিকা

(c) বাইকাসপিড কপাটিকা

(d) থিবেসিয়ান কপাটিকা

উত্তর: (b)

■ হৃৎপিণ্ডের বিভিন্ন কপাটিকার অবস্থান:

কপাটিকার নাম	অবস্থান
ট্রাইকাসপিড কপাটিকা	ডান অলিন্দ ও ডান নিলয়ের সংযোগস্থলে।
বাইকাসপিড বা মাইট্রাল কপাটিকা	বাম অলিন্দ ও বাম নিলয়ের সংযোগস্থলে।
পালমোনারী কপাটিকা	ডান নিলয় ও পালমোনারী ধমনীর সংযোগস্থলে।
অ্যাওর্টিক কপাটিকা	বাম নিলয় ও অ্যাওর্টার সংযোগস্থলে অবস্থিত।
থিবেসিয়ান কপাটিকা	করোনারী সাইনাস ও ডান অলিন্দের সংযোগ স্থলে।
ইউস্টেশিয়ান কপাটিকা	ইনফিরিয়র ভেনাক্যাভা ও ডান অলিন্দের সংযোগস্থলে।

46. নিলয়ের ডায়াস্টলের জন্য নিম্নের কোনটি সঠিক?

(a) 0.5

(b) 0.7

(c) 0.1

(d) 0.3

উত্তর: (a) ব্যাখ্যা: হৃৎপিণ্ডের সংকোচন ও প্রসারণকে সিস্টোল ও ডায়াস্টোল বলে।

☞ একজন প্রাপ্তবয়স্ক সুস্থ ব্যক্তির প্রতি মিনিটে হৃৎস্পন্দন হয় ৭০-৮০/৭২-৭৫ বার।

☞ সদ্যজাত শ্রুণের হৃৎগতি মিনিটে ১৪০-১৫০ বার।

☞ কার্ডিয়াক চক্রের সময়কাল ০.৮ সেকেন্ড।

■ হৃৎচক্রের বিভিন্ন ধাপের সময়কালঃ

• অলিন্দের সিস্টোল- ০.১ সেকেন্ড

• অলিন্দের ডায়াস্টোল- ০.৭ সেকেন্ড

• নিলয়ের সিস্টোল- ০.৩ সেকেন্ড

• নিলয়ের ডায়াস্টোল- ০.৫ সেকেন্ড

47. হৃৎপিণ্ডের পেসমেকার বলা হয় কোনটিকে?

(a) SAN

(b) AVN

(c) Bundle of His

(d) Purching fibre

উত্তর: (a) ব্যাখ্যা: হৃৎপিণ্ডের সংকোচন প্রসারণের উদ্দীপনা:

☞ সাইনো অ্যাট্রিয়াল নোডে (S.A. Node): হৃৎপিণ্ডের সংকোচন প্রসারণের উদ্দীপনা এই স্থান থেকেই সৃষ্টি হয়।

☞ অ্যাট্রিও ভেন্ট্রিকুলার নোডে (A.V. Node): S.A. Node থেকে উদ্দীপনা বাউল অব হিজ এ সঞ্চরিত করে।

☞ বাউল অব হিজ: AV. Node থেকে উদ্দীপনা নিলয় প্রাচীরে সঞ্চরিত করে।

☞ পার্কিনজি তন্তু: নিলয়দ্বয়ের সংকোচন ঘটতে সাহায্য করে।

48. হৃৎপিণ্ডের প্রাথমিক রোগ নির্ণয়ে কোন পরীক্ষা করা হয়?

(a) ইসিজি

(b) ইটিটি

(b) (c) রক্তের BNP

(d) এনজিওগ্রাম

উত্তর: (a)

- ☞ বুকের X – ray করানোর মাধ্যমে হৃৎপিণ্ডের অবস্থা জানা যায়।
- ☞ ইসিজি (Electrocardiogram) হৃৎপিণ্ডের প্রাথমিক রোগ নির্ণয়ে সাহায্য করে।
- ☞ ইটিটি (Exercise Tolerance Test)-র সাহায্যে হৃৎপিণ্ডের অবস্থা বা কার্যক্ষমতা ভালোভাবে জানা যায়।
- ☞ রক্তের BNP (Brain Natriuretic Peptide) পরীক্ষার মাধ্যমে হার্ট ফেইলিউর সম্পর্কে নিশ্চিত হওয়া যায়।
- ☞ করোনারি এনজিওগ্রাম-এর সাহায্যে হৃৎপিণ্ডের রক্তনালিতে কোনো ব্লক আছে কিনা তা দেখা হয়।
- ☞ হৃৎপিণ্ডের পেশির অবস্থা জানা যায় MRI (Magnetic Resonance Imaging) পরীক্ষার মাধ্যমে।
- ☞ উচ্চ রক্তচাপ, রক্তে শর্করা ও চর্বি পরিমাণ নির্ণয়ের পরীক্ষা করে হৃদরোগ সম্পর্কে ধারণা পাওয়া যায়।
- ☞ হার্ট অ্যাটাক হলে Troponion – 1 পরীক্ষার মাধ্যমে নিশ্চিত হওয়া যায়

49. কৃত্রিম পেসমেকার যন্ত্রে কোন ব্যাটারি ব্যবহৃত হয়?

- (a) Ni – Cd ব্যাটারি (b) Li ব্যাটারি
(c) L⁺ ব্যাটারি (d) শুষ্ক ব্যাটারি
- উত্তর: (b)

50. কোনটি এনজিওপ্লাস্টি প্রকারভেদ নয়?

- (a) করোনারি স্টেন্টিং (b) অ্যাথেরেকটমি
(c) বেলুন এনজিওপ্লাস্টি (d) করোনারি আর্টারি বাইপাস গ্রাফটিং
- উত্তর: (d)

➤ এনজিওপ্লাস্টি হচ্ছে কোন অস্ত্রপাচার ছাড়া হৃৎপিণ্ডের সংকীর্ণ হয়ে যাওয়া লুমেন প্রসারিত করা। ৪ প্রকার:

১. বেলুন এনজিওপ্লাস্টি ২. লেজার এনজিওপ্লাস্টি
৩. অ্যাথেরেকটমি এনজিওপ্লাস্টি ৪. করোনারি স্টেন্টিং

➤ করোনারি আর্টারি বাইপাস গ্রাফটিং এর মাধ্যমে অস্ত্রপাচার করে ধমনি বা শিরা কেটে এনে রক্ত ধমনির পাশে স্থাপন করা হয়।

■ এক্সট্রী তথ্য:

রক্তনালি	উৎপত্তিস্থল	সমাণ্টিস্থল
i. ধমনি	হৃৎপিণ্ড	কৈশিক জালিকা
ii. শিরা	কৈশিক জালিকা	হৃৎপিণ্ড
iii. পালমোনারি ধমনি	ডান নিলয়	ফুসফুস
iv. পালমোনারি শিরা	ফুসফুস	বাম অলিন্দ
v. মহাধমনি	বাম নিলয়	-

51. ফুসফুস আবৃত থাকে যে পর্দা দ্বারা তাকে বলা হয়-

- (a) পেরিকার্ডিয়াম (b) পেরিঅস্টিয়াম
(c) প্লুরা (d) পেরিকন্ড্রিয়াম

উত্তর: (c) ব্যাখ্যা:

- ✓ হৃদপিণ্ডের আবরণ → পেরিকার্ডিয়াম
✓ পেশিকোষের আবরণ → সারকোলেমা
✓ ভাইরাসের আবরণ → ক্যাপসিড
✓ যকৃতের আবরণ → গ্লিসনস ক্যাপসুল
✓ ফুসফুসের আবরণ → প্লুরা
- ✓ মস্তিষ্কের আবরণ → মেনিনজেস
✓ কোষ গহ্বরের আবরণ → টনোপ্লাস্ট
✓ অস্থির আবরণ → পেরিঅস্টিয়াম
✓ তরুনাস্থির আবরণ → পেরিকন্ড্রিয়াম

52. সারফেকট্যান্ট কোথায় পাওয়া যায়?

- (a) অ্যালভিওলাসে (b) সাইনাসে (c) ব্রঙ্কিওলে (d) ট্র্যাকিয়াতে

উত্তর: (a) ব্যাখ্যা:

- ☞ অ্যালভিওলাস ফুসফুসের কার্যকরী একক।
- ☞ অ্যালভিওলাস প্রাচীর চাপা স্কোয়ামাস এপিথেলিয়াল কোষ দ্বারা গঠিত। এটি ফ্যাগোসাইটিক অ্যালভিওলার ম্যাক্রোফেজ ধারণ করে।
- ☞ অ্যালভিওলাস প্রাচীরে সেপ্টাল নামক বিশেষ ধরনের কোষ থাকে। যা প্রাচীরের ভিতরের দিকে সারফ্যাকট্যান্ট নামক ডিটারজেন্ট এর অনুরূপ ফসফোলিপিড রাসায়নিক পদার্থ নিঃসরণ করে। ২৩ সপ্তাহ বয়স্ক মানবক্রমে প্রথম সরফেকট্যান্ট ক্ষরণ হয়।

53. ব্রঙ্কাস যে অংশে ফুসফুসে প্রবেশ করে তাকে কী বলে?

- (a) ব্রঙ্কিওল (b) লোবিউল (c) অ্যাদ্রিয়াম (d) হাইলাম

উত্তর: (d) ব্যাখ্যা:

- **ফুসফুস:** দ্বিস্তরী প্লিউরাল পর্দা দ্বারা আবৃত থাকে। ভিতরের পর্দাকে ভিসেরাল প্লিউরা এবং বাইরের পর্দাকে প্যারাইটাল প্লিউরা বলে। দুই স্তরের মাঝখানে প্লিউরাল রস নামক এক ধরনের রস থাকে। ডান ফুসফুসে আকারে বড়, তিন লোব বিশিষ্ট। বাম ফুসফুস আকারে ছোট, দুই লোব বিশিষ্ট। ডান ফুসফুসে ১০ টি এবং বাম ফুসফুসে ৮ টি সেগমেন্ট থাকে।

54. "Adam's Apple" কোথায় দেখা যায়?

- (a) ফুসফুসে (b) অ্যালভিওলাসে (c) ক্ষুদ্রান্তে (d) স্বরযন্ত্রে

উত্তর: (d) ব্যাখ্যা: স্বরযন্ত্র কয়েকটি তরুণাস্থি (থাইরয়েড, ক্রাইনয়েড, অ্যারিটিনয়েড) টুকরায় গঠিত। এদের মধ্যে থাইরয়েড তরুণাস্থি সবচেয়ে বড় এবং এটি গলার সামনে উঁচু হয়ে উঠে, (পুরুষে) একে "Adam's Apple" বলে। স্বরযন্ত্রের উপরে একটি ছোট এপিগ্লটিস থাকে। এপিগ্লটিস খাদ্য গলাঃধকরণের সময় স্বরযন্ত্রের মুখটি বন্ধ করে দেয়।

55. শ্বসনতন্ত্রের কোন অংশে সিলিয়াযুক্ত মিউকাস ক্ষরণকারী কোষ থাকে?

- (a) ভেস্টিবিউল (b) নাসাগহ্বর (c) পশ্চাৎ নাসারন্ধ্র (d) নাসাগলবিল

উত্তর: (b) ব্যাখ্যা: নাসাগহ্বরের ভেস্টিবিউলের পরের অংশ। নাসাগহ্বরের প্রাচীরে সিলিয়াযুক্ত মিউকাস ক্ষরণকারী ও অলফ্যাক্টরি কোষ থাকে। এটি আগত প্রাশ্বাস বায়ুকে কিছুটা সিক্ত করে। এর কাজ হলো: সিলিয়াযুক্ত ও মিউকাস কোষগুলো ধূলাবালি ও রোগজীবাণু আটকে দেয় এবং অলফ্যাক্টরি কোষ ঘ্রান উদ্দীপনা গ্রহণে সাহায্য করে।

56. নিচের কোনটি মানবদেহের শ্বসনতন্ত্রের বায়ু পরিবহন অঞ্চল নয়?

- (a) শ্বাসনালী (b) ব্রঙ্কাস
(c) প্রান্তীয় ব্রঙ্কিওল (d) অ্যালভিওলার নালী

উত্তর: (d) ব্যাখ্যা:

- ☞ **বায়ু গ্রহণ ও ত্যাগ অঞ্চল :** সম্মুখ নাসারন্ধ্র, ভেস্টিবিউল, নাসাগহ্বর, পশ্চাৎ নাসারন্ধ্র, নাসাগলবিল, স্বরযন্ত্র।
- ☞ **বায়ু পরিবহন অঞ্চল:** ট্রাকিয়া (শ্বাসনালী), ব্রঙ্কাস, প্রান্তীয় ব্রঙ্কিওল।
- ☞ **শ্বসন অঞ্চল:** শ্বসন ব্রঙ্কিওল, অ্যালভিওলার নালী, অ্যাদ্রিয়াম, অ্যালভিওলার থলি, অ্যালভিওলাস।

57. ফুসফুসের সর্বমোট বায়ু ধারণ ক্ষমতাকে কী বলে?

- (a) ভাইটাল ক্যাপাসিটি (b) টাইডাল ভলিউম
(c) রেসিডুয়াল ভলিউম (d) পালমোনারি ভলিউম
- উত্তর: (a) ব্যাখ্যা: ✓ টাইডাল ভলিউম- 500 ml ✓ রেসিডুয়াল ভলিউম- 1500 ml
✓ ভাইটাল ক্যাপাসিটি - 4500 ml ✓ দৌড়বিদদের V. T. C = 6000 ml

58. রক্তে CO₂ পরিবহনের মাধ্যম নয় কোনটি?

- (a) কার্বনিক এসিড (b) বাইকার্বনেট যৌগ
(c) কার্বন মনোঅক্সাইড (d) কার্বামিনো যৌগ

উত্তর: (c) ব্যাখ্যা: রক্তে CO₂ পরিবাহিত হয় ৩টি মাধ্যমে। যথা:

- ✓ কার্বনিক এসিড/ ভৌত দ্রবণরূপে (৫%)
- ✓ কার্বামিনো যৌগরূপে (২৭%)
- ✓ বাইকার্বনেট যৌগ রূপে (৬৫%)

59. কোনটি প্যারানাসাল সাইনাস নয়?

(a) ফ্রন্টাল সাইনাস

(c) স্ফেনয়ডাল সাইনাস

(b) ম্যাক্সিলারি সাইনাস

(d) অক্সিপিটাল সাইনাস

উত্তর: (d) ব্যাখ্যা: মানুষের দেহে ৪ জোড়া প্যারানাসাল সাইনাস বা সাইনাস থাকে। যথা:

✓ ম্যাক্সিলারি: গালে অবস্থিত।

✓ ফ্রন্টাল: চোখের উপরে

✓ এথময়েডাল: চোখের মাঝখানে

✓ স্ফেনয়ডাল: এথময়েড সাইনাসের পিছনে

60. কোন রেগে অ্যালভিওলাস ফেটে ফুসফুসে ফাঁকা জায়গার সৃষ্টি করে?

(a) ব্রঙ্কাইটিস

(c) প্ল্যুরেসি

(b) এমফাইসেমা

(d) নিউমোনিয়া

উত্তর: (b) ব্যাখ্যা: মধ্যকর্ণের সংক্রমণকে ওটিসিস মিডিয়া বলে।

■ পরিণত মানব কঙ্কালের অস্থিসমূহ:

✓ ভ্রূণীয় মেসোডার্ম থেকে উদ্ভূত অস্থি ও তরুণাস্থি নামক যোজক টিস্যু সমন্বয়ে গঠিত।

✓ মানবকঙ্কালতন্ত্রের ৫টি প্রধান উপাদান: (i) অস্থি, (ii) কোমলাস্থি/তরুণাস্থি, (iii) লিগামেন্ট, (iv) টেনডন, (v) অস্থিসন্ধি

✓ মানবকঙ্কালতন্ত্রে ২০৬টি হাড় বিদ্যমান।

✓ মানব শিশুতে জন্মের সময় ৩০০টি অস্থি থাকে।

✓ পরিণত বয়সে ৫টি শ্রোণীদেশীয়/স্যাক্রাল কশেরুকা মিলিত হয়ে একটি সাধারণ স্যাক্রাম এবং পুচ্ছদেশীয় বা কক্সিজিয়াল কশেরুকা একত্রে মিলিত হয়ে একটি সাধারণ কক্সিক্স গঠন করে।

61. করোটিকার জোড় অস্থি কোনটি?

(a) ফ্রন্টাল

(b) স্ফেনয়েড

(c) প্যারাইটাল

(d) এথময়েড

উত্তর: (c) ব্যাখ্যা:

করোটিকা(৮টি)	অস্থি	ফ্রন্টাল অস্থি	প্যারাইটাল অস্থি	টেমপোরাল অস্থি	অক্সিপিটাল অস্থি	স্ফেনয়েড অস্থি	এথময়েড অস্থি
	সংখ্যা	১ টি	২ টি	২ টি	১ টি	১ টি	১ টি

62. কোনটি মানুষের মুখমন্ডলীয় অস্থি নয়?

(a) ন্যাসাল অস্থি

(c) এথময়েড অস্থি

(b) ম্যাক্সিলা অস্থি

(d) ম্যান্ডিবল অস্থি

উত্তর: (c)

☞ মুখমন্ডলীয় অস্থিসমূহ: ম্যাক্সিলা, ম্যান্ডিবল, জাইগোম্যাটিক, ন্যাসাল, ল্যাক্রিমাল, ইনফিরিয়র ন্যাসাল কঙ্কা, ভোমার, প্যালেটাইন।

63. মানবদেহের থোরাসিক কশেরুকা কয়টি?

(a) ৭টি

(b) ৫টি

(c) ১২টি

(d) ৮টি

উত্তর: (c)

✓ অবস্থান অনুযায়ী কশেরুকা কাকে নিম্নোক্ত ৫ টি ভাগে ভাগ করা যায় :

✓ সারভাইকাল (গ্রীবাদেশীয়) কশেরুকা- ৭টি

✓ থোরাসিক (বক্ষদেশীয়) কশেরুকা- ১২টি

✓ ল্যাম্বার (কটিদেশীয়) কশেরুকা- ৫টি

✓ স্যাক্রাল (শ্রোণীদেশীয়) কশেরুকা- ১ টি (৫ টি মিলে)

